# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Ashar 21, 1433 Bangla, July 05, 2026, Sunday, No. 180, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has stated that everyone who took to streets during July mass uprising, regardless of party affiliations, must be respected & honored for their sacrifices. (Jago News: 13)

Prime Minister Tarique Rahman has presented "July Memorial Awards" to families of martyrs and those injured in July Movement. (Jago News: 17)

Tarique Rahman has directed authorities concerned to expedite process of reopening closed and unprofitable state-owned mills and factories through local and foreign investment. (R. Today: 20)

Home Minister has said Awami League, whose activities are currently banned, will be brought under law as a political party on charges of terrorist activities. (R. Today: 24)

Finance Minister has commented that country's economy will rebound if the budget for current fiscal year is implemented properly. (Jago News: 14)

Six days of funeral ceremonies have begun for Iran's late Supreme Leader Ayatollah Ali Khamenei, attended by huge crowd. (BBC: 06)

Speaker Hafiz Uddin Ahmad, participating Khamenei funeral ceremonies, has expressed hope that peace agreement signed between Iran & US will bring lasting peace & stability to entire region, including Iran. (Jago News: 16)

DSCC has organised a simultaneous 'Cleaning Day' programme across its 10 administrative zones, seeking to strengthen public participation in maintaining urban cleanliness & preventing dengue. (Jago News: 16)

BGB mmebers with support from villagers have foiled an attempt by BSF to push 12 people into Bangladesh through Chakpara border of Chapainawabganj. (Jago News: 14)

An unexploded mortar shell has been recovered inside Bangladesh on Bhabanipur border in Durgapur upazila of Netrokona. (Jago News: 18)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**আষাঢ় ২১, বাংলা ১৪৩৩, জুলাই ০৫, ২০২৬, রবিবার, নং- ১৮০, ৫৬তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন , জুলাই গণঅভ্যুত্থানে দল-মত ভুলে রাস্তায় নেমে আসা সকল মানুষদের সম্মান করতে হবে। (জাগো নিউজ: ১৩)

জুলাই আন্দোলনে শহীদ পরিবার ও আহতদের হাতে স্মৃতি স্মারক তুলে দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। (জাগো নিউজ: ১৭)

দেশি-বিদেশি বিনিয়োগের মাধ্যমে অলাভজনক ও বন্ধ রাষ্ট্রায়ত্ত কলকারখানা পুনরায় চালুর প্রক্রিয়া দ্রুত শেষ করা র নির্দেশ তারেক রহমানের । (রে. টুডে: ২০)

সন্ত্রাসী কর্মকাণ্ডের অভিযোগে নিষিদ্ধ আওয়ামী লীগকে রাজনৈতিক দল হিসেবে আইনের আওতায় এনে বিচার করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্র মন্ত্রী। (রে. টুডে: ২৪)

চলতি অর্থবছরের বাজেট যথাযথভাবে বাস্তবায়িত হলে দেশের অর্থনীতি ঘুরে দাঁড়াবে বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী । (জাগো নিউজ: ১৪)

অগণিত মানুষের অংশগ্রহণে ইরানের প্রয়াত সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলী খামেনির অন্ত্যেষ্টিক্রিয়ার ছয় দিনব্যাপী রাষ্ট্রীয় আনুষ্ঠানিকতা শুরু। (বিবিসি: ০৬)

জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ খামেনির অন্ত্যেষ্টিক্রিয়ায় অংশগ্রহণ করে আশা প্রকাশ করেন , ইরান ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে স্বাক্ষরিত শান্তি চুক্তি ইরানসহ সমগ্র অঞ্চলে স্থায়ী শান্তি ও স্থিতিশীলতা নিয়ে আসবে। (জাগো নিউজ: ১৬)

পরিচ্ছন্ন ও ডেঙ্গুমুক্ত নগর গঠনে নাগরিকদের সম্পৃক্ত করতে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন ১০টি অঞ্চলে একযোগে ‘ক্লিনিং ডে’ কর্মসূচি পালন করেছে। (জাগো নিউজ: ১৬)

চাঁপাইনবাবগঞ্জ সীমান্ত দিয়ে বিএসএফের ১২ জনকে বাংলাদেশে পুশ-ইন এর চেষ্টা বিজিবি ও স্থানীয় গ্রামবাসীর যৌথ তৎপরতায় ব্যর্থ হয়েছে। (জাগো নিউজ: ১৪)

নেত্রকোনার দুর্গাপুর উপজেলার ভবানীপুর সীমান্তের বাংলাদেশের অভ্যন্তরে একটি অবিস্ফোরিত মর্টার শেল উদ্ধার করা হয়েছে। (জাগো নিউজ: ১৪)

# বিবিসি

## তুরাগে আওয়ামী লীগের মিছিলকে ঘিরে২২ জুন কী ঘটেছিল?

সম্প্রতি তুরাগ নদের আশুলিয়া ঘাটে কার্যক্রম নিষিদ্ধ দল আওয়ামী লীগের সাতজন নেতা -কর্মী গ্রেফতারের সময় ধাওয়া খেয়ে নদীতে ডুবে নিখোঁজের অভিযোগ এবং পরবর্তীকালে ওই নদে একাধিক মরদেহ উদ্ধার বাংলাদেশে ব্যাপক আলোচনার জন্ম দেয়। ঘটনাটিকে কেন্দ্র করে সামাজিক যোগাযোগ মাধ্যমে নানারকম গুজব , সন্দেহ এবং সমালোচনা হয়েছে। ২২ জুন ৬০-৬৫জন নেতাকর্মী দলের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে মিছিল করে তুরাগ নদে ট্রলার নিয়ে আশুলি য়া ঘাটে যাওয়ার পর গ্রেফতার হয়। সেখানে হামলা ও ধাওয়া খেয়ে পা নিতে ডুবে সাতজনের নিখোঁজ হওয়ার অভিযোগ করেন আওয়ামী লীগ কর্মীরা। এরপর তুরাগ থেকে চারদিনে তিনটি মরদেহ উদ্ধার হওয়ার ঘটনায় ব্যাপক কৌতূহল সৃষ্টি হয়। আশুলিয়ায় কী ঘটেছিল , এ ব্যাপারে পরিস্কার ধারণা পেতে বিবিসি বাংলার পক্ষ থেকে প্রত্যক্ষদর্শী , পুলিশ, নিহতের পরিবার এবং মিছিলে অংশ নেওয়া একজন আওয়ামী লীগ কর্মীর সঙ্গে কথা বলা হয়েছে। আশুলিয়া পুলিশ সাতজনকে গ্রেফতারের ঘটনাস্থল থেকে তুরাগ নদে পড়ে নিখোঁজ ও মৃত্যুর অভিযোগ ভিত্তিহীন বলে দাবি করেছে। কিন্তু ওই ঘটনার পর তুরাগের বিভিন্ন স্থানে চারটি লাশ উদ্ধার হওয়ায় পর তাদের পরিচয় নিয়ে আগ্রহ সৃষ্টি হয়। ২২ জুনের পর তুরাগ নদে যাদের মরদেহ উদ্ধার হয়, তাদের অন্তত দু-জন সেদিন মিছিলে অংশ নিয়েছিলেন বলে আওয়ামী লীগ কর্মীদের দাবি। তুরাগে মিছিলে অংশ নেওয়া একজন আওয়ামী লীগ কর্মী বিবিসি বাংলার কাছে দাবি করেছেন , তুরাগে উদ্ধার তিনজনের মধ্যে আরিফ এবং সুমন ২২ জুনের মিছিলের পর তুরাগে নিখোঁজ হয়েছিলেন। তার দাবি , সুমন যুবলীগ এবং আরিফ ছাত্রলীগ করতেন। আশুলিয়ায় গ্রেফতার হওয়া কর্মীদের সঙ্গে মিছিল করা ওই আওয়ামী লীগ কর্মী নিরাপত্তার জন্য নিজের নাম পরিচয় প্রকাশ করতে চাননি। ঘটনাস্থল থেকে তিনি নিজেও পানিতে লাফিয়ে আত্মগোপন করেছেন। এখনো তিনি পালিয়ে বেড়াচ্ছেন।

### ২২ জুন কী ঘটেছিল?

মিছিলে অংশ নেওয়া ওই ব্যক্তি বলেন , দলের ৭৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আওয়ামী লীগের ব্যানারে একটা মিছিলের পরিকল্পনা করা হয়। সে অনুযায়ী তুরাগ বেড়িবাঁধে পঞ্চবটি এবং রুস্তমপুর ঘাটের মাঝামাঝি এলাকা য় মিছিল শেষ করে তারা নদী পথে ট্রলারে করে নিরাপদে সটকে পড়তে চেয়েছিলেন। তার দাবি অনুযায়ী , সেদিন দুপুরের পর মিছিল শেষ করে ষাট থেকে পঁয়ষট্টি জন কর্মী একসঙ্গে তুরাগ নদে ট্রলারে উঠেছিলেন। "আমরা রুস্তমপুর নামার চেষ্টা করছিলাম পারি নাই, সামনে গিয়ে চেষ্টা করি, সেখানেও পারি নাই। মনে করছিলাম যে , আশুলিয়া যে এলাকায় ট্রলার ভিড়াইছি ওই জায়গাটা সেইফ হবে।" তার ভাষায় দলের প্রতিষ্ঠাবার্ষিকীর আগে তাদের মিছিল কর্মসূচিকে ঘিরে তুরাগ থানার পুলিশ এবং রাজনৈতিক দলের নেতা -কর্মীরা সতর্ক অবস্থানে ছিল , এমন একটি ধারণা তারা পেয়েছিলেন। এছাড়া সড়ক পথে তুরাগ থানা ও পুলিশের উপস্থিতি এড়িয়ে তারা নিরাপদ স্থানে নেমে যে যার গন্তব্যে চলে যেতে চেয়েছিলেন। মিছিলের পর ট্রলারে উঠেছিলেন কেন - এ প্রশ্নে তিনি বলেন, "যেহেতু মিছিল শেষ, পুলিশ টহল দিচ্ছে, বিএনপি জামায়াতসহ কর্মীরা আমাদের খোঁজ নিচ্ছে, তারা ধরতে পারলে আমাদের মারবে, ধাওয়া দেবে, সেজন্য আমরা নদী পথে অন্য জায়গায় চলে যাওয়ার চেষ্টা করেছি , সেইফ এক্সিট নেওয়ার জন্য , ওই স্থান ত্যাগ করার জন্য।" আওয়ামী লীগ কর্মীর অভিযোগ, ২২ জুন তুরাগ ও আশুলিয়া ঘাটের সঙ্গে আগে থেকেই পরিকল্পনা করে তাদের উপর হামলা করা হয়েছে। "ট্রলার লাগানোর সাথে সাথে পুলিশ বিএনপি জামায়াতের লোকেরা আমাদের উপর হামলা চালায়। এক পর্যায়ে নেতা-কর্মীরা ছন্নছাড়া হয়ে, যে যেভাবে পারে এদিক-সেদিক পালিয়ে যায় এবং আমাদের সাতজন নেতা-কর্মীকে আটক করে। এক পর্যায়ে কিছুকর্মী পানিতে লাফ দেয় এবং প্রাথমিকভাবে সাতজন কর্মী নিখোঁ জ হয়।" আওয়ামী লীগ কর্মীর দাবি , নিখোঁজ সাতজনের মধ্যে তিনজনের মরদেহ উদ্ধার হয়েছে , বাকি চারজনের সঙ্গে যোগাযোগ করতে না পারলেও, তারা জীবিত আছেন বলে তথ্য রয়েছে।

এদিকে, আশুলিয়া ঘাট এলাকা থেকে যে সাতজনকে গ্রেফতার করা হয়েছে , তারাও আইনজীবীর কাছে অভিযোগ করেছেন যে, পুলিশ এবং সাদা পোশাকের লোকজন ধাওয়া দেয়। গ্রেফতার হওয়া সাতজনের আইনজীবী হিসেবে কাজ করছেন আরিফ সরকার পাভেল । বিবিসি বাংলাকে তিনি বলেন , ২৮ জুন রিমান্ড শুনানির দিনে গ্রেফতার সাতজনের সঙ্গে তার কথা হয়। আইনজীবী মি .পাভেল আসামিদের বরাত দিয়ে বলেন , "তারা বলেছে, মিছিলের ইনফরমেশন লিক হয়ে যায়। আশুলিয়া ঘাটে যাওয়ার পরে তুরাগের নেতা -কর্মীরা ফোনযোগে জানায় এবং আশুলিয়া ঘাটে যায়। আশুলিয়ার নেতা-কর্মী এবং আশুলিয়ার পুলিশ যখন ঘাটে নৌকা ভিড়ায়, তখনই ধাওয়া দেয়, হামলা করে। নৌকাতে হামলা করার পরে যে যারমতো পালাতে শুরু করে। এখান থেকে সাতজনকে গ্রেফতার করে আর কিছু মানুষ নদীতে ঝাপায়ে পড়ে।" আটকের সময় যারা নদীতে পড়েছেন , তাদের দিকে ইট -পাটকেল ছোড়া হয়েছে - এমন অভিযোগ করেছেন গ্রেফতার হওয়া সাতজন। পরিচয় গোপন রেখে আশুলিয়া এলাকার একজন প্রত্যক্ষদর্শীও জানিয়েছেন যে, ওইদিন আশুলিয়া ঘাটে কিছু মানুষকে লক্ষ্য করে ইট-পাটকেল ছোড়ার ঘটনা তার নজরে এসেছিল। তবে পরিস্থিতি দেখে আতঙ্কে তিনি দ্রুত সেখান থেকে বাড়ি চলে যান।

আইনজীবী মি. পাভেল বলেন, গ্রেফতার হওয়া সাতজনের অভিযোগ, তাদেরকে আটক করার সময় সেখানে পুলিশের বাইরে সাদা পোশাকের লোকজন ছিল, যাদেরকে বিএনপি জামায়াতের কর্মী সমর্থক বলেই তাদের মনে হয়েছে। তবে

আশুলিয়ায় বিএনপির স্থানীয় দু -জন নেতা দাবি করেছেন , রাজনৈতিক দলের নেতা -কর্মীরা কেউ সেখানে ছিল না। আশুলিয়া থানা বিএনপির সাধারণ সম্পা দক আব্দুল গফুর বলেন, "সেখানে আমাদের কোনো লোক যায় নাই। কাদের লোক গিয়েছিল জানতে চাইলে মি. গফুর বলেন, সেটা আমি বলতে পারবো না। স্বেচ্ছাসেবক দলের নেতা নূরু সরকার বলেন, "আমার জানামতে এমন কোনো ঘটনা নাই। আমি কর্মীদের অনেককে জিজ্ঞেস করছি , তারা বলে, না এমন কোনো ঘটনা নাই।"

**পুলিশের ভাষ্য**

পুলিশ আশুলিয়া ঘাট এলাকা থেকে সাতজনকে আটকের বিষয়টি মামলার এজাহারে নিশ্চিত করেছে। তবে সেখানে নদীতে পড়ে নিখোঁজ হওয়া এবং কোনোরকম হামলার খবর ভিত্তিহীন বলে দাবি করে ছে। নদীতে উদ্ধার হওয়া লাশের সঙ্গে ওই ঘটনার কোনো সম্পর্ক নেই বলেও পুলিশ দাবি করেছে। আশুলিয়া থানার এসআই রাশেদুদ জামানের দাবি , সেদিন ছয়জন পুলিশ কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের বিভিন্ন সংগঠনের সাতজনকে আটক করেছিলেন। আশুলিয়া ঘাট থেকে সাতজনকে গ্রেফতারের ঘটনায় ২২ জনের নাম উল্লেখ করে অজ্ঞাত ৪০/৪৫ জনের বিরুদ্ধে সন্ত্রাস বিরোধী আইনে মামলা হয়েছে। এসআই রাশেদুদ জামান মামলার এজাহারে উল্লেখ করেছেন, বিশেষ অভিযানের ডিউটির সময় ২২ জুন আনুমানিক বিকেল ৩ ঘটিকার সময় আশুলিয়া বাসস্ট্যান্ড থেকে গোপন সংবাদের ভিত্তিতে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের মিছিলের প্রস্তুতির খবর পান। বিকেল সাড়ে ৩টার দিকে ট্রলার ঘাটে মিছিলের প্রস্তুতি নেওয়ার সময় সাতজনকে হাতে নাতে গ্রেফতার করেন। মি. জামান বিবিসি বাংলাকে বলেন, গ্রেফতার অভিযানের সময় কেউ নদীতে লাফিয়ে পালানোর চেষ্টা করে নিখোঁজ হয়নি। তবে পুলিশ সেখানে যাওয়ার আগেই বাকী কর্মীরা পালিয়ে যায়। "গরুর হাটের যে ঘাটটা ওইখানে ছিল সাতজন। আটকরা বলছে, আপনাদের (পুলিশ) খবর পেয়ে ছোটাছুটি করে চলে গেছে। পরে তাদের নাম বলেছে। নামগুলো আমরা এজাহারে উল্লেখ করে দিয়েছি।" তুরাগে যাদের মরদেহ পাওয়া গেছে , তারা সেখানে ছিল না বলে দাবি করছে পুলিশ। এসআই রাশেদুদ জামান বলেন , "গ্রেফতার হওয়া ব্যক্তিরা তাদের নামতো বলে নাই। তাদের নামতো তাহলে এজাহারে পলাতক হিসেবে থাকতো।" যদিও মামলার এজাহারে ৪০-৪৫ জন অজ্ঞাত আসামির কথা উল্লেখ রয়েছে। অন্যদিকে, আশুলিয়া ঘাটে রাজনৈতিক দলের লোকজন হামলা বা ইট - পাটকেল ছুড়েছে- এমন অভিযোগ প্রসঙ্গে মি. জামান বলেন, "আমরা ওদেরকে দেখি নাই। আমরা এই সাতজনকে পেয়েছি, পরে নিয়ে এসে মামলা দিয়েছি।"

**নিহতদের পরিবার যা বলছে**

তুরাগে ২২ জুনের পর উদ্ধার হওয়া লাশের রা জনৈতিক পরিচয় নিয়ে পরিবারগুলোর সবার বক্ত ব্য পাওয়া যায়নি। আরিফের পরিবারের মোবাইল নম্বর বন্ধ পাওয়া গেছে। নিহত সুমনের বাবা -মা ঘর ছেড়ে অন্যত্র চলে গেছেন। পরিবারের পক্ষে তার খালু জুয়েল বাবু গণমাধ্যমে কথা বলেছেন। তিনি বিবিসি বাংলাকে বলেন, সুমন আওয়ামী লীগের রাজনীতি করে এটা তারা আগে জানতেন না। তবে ২২ তারিখ সুমনের নিখোঁজ হওয়ার খবর তারা মিছিলের কর্মীদের কাছ থেকে জেনেই থানায় যোগাযোগ এবং নদীতে তল্লাশি শুরু করেন। জুয়েল বাবু বলেন, মরদেহ উদ্ধারের সময় তার পকেট থেকে ৫টি মোবাইল ফোন উদ্ধার করা হয়। এর মধ্যে তিনটি ফোন মিছিলে থা কা অন্যান্য কর্মীদের ছিল বলে দাবি করেন বিবিসিকে সাক্ষাৎকার দেওয়া আওয়ামী লীগের কর্মী। ওই কর্মীর দাবি , "ওর পকেটে তিনটা মোবাইল দেওয়া হয়েছিল। মিছিলের সময় ভিডিও করা বা যে ভিডিও করছে, তার কাছ থেকে আনার জন্য মোবাইলগুলি দেওয়া হয়েছিল। বাকী দুটি তার ফোন।" সুমনের পরিবার জানায়, আশুলিয়া ব্রিজের গোড়ায় তার মরদেহ উদ্ধারের পর পুলিশ তাদের খবর দিয়েছে। ঘটনার চারদিন পর উদ্ধার হওয়া মরদেহে কয়েকটি লালচে দাগ ছিল , যেগুলো আঘাতের চিহ্ন বলে সন্দেহ পরিবারের। এছাড় মরদেহ উদ্ধারের সময় চোখও ছিল না। সুমনের মৃত্যুতে পরিবার একটি অপমৃত্যু মামলা করেছে। যেখানে বন্ধুদের সঙ্গে পিকনিকে গিয়ে আশুলিয়ায় পানিতে ডুবে মারা গেছে উল্লেখ করা হয়েছে। জুয়েল বাবু বলেন, "পুলিশ বলছে, একটা মামলা হবে। কার নামে মামলা করবেন, বিএনপির নামে, আওয়ামী লীগের নামে বা পুলিশের নামে করবেন ? আমরা কইছি না। আমাদের লাশটা আমাদের দিয়ে দে ন। পরে পুলিশ বলে যে - কোনো একটা মামলা করতে হবে। তখন লাশটা আমরা অপমৃত্যু মামলা করি , ওর সৎ ভাই সালাউদ্দিনকে আমি বলি সাইন করো।"

এদিকে, সুমনের নাম ও ছবি সম্বলিত ফেইসবুকে একটি অ্যাকাউন্ট ছিল , সেখানে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সমর্থনে মিছিলের একাধিক পোস্ট দেখা গেছে। ছবিতে সুমনের থাকার বিষয়টি পরিবার নিশ্চিত করেছে। যদিও ওই ফেইসবুক অ্যাকাউন্ট এখন গত সোমবার থেকে ডিজেবল হয়ে আছে। জুয়েল বাবু বলেন , "সে মিছিলে গেছিল এটা সত্য। মিছিল থেকেই পরে এ ঘটনাটা ঘটছে। আমরা কাউকে দোষী করি না। কারো প্রতি আমাদের অভিযোগ নাই। পানিতে ডুবে মারা গেছে আমরা ওইটাই বলছি।" এদিকে, ২২ জুনের পর তুরাগে উদ্ধার হওয়া মরদেহের সবকটি অপমৃত্যু মামলা হয়েছে। তবে সুমন ও আরিফ আওয়ামী লীগের মিছিলে অংশ নিয়েছিলেন বলে দাবি করা হচ্ছে। কিন্তু জেলা পুলিশের পক্ষ থেকে আনুষ্ঠানিক ব্রিফিংয়ে বলা হয়েছে, মরদেহ উদ্ধারের সঙ্গে রাজনৈতিক সংশ্লিষ্টতা নেই। আর হত্যা মামলা না হওয়ায় এসব মৃত্যু নিয়ে অনুসন্ধান হবে না। তুরাগের ঘটনা নিয়ে যেহেতু ব্যাপক আলোচনা গুজব ও সন্দেহ তৈরি হয়েছে এবং একাধিক মৃতদেহ উদ্ধার হয়েছে , তাই এর সুষ্ঠু তদন্ত হওয়া প্রয়োজন বলে মনে করেন

মানবাধিকারকর্মী নূর খান লিটন। তিনি বলেন, "যেহেতু সাতজনকে আটক করেছে, তাহলেতো কিছু মানুষতো সেখান থেকে পালিয়ে যাওয়ার চেষ্টা করেছে এবং পিছু ধাওয়া করাটাই স্বাভাবিক পুলিশের। তারপর তারা পানিতে ডুবে মারা যেতে পারে- এটা যেমন সত্য, আবার এই সন্দেহ করারও যথেষ্ট কারণ আছে যে, তাদেরকে পানিতেও পেটানো হয়েছে। অথবা তাদেরকে ওখান থেকে ধরে নিয়ে অন্যত্র নেওয়ার পর টর্চারে তারা মারা গেছে এবং পরে পানিতে ফেলা হয়েছে- এই সবকটা জিনিসই কিন্তু বিবেচনার দাবি রাখে। এটার কোনটা সত্য, এটা পরিস্কার করতে হবে পুলিশকে বা স্বাধীন একটা তদন্তের মধ্যদিয়ে।" (বিবিসি ওয়েব পেজ : ০৪.০৭.২০২৬ নারগীস)

## বিদেশি মাকড়সা কিংবা সাপ কেন আনা হচ্ছে বাংলাদেশে?

সম্প্রতি ঢাকায় মিরপুরের রূপনগর এলাকায় অভিযান চালিয়ে অবৈধভাবে সংরক্ষণ ও বিক্রির উদ্দেশ্যে রাখা বিষাক্ত ট্যারান্টুলা মাকড়শা এবং ম্যাক্সিকান ব্ল্যাক কিং স্নেকসহ বিভিন্ন প্রজাতির ১ হাজার ১০৪টি বিদেশি প্রাণী উদ্ধার করা হয়েছে। বাংলাদেশ বন বিভাগের তথ্য অনুযায়ী, মিরপুর থেকে যে-সব বিদেশি প্রাণী উদ্ধার করা হয়েছে, তার মধ্যে বিষাক্ত ট্যারান্টুলা মাকড়সা ছাড়াও কর্ণ স্নেক, ডামফি ফ্রগ, লেপার্ড গ্যাকো, সাইডনেক কচ্ছপসহ নানা ধরনের প্রাণীও রয়েছে। বিষাক্ত ও ঝুঁকিপূর্ণ হওয়া এবং জীববৈচিত্রে প্রভাব পড়ার শঙ্কা থাকায় আইন অনুযায়ী এসব প্রাণী বাংলাদেশে আনার ক্ষেত্রে নিষেধাজ্ঞা রয়েছে। কিন্তু তারপরও কেন এগুলো বিদেশ থেকে বাংলাদেশে আনা হচ্ছে? আর কীভাবেই বা বাংলাদেশের বাজারে ছড়িয়ে পড়ছে এসব বিদেশি প্রাণী। বন্যপ্রাণী বিশেষজ্ঞ এবং গবেষকরা বলছেন, আইনের তোয়াক্কা না করেই বিদেশ থেকে এসব প্রাণী বাংলাদেশে আনা হচ্ছে। যার ফলে দেশের জীববৈচিত্রে যেমন প্রভাব পড়ছে, তেমনি রোগবালাই বৃদ্ধির শঙ্কাও রয়েছে। বাংলাদেশ অ্যানিমেল ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের আহ্বায়ক আদনান আজাদ বলছেন, "বিষাক্ত ট্যারান্টুলা, মাকড়শা কিংবা ম্যাক্সিকান ব্ল্যাক কিং স্নেক বাংলাদেশের অনেকেই এখন সখের বসে পুষছেন- এমনকি অবাক করার মতো বিষয় যে, আফ্রিকার ব্যাঙও এখন লালনপালন করা হচ্ছে।" তিনি বলছেন, অনুমতি সাপেক্ষে যে-সব প্রাণী বিদেশ থেকে আনার সুযোগ রয়েছে, মূলত তার আড়ালেই অবৈধ প্রাণী বাংলাদেশে আনছেন অনেকে। বিমানবন্দরে স্বর্ণ বা অন্যান্য পণ্যের ক্ষেত্রে বাড়তি নজরদারি থাকলেও, পোষা প্রাণী আনার ক্ষেত্রে নজরদারিতে ঘাটতি রয়েছে বলেও মনে করেন তিনি।

যদিও বিমানবন্দরসহ দেশের অভ্যন্তরীণ বাজারেও অবৈধ প্রাণী বিক্রি ও লালন-পালনের বিষয়ে নজরদারি রয়েছে বলে দাবি বাংলাদেশ বন বিভাগের। এছাড়া বিলুপ্ত প্রজাতির বন্যপ্রাণী উদ্ধারেও অভিযান চালানো হচ্ছে বলে জানান বাংলাদেশ বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিটের বন্যপ্রাণী পরিদর্শক আব্দুল্লাহ-আস-সাদিক। তিনি জানান, বাংলাদেশের প্রচলিত আইন অনুযায়ী বন্যপ্রাণী অবৈধভাবে আমদানি, রপ্তানি, ক্রয়-বিক্রয়, সংরক্ষণ ও পরিবহণ দণ্ডনীয় অপরাধ। কয়েকদিন আগেই ঢাকার মিরপুরে অভিযান চালিয়ে আট প্রজাতির ৪২টি দেশীয় বন্য প্রাণী উদ্ধারের কথাও জানান তিনি।

### বিদেশ থেকে কেন আনা হচ্ছে?

মিরপুরের রূপনগরে আবাসিক ভবনের ছাদে অ্যাকুরিয়াম তৈরি করে বিক্রির উদ্দেশ্যে সংরক্ষণ করা হয়েছিল বিভিন্ন ধরনের বিদেশি প্রাণী। বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিটের অভিযানে এক হাজার ১০৪টি বিদেশি প্রাণী উদ্ধার করা হলেও, সেখানে প্রায় ছয় হাজার প্রাণী ছিল বলে জানা গেছে। অর্থাৎ, মাকড়সা, সাপ, ব্যাঙ, কচ্ছপসহ বিভিন্ন ধরনের প্রায় পাঁচ হাজার বিদেশি প্রাণী অভিযানের আগেই বিক্রি করা হয়েছে। যার মধ্যে রয়েছে সাপ, মাকড়সা, ব্যাঙ ও কচ্ছপ। একজন ব্যবসায়ীর কাছ থেকেই এত বিপুলসংখ্যক বিদেশি প্রাণী উদ্ধার হওয়ায় প্রশ্ন উঠেছে যে, এসব প্রাণী আসলে বাংলাদেশে কেন আনা হচ্ছে? এর পেছনে দুইটি বিষয়কে কারণ হিসেবে দেখছেন বাংলাদেশ অ্যানিমেল ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের আহ্বায়ক আদনান আজাদ। তিনি বলছেন, বাংলাদেশে একদিকে বিভিন্ন ধরনের বিদেশি প্রাণী লালনপালন করার প্রবণতা যেমন বেড়েছে, অন্যদিকে বাংলাদেশকে ব্যবহার করে ব্যাবসায়িক উদ্দেশ্যে এসব প্রাণী পাশের দেশে পাচার করার সুযোগও নিচ্ছে অনেক ব্যবসায়ী। "যারা শৌখিন পালক, তাদের জন্য আনা হয় এবং আরেকটা হচ্ছে আমাদের দেশ একটা রুট হিসেবে ব্যবহার হয়। থাইল্যান্ড বা বিভিন্ন দেশ থেকে বাংলাদেশে আসে, চোরাইপথে স্থলবন্দর দিয়ে ভারতে চলে যায়," বিবিসি বাংলাকে বলেন মি. আজাদ। তিনি বলছেন, অন্য দেশে পাচারের পাশাপাশি দেশের মধ্যেও বিদেশি প্রাণী বেচা-কেনার বাজার বেশ রমরমা। "বিষাক্ত ট্যারান্টুলা, মাকড়শা কিংবা ম্যাক্সিকান ব্ল্যাক কিং স্নেক বাংলাদেশের অনেকেই এখন সখের বসে পুষছেন, অবাক করা বিষয় যে, আফ্রিকার ব্যাঙও এখন অনেকে লালনপালন করছেন," বলেন মি. আজাদ। বাংলাদেশের জীববৈচিত্র্য ও বন্যপ্রাণী সুরক্ষায় বিদেশি প্রাণী যাতে দেশে ঢুকতে না পারে, সে বিষয়ে কঠোর হওয়ার কথা বলছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের চেয়ারম্যান ড. মোহাম্মদ আমিনুল ইসলাম ভুঁইয়া। তিনি বলছেন, "অবৈধ এই ব্যাবসা পৃথিবীর সব দেশেই আছে কিন্তু যারা এর সঙ্গে জড়িত তাদেরকে গ্রেফতার করতে হবে।"

### বিদেশি প্রাণীতে সমস্যা কেন?

এক দেশ থেকে অন্য দেশে পোষা প্রাণী (যেমন- কুকুর, বিড়াল, খরগোশ) নেওয়ার সুযোগ রয়েছে। কিন্তু এক্ষেত্রে বেশ কিছু আইনি ও স্বাস্থ্যগত নির্দেশনা পালন করতে হয়। কিন্তু বন্যপ্রাণী বা বিপন্ন প্রজাতির প্রাণী আনা বা বহন করার ক্ষেত্রে পৃথিবীর সব দেশেই নানা ধরনের আইনি বাধা বা নিয়মকানুন রয়েছে। বিশেষজ্ঞরা বলছেন, বিদেশ থেকে প্রাণী

আনার ক্ষেত্রে পৃথিবীর সব দেশই কোয়ারেন্টাইন নীতিমালা অনুসরণ করতে হয়। অর্থাৎ যে -কোনো প্রাণী চাইলেই একটি দেশ থেকে অন্য দেশে নিয়ে যাওয়ার সুযোগ নেই। "বিদেশি একটি প্রাণির উপস্থিতিতে আমাদের পরিবেশে কী প্রভাব পড়বে, কী রোগবালাই আছে, সেগুলো ছড়াবে কিনা- যেহেতু এগুলো পরীক্ষা করা হচ্ছে না, তাতে ক্ষতির সুযোগ থাকে," বিবিসি বাংলাকে বলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণীবিদ্যা বিভাগের চেয়ারম্যান ড. মোহাম্মদ আমিনুল ইসলাম ভূঁইয়া। আইন অনুযায়ী, অন্য দেশ থেকে বাংলাদেশে বন্যপ্রাণী অবৈধভাবে আমদানি, রপ্তানি, কেনা-বেচা ও পরিবহণ দণ্ডনীয় অপরাধ। কিন্তু তারপরও কীভাবে বিদেশ থেকে আনা প্রাণী বাংলাদেশে ঢুকছে? এক্ষেত্রে বিমানবন্দরের নজরদারির ঘাটতি রয়েছে বলেই মনে করেন বাংলাদেশ অ্যানিমেল ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের আহ্বায়ক আদনান আজাদ। তিনি বলছেন, "বিমানবন্দরে ওয়াইল্ড লাইফ ক্রাইম কন্ট্রোল ইউনিটের একটি অফিস যদি করা যায়, তাহলে এটি নিয়ন্ত্রণে আনা যেত, কারণ কোনটি অবৈধ বা বৈধ প্রাণী, সেটি কাস্টমস্ হয়ত ঠিকমতো জানে না, অনেক বৈধ প্রাণীও তো দেশে আসে।" যদিও বিদেশ থেকে কোনো প্রাণী আনা হচ্ছে কিনা- এই বিষয়টি বিমানবন্দরে নিয়মিত চেক করা হয় বলে দাবি করেন বাংলাদেশ বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিটের বন্যপ্রাণী পরিদর্শক আব্দুল্লাহ -আস-সাদিক। তিনি বলছেন, "অ্যাকুরিয়াম ফিশ বা অ্যাকুরিয়াম স্পেসিজ হিসেবে এগুলোর ভিতরে করে অনেকেই বিদেশ থেকে অবৈধ প্রাণী আনেন, অর্কিডের ভিতরে করেও আনেন। বিমানবন্দর থেকে অবৈধ অনেক প্রাণী সিজ করা হয়।" বিদেশ থেকে অবৈধভাবে কোনো প্রাণী আনা হলে অবৈধ পাচার বা আমদানি -রপ্তানির জন্য শাস্তির বিধান আইনে রয়েছে বলেও জানান তিনি। "বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) অধ্যাদেশ অনুযায়ী, এই ধরনের অপরাধের জন্য তিন বছর পর্যন্ত কারাদণ্ড হতে পারে," বলেও বিবিসি বাংলাকে জানান মি. সাদিক।
(বিবিসি ওয়েব পেজ : ০৪.০৭.২০২৬ আলী আহমেদ)

### খামেনির জন্য শোক সমাবেশে 'আমেরিকার ধ্বংস' আর 'প্রতিশোধের' স্লোগান

ইরানের প্রয়াত সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলী খামেনির জন্য শোক ও শ্রদ্ধা প্রকাশে হাজারও মানুষ তেহরানের মোসাল্লা এলাকায় জড়ো হয়েছেন। খামেনির অন্ত্যেষ্টিক্রিয়ার ছয় দিনব্যাপী রাষ্ট্রীয় আনুষ্ঠানিকতা আর শনিবার থেকে শুরু হচ্ছে বলে ইরানের রাষ্ট্রীয় টেলিভিশন জানিয়েছে। তেহরানে অবস্থানরত এএফপির একজন সংবাদদাতা জানিয়েছেন, খামেনির মরদেহবাহী কফিন মোসাল্লায় পৌঁছানোর আগেই অগণিত মানুষ জড়ো হন। অংশগ্রহণকারীদের মধ্যে অনেককে লাল পতাকা ও প্ল্যাকার্ড বহন করতে দেখা গেছে। এই রংটি প্রতিশোধের আহ্বানের সঙ্গে সম্পর্কিত হিসেবে বিবেচিত হয়। সেখানে উপস্থিত ব্যক্তিরা "আমেরিকার ধ্বংস হোক" এবং "প্রতিশোধ, প্রতিশোধ" স্লোগান দিচ্ছিলেন বলেও প্রতিবেদনে বলা হয়েছে। বিশাল ওই ধর্মীয় কমপ্লেক্সে কফিন স্থাপনের পর ধর্মীয় ব্যক্তিত্ব, সরকারি কর্মকর্তা, বিদেশি গণ্যমান্য ব্যক্তি এবং অন্যান্য শোকাহত মানুষ ইরানের প্রয়াত সর্বোচ্চ নেতার প্রতি শ্রদ্ধা জানান। শ্রদ্ধা নিবেদনকারীদের মধ্যে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে শান্তি আলোচনা মধ্যস্থতায় ভূমিকা রাখা পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ, রাশিয়ার সাবেক প্রেসিডেন্ট দিমিত্রি মেদভেদেভ ও আফগানিস্তানের তালেবান সরকারের পররাষ্ট্রমন্ত্রী আমির খান মুত্তাকিও উপস্থিত ছিলেন। এ ছাড়া ইরাক, আর্মেনিয়া, তুরস্ক ও উপসাগরীয় অঞ্চলের কয়েকটি দেশের প্রতিনিধিরাও শোকযাত্রায় অংশ নিতে সেখানে পৌঁছেছেন। এসব দেশের মধ্যে সৌদি আরব, কাতার ও ওমানও রয়েছে। এদিকে, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ওয়াশিংটন তেহরানকে ইরানের সাবেক সর্বোচ্চ নেতা আলি খামেনিকে দাফন করার জন্য এক সপ্তাহ সময় দিয়েছে, "কারণ আমরা ভালো"।
(বিবিসি ওয়েব পেজ : ০৪.০৭.২০২৬ নারগীস)

## রেডিও তেহরান

### ইরানের শহিদ নেতার জানাজার সময়সূচি ঘোষণা

ইরানের ইসলামি বিপ্লবের শহিদ নেতা আয়াতুল্লাহ সাইয়্যেদ আলী খামেনেয়ীর জানাজার নামাজ আগামী কাল (রবিবার) স্থানীয় সময় সকাল ৬টায় তেহরানের 'ইমাম খোমেনি গ্র্যান্ড মোসাল্লায়' অনুষ্ঠিত হবে। শহিদ নেতার শেষ বিদায় ও দাফন অনুষ্ঠান আয়োজক কমিটির সরকারি গণমাধ্যম এ তথ্য জানিয়েছে। ইরানের জাতীয় সম্প্রচার সংস্থা আইআরআইবি'র প্রতিবেদনে বলা হয়েছে, শহিদ আয়াতুল্লাহ আল-উজমা সাইয়্যেদ আলী খামেনেয়ী, শহিদ ড. মিসবাহুল হুদা বাকেরি কানি, শহিদ সাইয়্যেদা বুশরা খামেনেয়ী, শহিদা জাহরা হাদ্দাদ আদেল এবং শহিদ জাহরা মোহাম্মাদি গোলপায়েগানির জানাজার নামাজ আগামীকাল (রবিবার) সকাল ৬টায় তেহরানের ইমাম খোমেনি মোসাল্লায় অনুষ্ঠিত হবে। আয়োজক কমিটির ঘোষণায় বলা হয়েছে, ৩ ও ৫ জুলাই (শনিবার ও রবিবার) মোতাবেক ১৯ ও ২০ মহররম তেহরানের ইমাম খোমেনি মুসাল্লায় দেহ মুবারকের প্রতি শেষ শ্রদ্ধা নিবেদন, জানাজার নামাজ এবং বিদায় অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। পরিকল্পনা অনুযায়ী, সোমবার (৬ জুলাই) তেহরানে, মঙ্গলবার (৭ জুলাই) কোম শহরে এবং বৃহস্পতিবার (৯ জুলাই) মাশহাদে শোকযাত্রা অনুষ্ঠিত হবে। পরে শহিদ নেতাকে ইমাম রেজা (আ.)-এর রওজায় দাফন করা হবে। এছাড়া বুধবার (৮ জুলাই) ইরাকের নাজাফ ও কারবালা শহরেও শহিদ নেতার স্মরণে বিদায় ও শোকযাত্রার অনুষ্ঠান আয়োজনের কথা জানানো হয়েছে। (রেডিও তেহরান ওয়েব পেজ : ০৪.০৭.২০২৭ নারগীস)

## এনএইচকে

### ইউক্রেনে সামরিক অভিযান অব্যাহত রাখার ওপর জোর দিয়েছেন পুতিন

ইউক্রেনে সামরিক অভিযান অব্যাহত রাখার প্রত্যয় ব্যক্ত করেছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। পূর্ব ইউক্রেনে দেশটির বাহিনী একটি প্রধান ঘাঁটি দখল করেছে , এমন খবর পাওয়ার পর তিনি এই ঘোষণা দেন। রাশিয়ার প্রেসিডেন্টের কার্যালয় শুক্রবার জানিয়েছে যে , পুতিন একটি কমান্ড পোস্টে রুশ সশস্ত্র বাহিনীর চিফ অব জেনারেল স্টাফ ভ্যালেরি গেরাসিমভ এবং অন্যান্য কর্মকর্তাদের সাথে একটি বৈঠক করেছেন। প্রতিবেদন অনুযায়ী , পুতিন বলেছেন যে পূর্ব ইউক্রেনের লুহানস্ক অঞ্চলকে সম্পূর্ণভাবে 'মুক্ত' করার কাজ শেষ হয়েছে। তিনি আরও বলেন , চলতি বছরের শুরু থেকে এ পর্যন্ত রুশ বাহিনী দনবাস এবং অন্যান্য অঞ্চলের ৩,০০০ বর্গকিলোমিটারেরও বেশি এলাকা নিজেদের নিয়ন্ত্রণে নিয়েছে। গেরাসিমভ পুতিনকে জানিয়েছেন যে, রুশ বাহিনী দোনেৎস্ক অঞ্চলের কোস্তিয়ানতিনিভকা শহরটি নিয়ন্ত্রণে নিয়েছে, যা ইউক্রেনের অন্যতম প্রধান প্রতিরক্ষা ঘাঁটি ছিল। জবাবে পুতিন বলেছেন , এই শহর দখল করা নিঃসন্দেহে পুরো অঞ্চলকে 'মুক্ত' করার মূল চাবিকাঠি।
(এনএইচকে ওয়েব পেজ: ০৪.০৭.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### রাশিয়ার তেল টার্মিনালে ইউক্রেনের হামলা

শনিবার ইউক্রেনীয় ড্রোন বাল্টিক সাগর তীরবর্তী সেন্ট পিটার্সবার্গের কাছে রাশিয়ার তেল স্থাপনায় হামলা চালিয়েছে বলে জানিয়েছেন স্থানীয় গভর্নর। সেন্ট পিটার্সবার্গের গভর্নর আলেকজান্ডার বেগলভ জানান , রাশিয়ার দ্বিতীয় বৃহত্তম শহরটি 'ব্যাপক আকারের' ড্রোন হামলার শিকার হয়েছে , তবে এতে কোনো হতাহতের ঘটনা ঘটেনি। ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি এই হামলার কথা নিশ্চিত করে বলেন , রাশিয়ার জ্বালানি খাতের আয় ব্যাহত করাই এর লক্ষ্য , যে আয় মূলত ইউক্রেনে চলমান যুদ্ধে ব্যবহৃত হচ্ছে। সামাজিক যোগাযোগমাধ্যমে তিনি লেখেন , ''ইউক্রেনের প্রতিরক্ষা বাহিনী রাশিয়ার যুদ্ধ-অর্থায়নকারী বন্দর তেল অবকাঠামোয় আঘাত হেনেছে , পাশাপাশি আঘাত করেছে গুরুত্বপূর্ণ সামরিক লক্ষ্যবস্তু ক্রনস্টাটেও , যা ইউক্রেনের রাষ্ট্রীয় সীমান্ত থেকে ৮৫০ কিলোমিটারেরও বেশি দূরে অবস্থিত।'' (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৪.০৭.২০২৬ রনি)

### হামের উপসর্গে আরও দুই শিশুর মৃত্যু

গত ২৪ ঘণ্টায় , শুক্রবার সকাল ৮টা থেকে শনিবার সকাল ৮টা পর্যন্ত , দেশে হামের উপসর্গে আরও দুই শিশুর মৃত্যু হয়েছে। এরমধ্যে একজন ঢাকায় এবং একজন সিলেটে মারা গেছে। এই সময়ে হামের উপসর্গে আক্রান্ত হয়েছে ৭৩২ জন এবং হাম শনাক্ত হয়েছে ১০১ জনের , সব মিলিয়ে মোট আক্রান্ত ৮৩৩ জন। স্বাস্থ্য অধিদপ্তরের সর্বশেষ প্রতিবেদন অনুযায়ী, গত ১৫ মার্চ থেকে এ পর্যন্ত হাম ও হামের উপসর্গে মোট মৃত্যু হয়েছে ৭৩১ শিশুর। এর মধ্যে ৬৩৮ জন মারা গেছে শুধু উপসর্গ নিয়েই , আর হাম শনাক্ত হওয়ার পর মারা গেছে ৯৩ শিশু। একই সময়ে দেশে হামের উপসর্গ দেখা দিয়েছে মোট ১ লাখ ৪ হাজার ৬৯৩ শিশুর মধ্যে , এবং হাম শনাক্ত হয়েছে ১২ হাজার ৫২৬ জনের। ফলে ১৫ মার্চ থেকে সব মিলিয়ে মোট আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ১ লাখ ১৭ হাজার ২১৯ জনে। এই সময়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ৮৭ হাজার ৯৬৬ শিশু, যাদের মধ্যে ৮৪ হাজার ২১৮ জন ইতিমধ্যে হাসপাতাল থেকে ছাড়া পেয়েছেন।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৪.০৭.২০২৬ রনি)

## জাগো নিউজ

### বন্ধ রাষ্ট্রায়ত্ত কারখানা ফের চালুর প্রক্রিয়া দ্রুত শেষ করার নির্দেশ

দেশি-বিদেশি বিনিয়োগের মাধ্যমে অলাভজনক ও বন্ধ রাষ্ট্রায়ত্ত কলকারখানা পুনরায় চালুর প্রক্রিয়া দ্রুত শেষ করা র নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শনিবার (৪ জুলাই) প্রধানমন্ত্রীর কার্যালয়ে অলাভজনক ও বন্ধ রা ষ্ট্রায়ত্ত কলকারখানা পুনরায় চালুর প্রক্রিয়াগত অগ্রগতি নিয়ে অনুষ্ঠিত এক সভায় তিনি এ নির্দেশ দেন। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি মোস্তফা জু লফিকার হাসান এ তথ্য জানান। সভায় জানানো হয় , এসব কলকারখানায় বিনিয়োগে অনেক বেসরকারি কোম্পানি আগ্রহ প্রকাশ করেছে। কোম্পা নিগুলো যে ধরনের শিল্পপ্রতিষ্ঠান গড়ে তোলার প্রস্তাব দিয়েছে, সেগুলোর সম্ভাব্যতা এখন যাচাই করা হবে। প্রধানমন্ত্রী পুরো প্রক্রিয়াটি স্বচ্ছ ভাবে সম্পন্ন করার ওপর গুরুত্বারোপ করেন। একই সঙ্গে অপ্রয়োজনীয় সময়ক্ষেপণ এড়িয়ে দ্রুত প্রক্রিয়া শেষ করার নির্দেশও দেন তিনি। প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন বাণিজ্য , শিল্প এবং পাট ও বস্ত্রমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তা দির, পাট ও বস্ত্র প্রতিমন্ত্রী শরীফুল আলম , অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর , বাংলাদেশ বিনিয়োগ উন্নয় ন কর্তৃপক্ষের (বিডা) নির্বাহী চেয়ারম্যান আশিক চৌধুরী , প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এ বি এম আব্দুস সাত্তার এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোর সচি ব ও শিল্প মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন কর্মকর্তারা।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৪.০৭.২০২৬ রুবাইয়া)

## গুলিস্তানে দুই গ্রুপের সংঘর্ষ, জামায়াত নেতাকে ছুরিকাঘাত

রাজধানীর গুলিস্তানে ফুলবাড়িয়া বিআরটিসি কাউন্টারের সামনে বিএনপি ও জামায়াত সমর্থকদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ সময় ছুরিকাঘাতে মো. কবির আহমেদ (৪৫) নামে এক জামায়াত নেতা গুরুতর আহত হন। আহত কবির আহমেদ গুলিস্তান শপিং মার্কেট ইউনিট জামায়াতের সভাপতি ও দলের রোকন। পেশায় তিনি মোবাইল পার্টস ব্যবসায়ী। শনিবার (৪ জুলাই) বিকেল সাড়ে ৫টার দিকে এ ঘটনা ঘটে। পরে গুরুতর আহতাবস্থায় তাকে উদ্ধার করে সন্ধ্যা ৬টার দিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগে নেওয়া হয়। তিনি বর্তমানে সেখানে চিকিৎসাধীন। কবির আহমেদকে ঢাকা মেডিকেলে নিয়ে আসা আক্তার হোসেন বলেন, শনিবার বিকেল সাড়ে ৫টার দিকে ফুলবাড়িয়া বিআরটিসি কাউন্টারের সামনে বিএনপি ও জামায়াত সমর্থকদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। সংঘর্ষের একপর্যায়ে দুর্বৃত্তরা কবির আহমেদের কোমরের পেছনে ধারালো অস্ত্র দিয়ে আঘাত করে পালিয়ে যায়। পরে আমরা তাকে উদ্ধার করে হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে আসি। বর্তমানে সেখানে তিনি চিকিৎসাধীন। তিনি বলেন, কবির আহমেদ মুন্সিগঞ্জের সদরের বাংলাবাজার এলাকার তৌহিদ হোসেনের ছেলে। তিনি গুলিস্থান শপিং মার্কেট ইউনিটের সভাপতি ও জামায়াতের রোকন। তিনি পেশায় মোবাইল পার্টস ব্যবসায়ী। ঢামেক হাসপাতাল পুলিশ ক্যাম্পের ইনচার্জ পরিদর্শক মো. ফারুক বলেন, ফুলবাড়িয়া বিআরটিসি কাউন্টারের সামনে ধারালো অস্ত্রের আঘাতে গুরুতর আহত এক জামায়াত নেতাকে হাসপাতালে আনা হয়েছে। তিনি বলেন, হাসপাতালের জরুরি বিভাগে আহত ব্যক্তির চিকিৎসা চলছে। ঘটনাটি সংশ্লিষ্ট থানাকে অবহিত করা হয়েছে এবং এ বিষয়ে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।
[জাগো নিউজ ওয়েব পেজ: ০৪.০৭.২০২৬ রুবাইয়া)

## বিমানবন্দর এলাকায় সাঁড়াশি অভিযান, আটক ৮২

ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর এলাকায় ভবঘুরে, ভিক্ষুক ও মাদকাসক্তদের উৎপাত বন্ধে সাঁড়াশি অভিযান চালিয়ে ৮২ জনকে আটক করেছে পুলিশ। শনিবার (৪ জুলাই) ভোর ৫টা থেকে বিমানবন্দর গোলচত্বর, বিআরটিএ স্টেশন, বিমানবন্দর রেলওয়ে স্টেশন, পুলিশ বক্সের আশপাশ, বিমানবন্দরের প্রবেশপথ, ভিভিআইপি ও ভিআইপি সড়কসহ আশপাশের এলাকায় এ অভিযান পরিচালনা করে বিমানবন্দর থানা পুলিশ। ডিএমপির অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (মিডিয়া) নিয়াজ মেহেদী জানান, অভিযানে ৫৮ জন মাদকাসক্ত পথশিশু এবং বিভিন্ন অপরাধে জড়িত আরও ২৪ জনকে আটক করা হয়েছে। বিমানবন্দর থানা জানায়, প্রবাসী যাত্রী ও সাধারণ মানুষের ভোগান্তি কমাতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। কোনো অবস্থাতেই বিমানবন্দর এলাকায় ভবঘুরে, ভিক্ষুক ও মাদকাসক্তদের অবস্থান করতে দেওয়া হবে না। বর্তমানে এলাকায় পুলিশের টহল জোরদার করা হয়েছে এবং আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। আটক হওয়া শিশুদের বিষয়ে শিশু আইন, ২০১৩ অনুযায়ী 'শিশুবিষয়ক পুলিশ কর্মকর্তার' মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে বলে জানিয়েছে পুলিশ।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৪.০৭.২০২৬ রুবাইয়া)

## জনসংখ্যার ৫১ শতাংশ নারী হলেও রাজনীতিতে অর্থবহ অংশগ্রহণ সীমিত

দেশের মোট জনসংখ্যার প্রায় ৫১ শতাংশ এবং ভোটারের প্রায় অর্ধেক নারী হলেও রাজনীতিতে তাদের অর্থবহ অংশগ্রহণ এখনো সীমিত বলে মন্তব্য করেছেন সেন্টার ফর গভর্ন্যান্স স্টাডিজের (সিজিএস) সভাপতি জিল্লুর রহমান। তিনি বলেন, গণতন্ত্রকে শুধু নির্বাচনকেন্দ্রিক না রেখে রাজনৈতিক অধিকার, নেতৃত্ব এবং অন্তর্ভুক্তিমূলক অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। শনিবার (৪ জুলাই) রাজধানীর একটি হোটেলে 'রাজনৈতিক অভিজাত, ক্লায়েন্টেলিজম, গণতন্ত্রীকরণ ও শাসন: অন্তর্ভুক্তিমূলক রাজনীতি ও নারীর অংশগ্রহণের পথসমূহ' শীর্ষক কর্মশালায় তিনি এসব কথা বলেন। সিজিএস এবং ফ্রেডরিখ-এবার্ট-স্টিফটুং (এফইএস) এর সহযোগিতায় দিনব্যাপী এ কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় বিভিন্ন রাজনৈতিক দলের সংগঠন এবং স্বাধীন রাজনৈতিক প্ল্যাটফর্মের নারী রাজনৈতিক কর্মীরা অংশ নেন। এতে রাজনৈতিক অভিজাত, ক্লায়েন্টেলিজম, গণতন্ত্রীকরণ, শাসনব্যবস্থা এবং অন্তর্ভুক্তিমূলক রাজনীতির পারস্পরিক সম্পর্ক নিয়ে আলোচনা হয়। পাশাপাশি বাংলাদেশের রাজনৈতিক প্রক্রিয়ায় নারীর অর্থবহ অংশগ্রহণের চ্যালেঞ্জ ও সম্ভাবনা তুলে ধরা হয়। সিজিএসের সভাপতি জিল্লুর রহমান বলেন, দেশের মোট জনসংখ্যার প্রায় ৫১ শতাংশ এবং ভোটারের প্রায় অর্ধেক নারী হলেও তাদের অর্থবহ রাজনৈতিক অংশগ্রহণ এখনো কাঙ্ক্ষিত পর্যায়ে পৌঁছায়নি। গণতন্ত্রকে শুধু নির্বাচনের মধ্যে সীমাবদ্ধ না রেখে বিভিন্ন মতাদর্শের রাজনৈতিক কর্মীদের রাজনৈতিক অধিকার ও নেতৃত্বের সুযোগ নিশ্চিত করার আহ্বান জানান তিনি। কর্মশালার থিম উপস্থাপন করেন সিজিএসের নির্বাহী পরিচালক পারভেজ করিম আব্বাসী। তিনি ক্লায়েন্টেলিজমকে গণতন্ত্র, আইনের শাসন এবং প্রাতিষ্ঠানিক উন্নয়নের অন্যতম প্রধান অন্তরায় হিসেবে উল্লেখ করেন। তার ভাষায়, পৃষ্ঠপোষকতাভিত্তিক রাজনীতি, লবিং, দুর্নীতি এবং দলীয় অভ্যন্তরীণ গণতন্ত্রের অভাব রাজনৈতিক প্রতিষ্ঠানকে দুর্বল করে এবং গণতান্ত্রিক চর্চাকে সীমিত করে। স্বচ্ছ ও জবাবদিহিমূলক রাজনৈতিক সংগঠন গড়ে তুললেই নারীর অর্থবহ রাজনৈতিক অংশগ্রহণ নিশ্চিত করা সম্ভব বলে তিনি মন্তব্য করেন।

এফইএস বাংলাদেশের প্রোগ্রাম অ্যাডভাইজার সাধন কুমার দাস বলেন , প্রতিষ্ঠানটি এক দশকেরও বেশি সময় ধরে বাংলাদেশে গণতন্ত্রীকরণ, অন্তর্ভুক্তিমূলক রাজনীতি এবং নারীর রাজনৈতিক অংশগ্রহণ উৎসাহিত করতে কাজ করে যাচ্ছে। তিনি গণতান্ত্রিক মূল্যবোধ চর্চা জোরদারের ওপর গুরুত্বারোপ করেন। কর্মশালার বিভিন্ন সেশন পরিচালনা করেন দ্য কার্টার সেন্টারের কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ শাম্মী লায়লা ইসলাম। তিনি দলীয় শাসন , গণতন্ত্রীকরণ, রাজনৈতিক অভিজাত, ক্লায়েন্টেলিজম এবং অন্তর্ভুক্তিমূলক রাজনীতি নিয়ে অংশগ্রহণকারীদের সঙ্গে ইন্টারেক্টিভ আলোচনা করে ন। নিজের অভিজ্ঞতার আলোকে তিনি বলেন , সময়ের সঙ্গে নারীর প্রতিনিধিত্ব কিছুটা বাড়লেও বিভিন্ন কাঠামোগত প্রতিবন্ধকতার কারণে তাদের অর্থবহ রাজনৈতিক অংশগ্রহণ এখনো সীমিত। তিনি বাংলাদেশের বাস্তব উদাহরণ তুলে ধরে দেখান, কীভাবে কেন্দ্রীভূত নেতৃত্ব , পৃষ্ঠপোষকতাভিত্তিক নেটওয়ার্ক এবং অভিজাতদের নিয়ন্ত্রণ দলীয় সিদ্ধান্ত গ্রহণ, প্রার্থী নির্বাচন ও নারীর নেতৃত্ব বিকাশের সুযোগকে প্রভাবিত করে। আলোচনায় অংশগ্র হণকারী নারী রাজনৈতিক কর্মীরা তাদের রাজনৈতিক অভিজ্ঞতা ও প্রত্যাশার কথা তুলে ধরেন। তারা স্বচ্ছতা, জবাবদিহিতা, রাজনৈতিক অন্তর্ভুক্তি, বিকেন্দ্রীকরণ এবং দলীয় অভ্যন্তরীণ গণতন্ত্র জোরদারের প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব দেন। কর্মশালার সমাপনী পর্বে বক্তারা অভ্যন্তরীণ দলীয় গণতন্ত্র শক্তিশালী করা , জবাবদিহিমূলক শাসন নিশ্চিত করা এবং নারীর নেতৃত্ব ও সিদ্ধান্ত গ্রহণে অংশগ্রহণ বাড়াতে আরও অন্তর্ভুক্তিমূলক রাজনৈতিক পরিবেশ গড়ে তোলার আহ্বান জানান।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৪.০৭.২০২৬ রুবাইয়া)

## জামায়াতের মধ্যে সাংগঠনিক শৃঙ্খলা অন্য কোনো সংগঠনে নেই জামায়াত আমির

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা . শফিকুর রহমান বলেছেন, জামায়াতের মধ্যে সাংগঠনিক শৃঙ্খলা একটি নেয়ামত, যা অন্য কোনো সংগঠনে নেই। এই সংগঠনের মধ্যে শৃঙ্খলা, নীতি-নৈতিকতা ও আল্লাহর কাছে জবাবদিহিতা রয়েছে। মানুষের সারা জীবনের সুনাম ও অর্জন একটি ছোট -খাটো দুর্ঘটনা ম্লান করে দিতে পারে। শনিবার (৪ জুলাই) জামায়াতে ইসলামীর জে লা মহানগরী কর্মপরিষদ সদস্যদের নিয়ে তিন দিনব্যাপী শিক্ষাশিবিরের শেষ দিনে প্রধান অতিথির বক্তব্য তিনি একথা বলেন। রাজধানীর মগবাজারের আল ফালাহ মিলনায়তনে এই শিক্ষাশিবির অনুষ্ঠিত হয়। জামায়াত আমির বলেন, এই উপমহাদেশে আন্দোলনের নেতৃত্ব দিয়েছে মুসলমানরা। এর ফলে ১৯৪৭ সালে দেশ স্বাধীন হয়। বাংলাদেশ জামায়াতে ইসলামীর ৮৬ বছরের অভিযাত্রায় অসংখ্য নেকবান্দা যুক্ত ছিলেন। তাদের ত্যাগ , কোরবানি ও সম্পৃক্ততা রয়েছে এবং অনেকেই শহীদ হয়েছেন। আল্লাহর পথে তাদের ত্যাগ ও কোরবানির ফল এ জাতি পাবে, ইনশাআল্লাহ। তিনি আরও বলেন, আল্লাহকে ডাকতে হবে একিন ও ইখলাসের সঙ্গে। একিন ও ইখলাস যেখানে একসঙ্গে থাকে সেখানে কোনো ফারাক থাকে না। ডা . শফিকুর রহমান বলেন, উপমহাদেশের চারটি দেশের মধ্যে আমাদের এ সংগঠনে সবচেয়ে বড় পরীক্ষাগুলো এসেছে। অন্যদিকে ভারতে মুসলমানরা নিরাপদ নয়। তারা সবসময় জানমাল, ইজ্জত ও নিরাপত্তা র ঝুঁকিতে রয়েছেন। বিশেষ করে ভারত নিয়ন্ত্রিত কাশ্মীরে মুসলিমরা সবসময় লড়াই করে যাচ্ছেন এবং তাদের রক্ত দিতে হচ্ছে। তিনি আ রও বলেন, জামায়াতের সবচেয়ে বড় চ্যালেঞ্জ হলো সাম্রাজ্যবাদী শক্তি ও সামাজিক বাধা। মুসলিমরা সার্বজনীন গোষ্ঠী। কিন্তু আশ্চর্যজনক বিষয় হলো তাদে রই বলা হয় সাম্প্রদায়িক গোষ্ঠী। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের ফলাফল বিষয়ে তিনি বলেন , সংরক্ষিত নারী আসনসহ আমরা ৯০টি আসন নিয়ে সংসদে প্রতিনিধি ত্ব করছি। নির্বাচনে মানুষ প্রত্যাশা করেছিল যে , তারা একটি দুর্নীতিমুক্ত দলকে দায়িত্ব দেবে; যারা সমাজকে দুর্নীতি মুক্ত ক রবে। জামায়াতই একটি দল যারা এর উপযুক্ত। আল্লাহ আমাদের যতটুকু যোগ্য মনে করেছেন, ততটুকু দায়িত্ব দিয়েছেন। তিনি বলেন , আমাদের লক্ষ্য যদি হয় জামায়াতকে ক্ষমতায় আনা , তাহলে আমাদের ব্যাপ্তি দুনিয়া পর্যন্ত। আর যদি আল্লাহর সন্তুষ্টি অর্জন হয় - তাহলে তার ব্যাপ্তি হবে আখি রাত পর্যন্ত। যিনি দেশ চালানোর সক্ষমতা রাখেন তার হক গোটা দেশের। দেশের অভ্যন্তরে থাকা পশুত্বকে দমনের আগে নিজের ভেতরের পশুত্বকে দমন করার আহ্বান জানান আমিরে জামায়াত। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৪.০৭.২০২৬ রুবাইয়া)

## ৬ জুলাই থেকে এনসিপির 'জুলাই পদযাত্রা

জুলাই গণঅভ্যুত্থানের ঐতিহাসিক মা সকে যথাযথ মর্যাদায় স্মরণ এবং এর আকাঙ্ক্ষা নতুন প্রজন্মসহ দেশের সর্বস্তরের মানুষের কাছে পৌঁছে দিতে 'দেশ গড়তে জুলাই জাগরণ' শীর্ষক মাসব্যাপী কর্মসূচি ঘোষণা করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। কর্মসূচির অংশ হিসেবে গণভোট বাস্তবায়ন, কর্মসংস্থান এবং সীমান্ত সুরক্ষার দাবিতে দেশজুড়ে ৬৪ জেলার ১০০টি উপজেলা ও পৌরসভায় 'জুলাই পদযাত্রা ২০২৬' আয়োজন করবে দলটি। আগামী ৬ জুলাই থেকে এ কর্মসূচি শু রু হবে। শনিবার (৪ জুলাই) বিকেলে রাজধানীর বাংলামোটরে এনসিপির অস্থায়ী কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এ কর্মসূ চির ঘোষণা দেন দলটির নেতারা। সংবাদ সম্মেলনে জানানো হয় , আগামী ৬ জুলাই থেকে একযোগে উত্তর ও দক্ষিণাঞ্চলে 'জুলাই পদযাত্রা ২০২৬'-এ অংশ নেবেন এনসিপির শীর্ষ নেতারা। উত্তরাঞ্চলের পদযাত্রায় নেতৃত্ব দেবেন এনসিপির মুখ্য সংগঠক সারজিস আলম ও মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাট ওয়ারী। দক্ষিণাঞ্চলের পদযাত্রায় নেতৃত্ব দেবেন মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহ এমপি এবং দলের মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। এনসিপি বিশ্বাস করে, জুলাই শুধু একটি মাস নয় , বরং এটি আত্মত্যাগ , গণআকাঙ্ক্ষা, গণতন্ত্র, ন্যায়বিচার এবং নতুন বাংলাদেশ বিনির্মাণের প্রতীক। তাই মাসব্যাপী এই কর্মসূচির মাধ্যমে সমাজের সব শ্রেণি -পেশার মানুষকে সম্পৃক্ত করে জুলাইয়ের আকাঙ্ক্ষা নতুন প্রজন্মের কাছে পৌঁছে দেওয়া, শহীদদের অবদান স্মরণ করা এবং

দেশ গঠনের অঙ্গীকার আরও সুদৃঢ় করাই হবে এই আয়োজনের মূল লক্ষ্য। দেশ গড়তে জুলাই জাগরণ কর্মসূচির অংশ হিসেবে জুলাই পদযাত্রা ২০২৬ এ দেশের সর্বস্তরের নাগরিক, তরুণ সমাজ, সাংস্কৃতিক কর্মী, পেশাজীবী, শিক্ষার্থীসহ সবাইকে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণের জন্য আহ্বান জানিয়েছে এনসিপি।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৪.০৭.২০২৬ রুবাইয়া)

## এয়ারলাইন্স ফুটবলে চ্যাম্পিয়ন বাংলাদেশ বিমান

দেশের প্রথম এয়ারলাইন্স ফুটবল চ্যাম্পিয়নশিপ (এএফসি) টুর্নামেন্টে ইউএস -বাংলা এয়ারলাইন্সকে টাইব্রেকারে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। দুই দিনব্যাপী এই টুর্নামেন্টে দেশি -বিদেশি ১৬টি এয়ারলাইন্স অংশ নেয়।

এছাড়া টুর্নামেন্টের তৃতীয় স্থান নির্ধা রণী খেলায় কাতার এয়ারওয়েজকে ১-০ গোলে হারিয়ে বিজয়ী হয়েছে এয়ার ইন্ডিয়া। দেশি-বিদেশি এয়ারলাইন্সের কর্মীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ আর ব্যাপক উত্তেজনার মধ্য দিয়ে শেষ হয় এই টুর্নামেন্ট। এভিয়েশন ও পর্যটন খাতের সাংবাদিকদের সংগঠন এভিয়েশন অ্যান্ড ট্যুরিজম জার্নালিস্ট স ফোরাম অব বাংলাদেশ (এটিজেএফবি) এ টুর্নামেন্টের আয়োজন করে। শনিবার (৪ জুলাই) টুর্নামেন্টের ফাইনাল খেলা দেখার পর পুরস্কার বিতরণ করেন বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রী আফরোজা খানম রিতা। সমাপনী অনুষ্ঠানে মন্ত্রী বলেন, বিমান খেলায় চ্যাম্পিয়ন হয়েছে, তারা যেন তাদের কাজকর্মেও চ্যাম্পিয়ন হয় সেই প্রতিজ্ঞা সবাইকে করতে হবে। এখানে আজকে আমার আসা স্বার্থক হয়েছে। ম্যান অব দ্য টুর্নামেন্ট হয়েছেন বিমানে র জাহাঙ্গীর আলম। এর আগে শুক্রবার (৩ জুলাই) সকালে ঢাকার গুলশান ইয়ুথ ক্লাব মাঠে এই টুর্নামেন্টের উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দে ন ব্রাজিলের রাষ্ট্রদূত পাওলো ফার্নান্দো দিয়াস ফেরেস ও আর্জেন্টিনার রাষ্ট্রদূত মার্সেলো কার্লোস সেসা। প্রধান অতিথি হিসেবে টুর্নামেন্টের উদ্বোধন করেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী আমিনুল হক। ছয়জন খেলোয়াড়ের অংশগ্রহণে ছোট মাঠের এই ফুটবল টুর্নামেন্টে অংশ নেয় বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, ইউএস-বাংলা এয়ারলাইন্স, নভোএয়ার, এয়ার অ্যাস্ট্রা, এমিরেটস, কাতার এয়ারওয়েজ, সৌদিয়া, টার্কিশ এয়ারলাইন্স, এয়ার অ্যারাবিয়া, ইন্ডিগো, ইথিওপিয়ান এয়ারলাইন্স, এয়ার ইন্ডিয়া, থাই এয়ারওয়েজ, এয়ার এশিয়া, সিল্কওয়ে ওয়েস্ট এয়ারলাইন্স এবং ফ্লাই দুবাই।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৪.০৭.২০২৬ রুবাইয়া)

## ডিএমপির অভিযানে ২৪ ঘণ্টায় গ্রেফতার ৪৮০

রাজধানীতে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) নিয়মিত অভিযানে গত ২৪ ঘণ্টায় ৪৮০ জনকে গ্রেফতার করেছে পুলিশ। একই সময়ে ৬০টি মামলা দায়ের করা হয়েছে বলেও জানা গেছে। শনিবার (৪ জুলাই) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য জানান। নিয়াজ মেহেদী জানা ন, গ্রেফতারদের মধ্যে রমনা বিভাগ ৪৭ জন, লালবাগ বিভাগ ২৫ জন, ওয়ারী বিভাগ ৫৮ জন, মতিঝিল বিভাগ ৪৬ জন, তেজগাঁও বিভাগ ৮৪ জন, মিরপুর বিভাগ ১১৬ জন, গুলশান বিভাগ ৪৭ জন, উত্তরা বিভাগ ৫০ জন, গোয়েন্দা কর্তৃক ৫ জন এবং সিটিটিসি কর্তৃক ২ জন গ্রেফতার করা হয়। এসময় তাদের হে ফাজত থেকে ৭ কেজি ৪৮৮ গ্রাম গাঁজা, ৬ হাজার ৭৪৬ ইয়াবা, ৩ গ্রাম হেরোইন, ৫ বোতল ফেনসিডিল, ১টি প্রাইভেটকার, ১টি অ্যাম্বুলেন্স, ১টি মোটরসাইকেল, ৫টি মোবাইল, ১টি ভেনিটি ব্যাগ, মাদক বিক্রয়ের নগদ ১ লাখ ২৩ হাজার ৯০০ টাকা উদ্ধার করা হয় বলেও জানান তিনি। তিনি বলেন , রাজধানীর বিভিন্ন থানা এলাকায় অভিযান পরিচালনা করে ডিএমপির বিভিন্ন অপরাধ ও গো য়েন্দা বিভাগ অস্ত্র ও মাদকদ্রব্য উদ্ধারসহ তাদের গ্রেফতার করে। গ্রেফতারদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে বলেও জানান তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৪.০৭.২০২৬ রুবাইয়া)

## পল্লবীতে কিশোরীকে ধর্ষণের পর সেপটিক ট্যাংকে ফেলে দিলো প্রতিবেশী

রাজধানীর মিরপুরের পল্লবীতে ১৪ বছর বয়সী এক কিশোরীকে জোর করে তুলে নিয়ে ধর্ষণের অভিযোগ উঠেছে এক প্রতিবেশীর বিরুদ্ধে। এ ঘটনায় অভিযুক্ত যুবক মো. আনোয়ার হোসেন সাঈদকে (৫০) গণপিটুনি দিয়ে পুলিশে সোপর্দ করেছে স্থানীয় জনতা। গুরুতর আহত অবস্থায় ভুক্তভোগী কিশোরীকে ঢাকা মেডিকেল কলে জ (ঢামেক) হাসপাতালে ভর্তি করা হয়েছে। শনিবার (৪ জুলাই) পল্লবী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হাসান বাসির এসব তথ্য জানান। পারিবারিক সূত্রে জানা গেছে, ভুক্তভোগী কিশোরী ও তার বড় ভাই তাদে র অসুস্থ বাবার দেখাশোনা করেন। এক বছর আগে তাদের মা মারা যান। প্রতিবেশী আনোয়ার হোসেন দীর্ঘদিন ধরে ওই কিশোরীকে বিভিন্নভাবে উত্যক্ত করাসহ কুপ্রস্তাব দিয়ে আসছিলেন। গতকাল শুক্রবার (৩ জুলাই) দিবাগত রাত আনুমানিক ২টা ৪০ মিনিটের দিকে ভুক্তভোগী কিশোরী শৌচাগার থেকে ঘরে ফিরছিল। এ সময় তার মুখ চেপে ধরে জোরপূর্বক নিজের ভাড়া বাসায় নিয়ে যান আনোয়ার। সেখানে কিশোরীকে মারধর এবং মুখে বালিশ চাপা দিয়ে অচেতন করে ধর্ষণ করেন। পরে অভিযুক্ত আনোয়ার ওই কিশোরীকে বিবস্ত্র ও অচেতন অবস্থায় বাসার পাশে সেপটিক ট্যাংকের ভেতর ফেলে রেখে পালিয়ে যাওয়ার চেষ্টা করেন। শনিবার ভোরে এক প্রতিবেশী ওজু করার জন্য কলপাড়ে গেলে সেপটিক ট্যাংকে ওই কিশোরীকে পড়ে থাকতে দেখে চিৎকার করেন। পরে স্বজন ও স্থানীয় বাসিন্দারা তাকে গুরুতর আহত অবস্থায় উদ্ধা র করে দ্রুত

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যান। বর্তমানে সেখানে তার চি কিৎসা চলছে। ঘটনাটি জানাজানি হলে স্থানীয় উত্তেজিত জনতা অভিযুক্ত আনোয়ার হো সেন সাঈদকে আটক করে গণপিটুনি দেয়। পরে পল্লবী থানায় খবর দেওয়া হলে পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে অভিযুক্তকে উদ্ধার করে হেফাজতে নেয়। এ বিষয়ে পল্লবী থানার ওসি হাসান বাসির জানান, খবর পেয়ে পুলিশ অভিযুক্তকে গ্রেফতার করেছে। ভুক্তভোগীর পরিবারের পক্ষ থেকে মামলা করা হয়েছে। ঘটনার তদন্ত এবং পরবর্তী আইনি পদক্ষেপ চলমান। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৪.০৭.২০২৬ রুবাইয়া)

## শিক্ষামন্ত্রীর নির্দেশে কেন্দ্রের সব শিক্ষক-কর্মকর্তাকে অব্যাহতি

জামালপুরের সরকারি আশেক মাহমুদ কলেজ কেন্দ্রে এইচএসসি পরীক্ষা য় ২০২৫ সালের প্রশ্নপত্রে পরীক্ষা নেওয়ার ঘটনা ঘটেছে। এ ঘটনা জানার পর শিক্ষামন্ত্রী ড . আ ন ম এহছানুল হক মিলনের নির্দেশে কেন্দ্রের দায়িত্বে থাকা সব শিক্ষক-কর্মকর্তাকে অব্যাহিত দেওয়া হয়েছে। শনিবার (৪ জুলাই) সন্ধ্যায় ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক আবু খায়ের মো . কামাল হাসান এ তথ্য জানিয়েছেন। এ বিষয়ে জানতে চাইলে সন্ধ্যায় সরকারি আশেক মাহমুদ কলেজের অধ্যক্ষ অধ্যাপক মো . শওকত আলম মীর বলেন , 'শিক্ষা বোর্ডের প্রতিনিধিরা কলেজে এসেছেন। তাদের সঙ্গে কথা বলছি। তারা যে নির্দেশনা দেবেন, সে অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। ' জানা যায়, সরকারি আশেক মাহমুদ কলেজ কেন্দ্রের ৪২০২ নম্বর কক্ষে এইচএসসির বাংলা দ্বিতীয়পত্র পরীক্ষায় ২০২৫ সালের প্রশ্নপত্র বিতরণের ঘটনা ঘটে। ওই কক্ষের সব পরীক্ষার্থী ছিলেন সরকারি জাহেদা সফির মহিলা কলে জের শিক্ষার্থী। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৪.০৭.২০২৬ রুবাইয়া)

## হাম উপসর্গে আরও দুই শিশুর মৃত্যু

দেশে হাম রোগের উপসর্গ নিয়ে সারাদেশে গত ২৪ ঘণ্টায় (শুক্রবার সকাল ৮টা থেকে শনিবার সকাল ৮টা) আরও ২ শিশু মারা গেছে। এসময় হামের উপসর্গে আক্রান্ত হয়েছে ৭৩২ জন। আর হাম শনাক্ত হয়েছে ১০১ জনের। মোট আক্রান্ত হয়েছে ৮৩৩ জন। শনিবার (৪ জুলাই) বিকেলে স্বা স্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোলরুম থেকে প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। প্রতিবেদনে বলা হয় , ১৫ মার্চ থেকে আজ পর্যন্ত মোট হাম উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি সংখ্যা ৮৭ হাজার ৯৬৬ জন। সন্দেহজনক হাম রোগীর মধ্যে এখন পর্যন্ত সুস্থ হয়ে হাসপাতাল ত্যাগ করেছেন ৮৪ হাজার ২১৮ জন। ১৫ মার্চ থেকে হামের উপসর্গে দেশে ৬৩৮ শিশুর মৃত্যুর তথ্য জানা গেছে। এসময় হাম শনাক্ত হওয়ার পর মারা গেছে ৯৩ শিশু।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৪.০৭.২০২৬ রুবাইয়া)

## ডেঙ্গু নিয়ন্ত্রণে দায় চাপানো নয় প্রয়োজন সমন্বিত উদ্যোগ

ডেঙ্গু এখন আর কেবল বর্ষাকালের রোগ নয় , এটি একটি বছরব্যাপী জনস্বাস্থ্য সংকট। এই সংকট মোকাবিলায় কেবল সিটি করপোরেশনের মশা নিধন বা হাসপাতালের ওপর নির্ভর করা যাবে না। কারও ওপর দায় না চাপিয়ে সং শ্লিষ্ট সব সংস্থা ও নাগরিকদের সমন্বিত উদ্যোগ প্রয়োজন বলে মন্তব্য করেছেন বিশেষজ্ঞরা। শনিবার (৪ জুলাই) জাগো নিউজের আয়োজনে 'ডেঙ্গু পরিস্থিতি ও আমাদের করণীয়' শীর্ষক গোলটেবিল আলোচনায় বক্তা রা এ মন্তব্য করেন। আলোচনায় অংশ নেন মেডিসিন বিশেষজ্ঞ অধ্যাপক ডা. এবিএম আব্দুল্লাহ, স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক অধ্যাপক ডা. ফোয়ারা তাসমীম, জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডা . মুশতাক হোসেন , জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক ও কীটতত্ত্ববিদ কবিরুল বাশার , ২৫০ শয্যাবিশিষ্ট টিবি হাসপাতালের উপ -পরিচালক ডা. আয়েশা আক্তার, স্বাস্থ্য অধিদপ্তরের এপিডেমিওলজিস্ট ও মেডিকেল অফিসার ডা . মো. তারিকুল ইসলাম লিমন , ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের উপ-প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. নিশাত পারভিন এবং বাংলাদেশ হেলথ রিপোর্টার্স ফোরামের সভাপতি প্রতীক ইজাজ। অধ্যাপক ডা . এবিএম আব্দুল্লাহ বলে ন, ডেঙ্গু আক্রান্ত রোগীদের জন্য কোনো অ্যান্টিবায়োটিকের প্রয়োজন নেই। তবে রোগীর শরীরে যদি দ্বিতীয় কোনো ব্যাকটেরিয়াজনিত সংক্রমণ যেমন - নিউমোনিয়া, মূত্রনালির সংক্রমণ বা টাইফয়েড দেখা দেয়, তখন চিকিৎসকের পরামর্শে অ্যান্টিবায়োটিক দেওয়া যেতে পারে। তিনি বলেন , শুধু প্লাটিলেট কমে গেলেই প্লাটিলেট দিতে হবে - এমন কোনো নিয়ম নেই। রক্তও প্রয়োজন হয় তখনই যখন রোগীর রক্তক্ষরণ হয় বা হিমোগ্লোবিন কমে যায়। চিকিৎসক প্রয়োজন মনে করলেই কেবল রক্ত বা প্লাটিলেট দেওয়া উচি ত।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৪.০৭.২০২৬ রুবাইয়া)

## সিলেটে তীব্র লোডশেডিং, অতিষ্ঠ জনজীবন

সিলেটে তীব্র গরম আর ঘন ঘন লোডশেডিংয়ে অতিষ্ঠ জনজীবন। শনিবার (৪ জুলাই) সকাল থেকেই বিভিন্ন এলাকায় তীব্র লোডশেডিং হচ্ছে। এতে বিপর্যস্ত হয়ে পড়েছে জনজীবন। বিশেষ করে ভোগান্তিতে পড়েছেন শ্রমজীবী , শিশু, বয়স্ক ও অসুস্থরা। বিদ্যুৎ উন্নয়ন বোর্ড বলছে, সিলেট বিভাগে প্রতিদিন বিদ্যুতের গড়ে চাহিদা রয়েছে ১৮০ থেকে ২০০ মেগাওয়াট। শনিবার সিলেট বিভাগের চাহিদা তুলনায় ২০ শতাংশ কম অর্থাৎ ১৬০ মেগাওয়াট সরবরাহ করা হচ্ছে। সিলেট বিভাগের মধ্যে সিলেট জেলায় চাহি দা রয়েছে ১৫০ মেগাওয়াট। তার বিপরীতে শনিবার সরবরাহ করা হচ্ছে ১২০ মেগাওয়াট। এদিকে, এ অবস্থার মধ্যে শনিবার সিলেটে বছরের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে। আজ সিলেটে সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৭ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস। এর আগে শনিবার সকাল থেকেই কড়া রোদ ও

তাপদাহের কারণে বাইরে বের হওয়া কঠিন হয়ে পড়ছে। এতে ভোগান্তিতে পড়েন শ্রমজীবী ও সাধারণ মানুষ। প্রয়োজন ছাড়া অনেকেই বাসবাড়ি থেকে বের হননি। তীব্র গরমের মধ্যে ঘন ঘন লোডশেডিংয়ের কারণে ঘর -বাইরে দুর্ভোগ পোহাতে হচ্ছে। কোথাও আধা ঘণ্টা , কোথাও এক থেকে দুই ঘণ্টা পর্যন্ত বিদ্যু ৎ না থাকায় বাসাবাড়ি , ব্যবসা প্রতিষ্ঠান ও অফিস -আদালতে স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। এদিকে , শনিবার সকাল থেকে লোডশেডিং চললেও বিকেল তিনটার দিকে বিদ্যুৎ বিভাগ থেকে লোডশেডিং হবে বলে ঘোষণা দেওয়া হয়। বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিক্রয় ও বিতরণ বিভাগ ১ এবং ২ এর ফেসবুক পেইজে বলা হয় , চাহিদার তুলনায় জাতীয় গ্রিড থেকে বিদ্যুৎ সরবরাহ কম থাকায় বিকেল ৩টা থেকে সাময়িকভাবে লোডশেডিং কার্যক্রম শুরু হয়েছে। জাতীয় গ্রিড থেকে পর্যাপ্ত বিদ্যুৎ সরবরাহ পাওয়া মাত্রই লোডশেডিং প্রত্যাহার করে স্বাভাবিক বিদ্যুৎ সরবরাহ পুনরায় চালু করা হবে। বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সিলেট অঞ্চলের প্রধান প্রকৌশলী মোহাম্মদ ইমাম হোসে ন বলেন, গেল দুই-তিনদিন কিন্তু লোডশেডিং হয়নি। তবে আজকে থেকে আবার লোডশেডিং করতে হচ্ছে। কারণ চাহিদার তুলনায় ২০ শতাংশ বিদ্যুৎ আমরা কম পাচ্ছি।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৪.০৭.২০২৬ রুবাইয়া)

## জেলা-উপজেলায় হবে একটি করে মানসম্মত প্রতিবন্ধী স্কুল

সমাজকল্যাণ এবং মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রী ডা. এজেডএম জাহিদ হোসেন বলেছেন, প্রতিবন্ধীদের কর্মমুখী শিক্ষায় গড়ে তুলতে জেলা ও উপজেলা পর্যায়ে একটি করে গুণগতমানের প্রতিবন্ধী স্কুল প্রতিষ্ঠার লক্ষ্যে কাজ করছে সরকা র। শনিবার (৪ জুলাই) দুপুরে রংপুর জেলা সমাজসেবা অধিদপ্তর পরিদর্শন শেষে গ ণমাধ্যম কর্মীদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন।

মন্ত্রী বলেন, দেশে মোট ২ হাজার ৬০০টি প্রতিবন্ধী স্কুল রয়েছে। এর মধ্যে ৮৫টি নিবন্ধিত এবং ৭৫টি এমপিওভুক্ত। এছাড়া চলতি বছরের ১৮ ফেব্রুয়ারি পর্যন্ত মন্ত্রণালয়ের পক্ষ থেকে সারাদেশের ১ হাজার ৭০০টি স্কুল পরিদর্শন করা হয়েছে। আমরা দেশের প্রত্যেক জেলা ও উপজেলায় একটি করে স্ট্যান্ডার্ড প্রতিবন্ধী স্কুল স্থাপন নিয়ে কাজ করছি। প্রতিবন্ধীদের বিষয়ে এজেডএম জাহিদ হোসেন বলেন , আন্তর্জাতিক হিসাব মতে , বাংলাদেশের মোট জনসংখ্যার শতকরা ৬ ভাগ প্রতিবন্ধী মানুষ রয়েছে। দেশে প্রায় ৪৫ লাখ নিবন্ধিত প্রতিবন্ধী রয়েছে। সেই প্রতিবন্ধীদের সাপোর্ট করাসহ জনসম্পদে পরিণত করতে কাজ করা হচ্ছে। সারাদেশে ৪৫টি মোবাইল থেরাপি ইউনিট প্রতিবন্ধীদের জন্য এলাকায় গিয়ে কাজ করছে। আগামীতে এর কার্যক্রম বৃদ্ধি করা হবে। সমাজকল্যাণ মন্ত্রী বলেন , প্রত্যেক পরিবার ফ্যামিলি কার্ড পাবে। সরকারের উদ্যোগে সংশ্লিষ্ট ব্যক্তিদের বাড়ি বাড়ি গিয়ে কার্ড পৌঁছে দেওয়া হবে। তবে উপকারভোগী হতে হলে কিছু মানদণ্ড রয়েছে। উপকারভোগীদের ফ্যামিলি কার্ডের আওতায় আনতে প্রথমে জনবল নিয়োগ, প্রশিক্ষিত জনবল তৈরি এবং বাড়ি বাড়ি গিয়ে তথ্য সং গ্রহ করা হবে। এরপর পরিবারের প্রয়োজনীয় তথ্য কম্পিউটার যাচাই করে নির্ধা রণ করবে কারা ফ্যামিলি কার্ডের সুবিধা পাবেন। আগামী ১০ থেকে ১২ সপ্তাহের মধ্যে রংপুর নগরীসহ সারাদেশের প্রত্যেক উপজেলায় ফ্যামিলি কার্ড বিতরণের কার্যক্রম চালু হবে। তিনি বলেন , সমাজকল্যাণ মন্ত্র ণালয়ের আওতাধীন প্রতিটি সেবা কার্যক্রমে এখন আর কোনো নগদ অর্থ প্রদানের ব্যবস্থা নেই। সরাসরি উপকারভোগীর ব্যাংক অ্যাকাউন্টে টাকা চলে যাচ্ছে। ফ্যামিলি কার্ডের টাকাও উপকারভোগী সরাসরি ব্যাং কের মাধ্যমে পাচ্ছেন। মধ্যস্বত্বভোগী না থাকায় উপকারভোগীরা স্বস্তিতে রয়েছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৪.০৭.২০২৬ রুবাইয়া)

## জাগো বাহে তিস্তা বাঁচাই' আন্দোলন সফল হয়েছে: মির্জা ফখরুল

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী এবং বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন , 'জাগো বাহে তিস্তা বাঁচাই' আন্দোলন সফল হয়েছে। প্র ধানমন্ত্রী পার্লামেন্টে দাঁড়িয়ে বলেছেন, যে কোনো মূল্যে তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়ন করা হবে। ইনশাআল্লাহ , এ পরিকল্পনার মাধ্যমে আমাদের তিস্তা অব বাহিকার মানুষ নতুন জীবন ফিরে পাবে। শনিবার (৪ জুলাই) বিকেলে লালমনিরহাটের এম টি হোসেন ইনস্টিটিউট মাঠে সামাজিক সংগঠন 'আলোকিত লালমনিরহাট'র আয়োজনে অনুষ্ঠিত এক সমাবেশে তিনি এসব কথা বলে ন। সমাবেশে মির্জা ফখরুল বলেন, আমরা ফ্যাসিস্টদের বিরুদ্ধে লড়াই-সংগ্রাম করেছি। অনেক মামলা-মোকদ্দমা হয়েছে, অনেক প্রাণ ঝরে গেছে; কিন্তু আমরা মাথা নিচু করিনি। দেশনেত্রী বেগম খালেদা জিয়া ও আমাদের নেতা তারেক রহমানের নেতৃত্বে আমরা বিজয় ছিনিয়ে এনেছি। তিনি বলেন , আজ আমরা এমন একটি পরিবেশ পেয়েছি , যা নতুন বাংলাদেশ গড়ার জন্য উপযুক্ত। আমাদের নেত্রী বেগম খালেদা জিয়াকে আমরা হারিয়েছি, যিনি আপসহীন নেতৃত্ব দিয়ে আমাদের এগিয়ে নিয়ে গেছেন। তবে আমরা এখন নতুন এক নেতাকে পেয়েছি, যিনি আমাদের শুধু স্বপ্নই দেখাচ্ছেন না, বরং নতুন বাংলাদেশ গড়ার সুনির্দিষ্ট পরিকল্পনাও দিচ্ছেন। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রী এবং লালমনিরহাট -৩ আসনের সংসদ সদস্য অধ্যক্ষ আসাদুল হাবিব দুলুর ভূয়সী প্রশংসা করে এলজিআরডি মন্ত্রী ব লেন, বাংলাদেশের যে কয়েকজন দূরদর্শী নেতা সমাজকে বদলে দিতে চান, তাদের মধ্যে আসাদুল হাবিব দুলু অন্যতম। তিনি শুধু একজন রাজনীতিবিদ , সংসদ সদস্য বা মন্ত্রী নন; তিনি একজন সমাজ সংস্কারক। মাদকের আগ্রাসনে আজ আমাদের সমাজ ও যুবসমাজ যখন পরাজিত হচ্ছে, তখন এর প্রতিরোধ গড়ে তুলতে দুলু জনগণকে সঙ্গে নিয়ে যে কাজ শুরু করেছেন, আমাদের সবাইকে সেভাবেই কাজ করতে হবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন 'আলোকিত লালমনিরহাট'র সভাপতি ও লালমনিরহাট জেলা প্রশাসক

মোহাম্মদ রাশেদুল হক প্রধান। এতে মুখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ত্রাণমন্ত্রী অধ্যক্ষ আসা দুল হাবিব দুলু। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৪.০৭.২০২৬ রুবাইয়া)

## যেখানেই অবহেলা-দুর্নীতি সেখানেই চাকরিচ্যুতি: স্বাস্থ্যমন্ত্রী

যেখানে অবহেলা-দুর্নীতি সেখানেই চাকরিচ্যুতি, বদলি আমি বিশ্বাস করি না বলে মন্তব্য করেছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। তিনি বলেছেন, 'কাজ করতে হবে সততার সঙ্গে। দুর্নীতি, ঘুস বাণিজ্য বন্ধ করতে হবে। এটাকে আমরা কোনো প্রশ্রয় দেব না। ' শনিবার (৪ জুলাই) দুপুরে নরসিংদীর শিশু একাডেমি মিলনায়তনে আয়োজিত নরসিংদী ডায়াবেটিক সমিতির ৩১তম বার্ষিক সাধারণ সভায় প্রধান অতিথির বক্ত ব্যে তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, দেশের প্রতিটি মেডিকেল কলেজ হাসপাতালে ৫০ শয্যার ডায়ালাইসিস সেন্টার করা হবে। ইউনিয়নের কমিউনিটি ক্লিনিকগুলোকে সংস্কারের মাধ্যমে নতুনভাবে সাজিয়ে আরও ডাক্তার এবং স্বাস্থ্যকর্মী নিয়োগ করা হবে। এছাড়া ফ্যামিলি প্ল্যানিং সেন্টারগুলো উন্নত করা হবে। স্বাস্থ্যখাতে এ বছরই একটা বিপ্লবের সূচনা করতে চাচ্ছি আমরা। স্বাস্থ্যমন্ত্রী বলেন, এ বছর ৫০ জন শিক্ষার্থী নিয়ে নরসিংদী মেডিকেল কলেজের কার্যক্রম শুরু করা হচ্ছে। নরসিংদী নার্সিং ইনস্টিটিউটে হবে শিক্ষার্থীদের ক্লাস। আর নরসিংদী নার্সিং ইনস্টিটিউটের ক্লাস হবে ২৫০ শয্যা জেলা হাসপাতালের নতুন ভবনে। চীনের সহযোগিতায় যে অত্যাধুনিক ১৮টি হাসপাতাল বাংলাদেশে হবে, এর একটি হবে নরসিংদীতে। তবে চেষ্টা করব শহরের আশেপাশে করতে। নরসিং দীর জেলা প্রশাসক ও ডায়াবেটিক সমিতির সভাপতি ইসরাত জাহান কেয়ার সভাপতিত্বে অনুষ্ঠানের উদ্বোধন করেন নরসিংদী সদর আসনের সংসদ সদস্য খায়রুল কবির খোকন। এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নরসিংদী -৩ (শিবপুর) আসনের সংসদ সদস্য মনজুর এলাহী, নরসিংদী-৫ (রায়পুরা) আসনের সংসদ সদস্য আশরাফ উদ্দিন বকুল, জেলা পরিষদের চেয়ারম্যান তোফাজ্জল হোসেন প্রমুখ। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৪.০৭.২০২৬ রুবাইয়া)

## জুলাই কারও একার নয়, সবার অর্জন: প্রধানমন্ত্রী

জুলাই গণঅভ্যুত্থানে মানুষ দল -মত ভুলে রাস্তায় নেমে এসেছিল , তাদের সম্মান করতে হবে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, জুলাই অভ্যুত্থান কোনো দল বা ব্যক্তির নয়, এটি দেশের সব মানুষের অর্জন। জুলাইতে এত মানুষ জীবন দিয়েছে, তাদের লক্ষ্য ছিল এ দেশের পরিবর্তন। শনিবার (৪ জুলাই) রাজধানীর চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে জুলাই আন্দোলনে নিহতদের স্মরণে আয়োজিত 'জুলাই জাতীয় সম্মেলনে' এসব কথা বলেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, যারা মানুষ হত্যা করেছে, তাদের বিচার এ দেশের আইন অনুযায়ী হবে। স্বৈরাচার যেমন বিচারের নামে অবিচার করেছে, আমরা যেন বিচারের নামে কোনো অন্যায় না করি। সে জন্য খেয়াল রাখতে হবে। প্রয়োজনে সময় লাগবে, তবুও আইন অনুযায়ী যেন সঠিক বিচার হয়। তিনি বলেন , এমনভাবে দেশ গড়তে চাই, যেখানে মানুষ তার ন্যায্য অধিকার ও সম্মান পাবে। যেখানে সবা র জন্য নিরাপদ রাষ্ট্র হবে। জাতিকে দ্বিধাবিভক্ত করে দেশকে এগিয়ে নেওয়া যায় না উল্লেখ করে তারেক রহমান বলেন , যারা বাংলাদেশের অস্তিত্বে বিশ্বাস করে, দেশকে ঐক্যবদ্ধ রাখতে তাদের এগিয়ে আসতে হবে। বক্তব্যের একপর্যায়ে ব্যক্তিগত অভিজ্ঞতার কথাও তুলে ধরেন প্রধানমন্ত্রী। তিনি বলেন , 'যদি মাকে জিজ্ঞেস করতে পারতাম — মা, আপনার ওপর ১৭ বছর যে অন্যায় -জুলুম, মানসিক নির্যাতন হয়েছে… তাদের বিরুদ্ধে এখন প্রতিশোধ নেই? মা বলতো, প্রতিহিংসা নয়, তোমার দায়িত্ব সবাইকে নিয়ে দেশকে এগিয়ে নিয়ে যাওয়া।' (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ রিহাব)

## ৫ আগস্টেই আওয়ামী লীগের রাজনৈতিক মৃত্যু হয়েছে দাফন হয়েছে দিল্লিতে

২০২৪ সালের ৫ আগস্টে ছাত্র-জনতার অভ্যুত্থানের মধ্য দিয়ে আওয়ামী লীগের রাজনৈতিক মৃত্যু হয়েছে বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, সেই আওয়ামী লীগের দাফন হয়ে গেছে দিল্লিতে। শনিবার (৪ জুলাই) রাজধানীর আগারগাঁওয়ের বাংলা দেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে জুলাই -আগস্ট অভ্যুত্থান, শোক ও বি জয়ের বর্ষপূর্তি উপলক্ষে আয়োজিত জুলাই জাতীয় সম্মেলনে তিনি এসব কথা বলেন। স্ব রাষ্ট্রমন্ত্রী বলেন, সন্ত্রাসী কর্মকাণ্ডের দায়ে রাজনৈতিক দল হিসেবে শিগগি র আওয়ামী লীগকে বিচারের কাঠগড়ায় দাঁড় করানো হবে। এ বিষয়ে প্রয়োজনীয় প্রক্রিয়া চলমান রয়েছে। একই সঙ্গে তিনি জুলাই চেতনা নিয়ে ব্যবসা না করার আহ্বান জানান। তিনি সবাইকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানিয়ে বলেন, আগামীর বাংলাদেশ বিনির্মাণে জাতির প্রত্যাশা অনেক। অর্থনৈতিক অবস্থা বিবেচনায় সবাইকে ধৈর্য ধারণ করতে হবে। সরকার তার পরিকল্পনা অনুযায়ী কাজ করছে। স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন , বিদেশে অবস্থান করে পতিত স্বৈরাচার ও তাদের সহযোগীরা দেশের স্থিতিশীলতা বিনষ্ট এবং গণতান্ত্রিক সরকারের বিরুদ্ধে নানা ধরনের ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। এসব অপতৎপরতার বিরুদ্ধে সরকার সতর্ক রয়েছে। জুলাই আন্দোলনের প্রসঙ্গ তুলে সালাহউদ্দিন আহমদ বলেন , জুলাইয়ের স্বপ্ন ও চেতনা ধারণ করে দেশকে এগিয়ে নিতে হবে। সেই চেতনার বাস্তবায়নের মধ্য দিয়েই বাংলাদেশ কাঙ্ক্ষিত উন্নয়ন ও অগ্রগতির পথে এগিয়ে যাবে।

(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ রিহাব)

## চকবাজার খাজা মার্কেটে আগুন, কাজ করছে ৬ ইউনিট

রাজধানীর চকবাজার খাজা মার্কেটের আশিক টাওয়ারে আগুন লেগেছে। আগুন নিয়ন্ত্রণে ৬টি ইউনিট কাজ করছে ফায়ার সার্ভিস। শনিবার (৪ জুলাই) দুপুর ১টা ৩৪ মিনিটে আগুন লাগার খবর পায় ফায়ার সার্ভিস বলে জানান মিডিয়া সেলের ইন্সপেক্টর আনোয়ারুল ইসলাম। তিনি জানান, চকবাজার খাজা মার্কেটের আশিক টাওয়ারের পাঁচতলা ভবনের তৃতীয় তলায় আগুন লাগার খবর আসে। সঙ্গে সঙ্গে লালবাগ ও সিদ্দিক বাজার ফায়ার স্টেশন থেকে ছয়টি ইউনিট পাঠানো হয়। প্রাথমিকভাবে আগুন লাগার কারণ ও ক্ষয়ক্ষতির পরিমাণ জানাতে পারেননি ফায়ার সার্ভিসের এই কর্মকর্তা। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ রিহাব)

## বাজেট বাস্তবায়ন হলে অর্থনীতি ঘুরেদাঁড়াবে: অর্থমন্ত্রী

চলতি অর্থবছরের বাজেট যথাযথভাবে বাস্তবায়িত হলে দেশের অর্থনীতি ঘুরে দাঁড়াবে বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেন, বিদেশি বিনিয়োগকারীদের মধ্যে বাংলাদেশ নিয়ে আগ্রহ বাড়ছে। আগামী দিনে বাংলাদেশ বিদেশি বিনিয়োগের অন্যতম কেন্দ্রবিন্দুতে পরিণত হবে। শনিবার (৪ জুলাই) বেলা ১১টায় চট্টগ্রাম নগরের বন্দর থানার ইশান মিস্ত্রি হাট সড়কের সংস্কারকাজ পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। অর্থমন্ত্রী বলেন, সরকার চট্টগ্রামকে দেশের প্রধান লজিস্টিক হাব হিসেবে গড়ে তুলতে কাজ করছে। বন্দর, অর্থনৈতিক অঞ্চল ও ফ্রি জোনগুলো পুরোপুরি চালু হলে এ অঞ্চলের অর্থনৈতিক কর্মকাণ্ডে নতুন গতি আসবে এবং চট্টগ্রামের চিত্র বদলে যাবে। তিনি বলেন, বিদেশি বিনিয়োগকারীদের মধ্যে বাংলাদেশ নিয়ে আগ্রহ বাড়ছে। বিশেষ করে চীনের অনেক বিনিয়োগকারী বাংলাদেশে বিনিয়োগ করতে চান। সরকার তাদের জন্য প্রয়োজনীয় সহায়ক পরিবেশ নিশ্চিত করতে কাজ করছে। আমির খসরু মাহমুদ চৌধুরী বলেন, চট্টগ্রামের আনোয়ারায় অর্থনৈতিক অঞ্চল বাস্তবায়নে যা যা প্রয়োজন — সরকার তা করবে। বিনিয়োগকারীদের জন্য প্রয়োজনীয় জমি ও অবকাঠামো নিশ্চিত করা হবে। একনেক সভায় চীনা অর্থনৈতিক অঞ্চল অনুমোদন পেয়েছে। পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কাজ সম্পন্ন করা হবে জানিয়ে মন্ত্রী বলেন, অর্থনৈতিক কর্মকাণ্ডের গতি বাড়লে চট্টগ্রাম বাস্তব অর্থেই দেশের বাণিজ্যিক রাজধানী হিসেবে প্রতিষ্ঠিত হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ রিহাব)

## ৩০০ কোটির হাসপাতাল, ৪০ বছর পর শুধুই ঝোপঝাড়

যে হাসপাতালের ভিত্তিপ্রস্তর একদিন দেশের ক্যান্সার চিকিৎসায় নতুন দিগন্তের স্বপ্ন দেখিয়েছিল, চার দশক পর সেটিই এখন পরিত্যক্ত স্থাপনা। ১৯৮৫ সালে ঢাকার ধামরাইয়ের চৌহাট ইউনিয়নের রাজাপুর এলাকায় প্রায় ১৬ একর জমির ওপর ৩০০ কোটি টাকা ব্যয়ে একটি আধুনিক ক্যান্সার হাসপাতাল নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছিল। তবে অর্থসংকট ও উদ্যোক্তার মৃত্যুর কারণে দীর্ঘ ৪০ বছরেও হাসপাতালটি চালু না হয়ে বর্তমানে এটি মাদকসেবীদের আড্ডা ও পরিত্যক্ত স্থাপনায় পরিণত হয়েছে। দীর্ঘদিন অযত্নে পড়ে থাকায় ভবনগুলো ঘিরে জন্মেছে ঘন ঝোপঝাড়। সরেজমিনে দেখা যায়, ওয়ার্শী ও পাইকপাড়া গ্রামের সীমানাজুড়ে নির্মিত বিশাল হাসপাতাল কমপ্লেক্সে নেই কোনো চিকিৎসাসেবা ও জনসমাগম। চিকিৎসক ও কর্মকর্তাদের আবাসিক ভবন, শিক্ষার্থীদের থাকার ব্যবস্থা, মসজিদ, পুকুরসহ বিভিন্ন স্থাপনা এখন নীরব সাক্ষী হয়ে দাঁড়িয়ে আছে একটি অপূর্ণ স্বপ্নের। অধিকাংশ ভবনের দরজা-জানালা নষ্ট হয়ে গেছে। চারপাশে আগাছা ও লতাপাতায় ঢেকে গেছে চলাচলের পথ। সূত্র জানায়, ১৯৮৫ সালে শিল্পপতি খান মোহাম্মদ ইকবাল তার প্রয়াত বাবার স্মৃতিকে ধারণ করে একটি আন্তর্জাতিক মানের ক্যান্সার হাসপাতাল প্রতিষ্ঠার উদ্যোগ নেন। ক্যান্সারে বাবাকে হারানোর পর দেশের মানুষ যেন উন্নত চিকিৎসার জন্য বিদেশে যেতে বাধ্য না হন—এই লক্ষ্য নিয়েই প্রকল্পটির যাত্রা শুরু হয়। শুরুর দিকে ধাপে ধাপে নির্মাণকাজ চললেও অর্থসংকট, রাজনৈতিক অস্থিরতা এবং নানা জটিলতায় প্রায় ২০ বছর আগে কাজ থেমে যায়। বর্তমানে প্রকল্পটি ইকবাল আহমেদ ফাউন্ডেশনের তত্ত্বাবধানে রয়েছে। ফাউন্ডেশনের ম্যানেজার মোর্শেদ চৌধুরী বলেন, খান মোহাম্মদ ইকবালের বাবা ক্যান্সারে আক্রান্ত হয়ে মারা যান। চিকিৎসার জন্য তাকে বিভিন্ন দেশে নিতে হয়েছিল। সেই অভিজ্ঞতা থেকেই তিনি দেশে একটি আধুনিক ক্যান্সার হাসপাতাল প্রতিষ্ঠার সিদ্ধান্ত নেন। সেই স্বপ্ন বাস্তবায়নের কাজ শুরু হলেও শেষ পর্যন্ত তা পূর্ণতা পায়নি। তিনি বলেন, ২০১৭ সালে শিল্পপতি খান মোহাম্মদ ইকবালের মৃত্যুর পর প্রকল্পটির কার্যক্রম একেবারেই স্থবির হয়ে পড়ে। সরকার বা কোনো ব্যক্তি কিংবা প্রতিষ্ঠান যদি এটি চালুর দায়িত্ব নেয়, তাহলে মালিকপক্ষ প্রয়োজনীয় সহযোগিতা করতে প্রস্তুত। স্থানীয়দের মতে, হাসপাতালটি চালু হলে শুধু ধামরাই নয়, সাভার, মানিকগঞ্জ, টাঙ্গাইল ও গাজীপুর জেলার লাখো মানুষ উন্নত চিকিৎসাসেবার সুযোগ পাবেন। ধামরাই সরকারি কলেজের শিক্ষার্থী আবীর বলেন, এত বড় একটি হাসপাতাল পরিত্যক্ত পড়ে থাকা খুবই দুঃখজনক। এটি চালু হলে পুরো অঞ্চলের মানুষ উপকৃত হবেন। এখন শুধু ভবনগুলো নষ্ট হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ রিহাব)

## চাঁপাইনবাবগঞ্জ সীমান্তে রাতভর পুশ-ইনের চেষ্টা করেও ব্যর্থ বিএসএফ

চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জে চকপাড়া সীমান্ত দিয়ে বিএসএফের ১২ জনকে বাংলাদেশে ঠেলে পাঠানোর (পুশ-ইন) চেষ্টা বিজিবি ও স্থানীয় গ্রামবাসীর যৌথ তৎপরতায় ব্যর্থ হয়েছে। শুক্রবার (৩ জুলাই) রাত ১১টার দিকে উপজেলার চকপাড়া বিওপির বিপরীতে ভারতের মুসলিমপাড়া এলাকায় এ ঘটনা ঘটে। স্থানীয়রা জানায়, রাত ১১টার দিকে বিএসএফ ১২

জন নারী-পুরুষকে সীমান্ত পেরিয়ে বাংলাদেশে পাঠানোর চেষ্টা করে। খবর পেয়ে বিজিবি সদস্যরা ঘটনাস্থলে পৌঁছালে শত শত গ্রামবাসীও সীমান্ত এলাকায় অবস্থান নেন। এতে পুশ -ইনের চেষ্টা ব্যর্থ হলে বি এসএফ ওই ব্যক্তিদের আবার ভারতের অভ্যন্তরে নিয়ে যায়। বিজিবি জানায়, বিএসএফ সীমান্তের বর্ডার সিকিউরিটি লাইট বন্ধ করে পুশ -ইনের চেষ্টা চালায়। খবর পে য়ে বিজিবির টহলদল দ্রুত ঘটনাস্থলে গিয়ে সতর্ক অবস্থান নেন। এ সময় সংশ্লিষ্ট ব্যক্তিরা ভারতের অভ্যন্তরে প্রায় ৬০০ গজ দূরে অবস্থান করছিলেন। ঘটনার পর বিজিবি স্থানীয় গ্রামবাসীকে সঙ্গে নিয়ে সী মান্ত এলাকায় নজরদারি জোরদার করে। পরে শনিবার ভোর সাড়ে ৪টার দিকে বিএসএফ ওই ১২ জনকে নিজস্ব যানবাহনে করে ভারতের মালদার একটি হোল্ডিং সেন্টারে নিয়ে যায়। মহানন্দা ব্যাটালিয়ন (৫৯ বিজিবি)-এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মোহাম্মদ তাজুল ইসলাম চৌধুরী বিষয়টি নিশ্চিত করেছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ রিহাব)

## সাগরে লঘুচাপ, বন্দরে সতর্ক সংকেত

উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উত্তর উড়িষ্যা -পশ্চিমবঙ্গ উপকূলীয় এলাকায় অবস্থানরত লঘুচাপটি ঘনীভূত হয়ে সুস্পষ্ট লঘুচাপ আকারে একই এলাকায় অবস্থান করছে। এর প্রভাবে সমুদ্র বন্দরসমূহ, উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকার উপর দিয়ে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। লঘুচাপের প্রভাবে চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে তিন নম্বর স্থানীয় স তর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। শনিবার (৪ জুলাই) আবহাওয়া অধিদপ্তরের এক সতর্কবার্তায় এ তথ্য জানানো হয়। সতর্কবার্তায় উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরা র নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ রিহাব)

## আইন লঙ্ঘন করে ২৫৭ কর্মকর্তাকে চাকরিচ্যুত করেছে এইচএসবিসি

এইচএসবিসি বাংলাদেশের রিটেইল ব্যাংকিং কার্যক্রম বন্ধের নামে ২৫৭ কর্মকর্তাকে বেআইনিভাবে চাকরিচ্যুত করা হয়েছে বলে অভিযোগ করেছেন ক্ষতিগ্রস্ত কর্মকর্তারা। তাদের দাবি, কর্মীদের ছাঁটাইয়ের ক্ষেত্রে শ্রম আইন অনুসরণ না করে বাংলাদেশ ব্যাংককে এক ধরনের তথ্য এবং কর্মীদের কাছে ভিন্ন তথ্য দেওয়া হয়েছে। এতে তারা আইনগত অধিকার ও প্রাপ্য সুবিধা থেকে বঞ্চিত হয়েছেন। শনিবার (৪ জুলাই) রাজধানীর ইকোনমিক রিপোর্টার্স ফোরামের (ইআরএফ) অডিটরিয়ামে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব অভিযোগ তুলে ধরেন ক্ষতিগ্রস্ত কর্মকর্তারা। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন চাকরিচ্যুত কর্মকর্তা মোহাম্মদ কামরুল ইসলাম, আনু রায়হান, সুবক্তগিন মাহমুদ, আলমগীর কবির, মুস্তাফিজুর রহমান, মনজুর মোর্শেদসহ অন্যরা। লিখিত বক্তব্য পাঠ করেন এইচএসবি সির সাবেক কর্মকর্তা আলমগীর কবির। পরে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন সিনিয়র আইনজীবী মোকাররম হোসেন সাকলায়েন। লিখিত বক্তব্যে বলা হয়, ২০২৬ সালের ৩১ মার্চ রিটেইল ব্যাংকিং কার্যক্রম বন্ধের সিদ্ধান্তের মাধ্যমে একযোগে ২৫৭ কর্মকর্তাকে চাকরিচ্যুত করা হয়। তাদের অনেকেই ১৫ থেকে ২৫ বছর ধরে ব্যাংকটিতে কর্মরত ছিলেন। তাদের অভিযোগ, বাংলাদেশ ব্যাংকের কাছে পাঠানো নথিতে কর্মীদের 'রিট্রেঞ্চড' বা ছাঁটাইকৃত হিসেবে উল্লেখ করা হলেও কর্মীদের হাতে দেওয়া হয়েছে শ্রম আইনের ২৬ ধারার সাধারণ চাকরিচ্যুতির চিঠি। এর মাধ্যমে ছাঁটাই -সংক্রান্ত ক্ষতিপূরণ ও অন্যান্য আইনগত সুবিধা থেকে বঞ্চিত করা হয়েছে। ক্ষতিগ্রস্ত কর্মকর্তাদের দাবি, কেন্দ্রীয় ব্যাংকের অনুমোদন নিতে এক ধরনের তথ্য ব্যবহার করা হলেও কর্মীদের ক্ষেত্রে সম্পূর্ণ ভিন্ন অবস্থান নেওয়া হয়েছে। বিষয়টিকে তারা বাংলাদেশ ব্যাংককে বিভ্রান্ত করার কৌশল বলে উল্লেখ করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ রিহাব)

## বিদ্যালয়ের পাশে ময়লার ভাগাড় ক্লাসেই অসুস্থ হচ্ছে শিক্ষার্থীরা

শরীয়তপুরের জাজিরার কা জিরহাট বন্দরের ময়লা -আবর্জনা বছরের পর বছর ফেলা হচ্ছে একটি খোলা স্থানে। সেই ভাগাড়ের পাশেই রয়েছে একটি সরকারি প্রা থমিক বিদ্যালয়। শুধু তাই নয়, ময়লার স্তূপের আশপাশেই চলছে প্রকাশ্যে মলমূত্র ত্যাগ। ফলে তীব্র দুর্গন্ধে অতিষ্ঠ কোমলমতি শিক্ষার্থীরা। অনেকেই অসুস্থ হচ্ছে, ব্যাহত হচ্ছে পাঠদান। বিদ্যালয় সূত্র জানায়, ১৯৯৫ সালে জাজিরা উপজেলার বড়কান্দি ইউনিয়নের কাজিরহাট ডুবিসায়বর বন্দর এলাকায় প্রতিষ্ঠা করা হয় ডুবিসায়বর হাট সরকারি প্রাথমিক বিদ্যালয়। বর্তমানে প্রতিষ্ঠানটিতে ছয়জন শিক্ষক ও ২৩৬ জন শিক্ষার্থী রয়েছে। বিদ্যালয়টি চালুর কয়েক বছর পর এ প্রতিষ্ঠানের পাশেই ময়লা -আবর্জনা ফেলা শুরু করে হাটের লোকজন। একপর্যায়ে চারদিকে প্রাচীর দেওয়া হলেও, বিদ্যালয়ের পেছনে ফেলা ময়লা -আবর্জনার দুর্গন্ধে শ্রেণিকক্ষে বসে পাঠ গ্রহণ করা শিক্ষার্থীদের জন্য হয়ে উঠেছে এক কঠিন পরীক্ষা। দুর্গন্ধ থেকে বাঁ চতে অধিকাংশ সময় জানালা-দরজা বন্ধ রেখেই চলে পাঠদান। কিন্তু তাতেও মিলছে না স্বস্তি। বাতাসের সঙ্গে ভেসে আসা দুর্গন্ধে মাঝেমধ্যেই অসুস্থ হয়ে পড়ছে শিক্ষার্থীরা। অনেকেই বমি ও মাথাব্যথাসহ নানা শারীরিক সমস্যায় ভুগছে।সরেজমিনে গিয়ে দেখা যায়, বিদ্যালয়ের পাশে ময়লার ভাগাড়ের কাছে প্রকাশ্যে মূত্রত্যাগ করছেন এক ব্যক্তি। এটা এখানকার নিত্যদিনের চিত্র। শ্রেণিকক্ষে ময়লার তীব্র গন্ধে নাক চেপে ক্লাস করছেন শিক্ষার্থীরা। অনেক শিক্ষার্থী আবার গন্ধের কারণে জানালা থেকে দূরে বসেছেন। বিদ্যালয়ের পেছনে মূত্রত্যাগ করতে নিষেধ করে বড় আকারে সাইনবোর্ড ঝোলানো রয়েছে। কিন্তু তা উপেক্ষা করে সাইনবোর্ডের নিচেই মলমূত্র ত্যাগ করছেন অনেকেই। পঞ্চম শ্রেণির শিক্ষার্থী মোহাম্মদ আদম শেখ বলেন, 'আমরা নাকে হাত দিয়ে ক্লাস করি। দরজা -জানালা বন্ধ রাখলেও প্রচুর গন্ধ আসে। অনেক সময় গন্ধে বমি করে দিয়েছি। অনেক বন্ধুরা এই স্কুল ছেড়ে অন্য স্কুলে চলে গেছে। ' দুর্গন্ধে অতিষ্ঠ বিদ্যালয়ের শিক্ষক -শিক্ষিকারাও। অস্বাস্থ্যকর পরিবেশে পাঠ দান

ব্যাহত হচ্ছে প্রতিনিয়ত। শিক্ষকদের অভিযোগ , বহুবার সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানানো হলেও এখনো মেলেনি কার্যকর কোনো উদ্যোগ। বিদ্যালয়ের পাশ থেকে দ্রুত ময়লার ভাগাড় সরিয়ে নেওয়ার দাবি জানিয়েছেন তারা। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ রিহাব)

## যুক্তরাষ্ট্র-ইরানের শান্তি চুক্তি সমৃদ্ধি নিয়ে আসবে: স্পিকার

জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম তেহরানে ইরানের নিহত সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলী খামেনির রাষ্ট্রীয় অন্ত্যেষ্টিক্রিয়ায় বাংলাদেশের পক্ষে শ্রদ্ধা জ্ঞাপন করেছেন। তেহরানের গ্রান্ড মাসাল্লায় আয়োজিত ভাবগাম্ভীর্যপূর্ণ এ অনুষ্ঠানে নিহত আলী খামেনির বিদেহী আত্মার জন্য দোয়া করেন তিনি। পাশাপাশি স্পিকার ইরানের রাষ্ট্রপতি মাসুদ পেজেশকিয়ানসহ উচ্চপদস্থ নেতা দের সঙ্গে সাক্ষাৎ করে বাংলাদেশ সরকার ও জনগণের পক্ষে শোকসন্তপ্ত ইরানি জাতির প্রতি সহমর্মিতা প্রকাশ করেন ও শোকবার্তা পৌঁছে দেন। পরে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ সেখানে রাখা শোক বইতে স্বাক্ষর করেন। শনিবার (৪ জুলাই) সংসদ সচিবালয় থেকে পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। স্পিকার সম্প্রতি ইরান ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে স্বাক্ষরিত শান্তি সমঝোতা স্মারক বাস্তবায়নে স্পিকার গালিবাফের গঠনমূলক ভূমিকার ভূয়সী প্রশংসা করেন। তিনি আশা প্রকাশ করেন , এই চুক্তি ইরানসহ সমগ্র অঞ্চলে স্থায়ী শান্তি, স্থিতিশীলতা এবং সমৃদ্ধি নিয়ে আসবে। বাংলাদেশ এই শান্তি প্রক্রিয়ার প্রতি সমর্থন বজায় রাখবে এবং সংলাপ ও কূটনীতির মাধ্যমে সব সমস্যার স্থায়ী সমাধান হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। পরে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম ইরানের ক্রীড়া মন্ত্রী আহমাদ দুনিয়ামালীর সঙ্গে বৈঠক করেন , যেখানে দেশটির ক্রীড়া মন্ত্রী তাদের দেশে ক্রিকেট খেলার উন্নয়নে বাংলাদেশের সহায়তা চান। এছাড়াও তিনি দুই দেশের মধ্যে খেলাধুলার ক্ষেত্রে সহযোগিতা সম্প্রসারণের জন্য একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের আগ্রহ প্রকাশ করলে স্পিকার এই বার্তা বাংলাদেশের যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী র নিকট পৌঁছে দেবেন মর্মে জানান। এর আগে স্পিকার ইরানের ইসলামিক কনসালটেটিভ অ্যাসেম্বলির স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাফের সঙ্গে এক দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হন। ইরানের প্রয়াত সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির রাষ্ট্রীয় শেষকৃত্য অনুষ্ঠানে যোগ দিতে শুক্রবার তেহরান পৌঁছান স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম। বিমানবন্দরে তাকে উষ্ণ অভ্যর্থনা জানান ইরানের ডেপুটি স্পিকা র হামিদ রেজা হাজি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ রিহাব)

## ডেঙ্গু মোকাবিলায় সার্বিকভাবে প্রস্তুত সোহরাওয়ার্দী হাসপাতাল

রাজধানীতে বর্ষা মৌসুম শুরু র আগেই ডেঙ্গুর প্রকোপ বাড়তে শুরু করেছে। এমন পরিস্থিতিতে রোগটি মোকাবিলায় শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল সার্বিকভাবে প্রস্তুত রয়েছে বলে জানিয়েছেন প্রতিষ্ঠানটির সহযোগী অধ্যাপক ডা. কাজী এম এ হাসান। তিনি বলেন, 'বর্ষা মৌসুমের আগেই এবার ডেঙ্গুর প্রকো প শুরু হয়েছে। বর্তমানে আমরা প্রচুর রোগী পাচ্ছি। তবে আশার বিষয় হলো , সরকারের বিভিন্ন উদ্যোগ এবং সিটি করপোরেশনে র পরিচ্ছন্নতা কার্যক্রমের কারণে আগের বছরের মতো তীব্র অবস্থা দেখা যাচ্ছে না। ' ডা. হাসান জানান, বসিলা ও নদীতীরবর্তী এলাকাসহ নিম্নাঞ্চল থেকে বেশি রো গী সোহরাওয়ার্দী হাসপাতালে আসছেন। বর্তমানে ভর্তি হওয়া অধিকাংশ রোগীর জ্বর হালকা থেকে মাঝারি মাত্রার। কিছু রোগীর প্লাটিলেট কমলেও ডেঙ্গু শক সিনড্রোম বা সংকটাপন্ন অবস্থায় যাওয়া রোগী তুলনামূলক কম। ডেঙ্গু রোগীদের চিকিৎসা প্রস্তুতির বিষয়ে তিনি বলেন, হাসপাতালে তাদের জন্য বিশেষ বেডের ব্যবস্থা রয়েছে। গুরুতর রোগীদের নিবিড় পর্যবেক্ষণের পাশাপাশি সার্বক্ষণিক চিকিৎসক দল কাজ করছে। যাতে কোনো রোগী চিকিৎসাসেবা থেকে বঞ্চিত না হন , সে বিষয়টি নিশ্চিত করা হচ্ছে। ডা . হাসানের মতে, ডেঙ্গু প্রতিরোধই সবচেয়ে গুরুত্বপূর্ণ। এজন্য বা সাবাড়ি ও আশপাশে কোথাও যেন পরিষ্কার পানি জমে না থাকে , সেদিকে সবাইকে খেয়াল রাখতে হবে। দিনের বেলাতেও মশারি ব্যবহার করতে হবে। বিশেষ করে শিশুদের ফুলহাতা জামা ও লম্বা প্যান্ট পরিয়ে রাখতে হবে , যাতে এডিস মশার কামড় থেকে তারা সুরক্ষিত থাকে। ডেঙ্গুর উপসর্গ সম্পর্কে এই চিকিৎসক বলেন, প্রথমে হালকা বা মাঝারি মাত্রার জ্বর হতে পারে, যা পরে তীব্র আকার ধারণ করতে পারে। এর সঙ্গে শরীরব্যথা, চোখের পেছনে ব্যথা, বমি, তলপেটে ব্যথা বা প্রস্রাব লালচে হয়ে যাওয়ার মতো উপসর্গ দেখা দিলে দ্রুত চিকিৎসকের শরণাপন্ন হতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ রিহাব)

## ডেঙ্গু প্রতিরোধে ১০ অঞ্চলে একযোগে ডিএসসিসির 'ক্লিনিং ডে'

পরিচ্ছন্ন ও ডেঙ্গুমুক্ত নগর গঠনে নাগরিকদের সম্পৃক্ত করতে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি) ১০টি অঞ্চলে একযোগে 'ক্লিনিং ডে' কর্মসূচি পালন করেছে। কর্মসূচির অংশ হিসেবে পরিচ্ছ ন্নতা অভিযান, সচেতনতামূলক র্যা লি এবং লিফলেট বিতরণ করা হয়। শনিবার (৪ জুলাই) রাজধানীর বিভিন্ন এলাকায় 'নিজ আঙিনা পরিষ্কার রাখি, পরিচ্ছন্ন নগর গড়ি' প্রতিপাদ্যে এ কর্মসূচি আয়োজন করে ডিএসসিসি। এ সময় নগর পরিচ্ছন্নতা বজায় রাখা এবং ডেঙ্গু প্রতিরোধে নাগরিকদের সক্রি য়ভাবে অংশ নেওয়ার আহ্বান জানানো হয়। শান্তিনগরে অঞ্চল -১ ও অঞ্চল-২-এর যৌথ কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিএসসিসির প্রশাসক বীর মুক্তিযোদ্ধা মো . আবদুস সালাম। ডিএসসিসি জানায়, প্রধানমন্ত্রীর ঘোষিত সাপ্তাহিক পরিচ্ছন্নতা দিবসকে আরও কার্যকর করতে প্রতি মাসের প্রথম শনিবার সংস্থাটির আওতাধীন এলাকায় 'ক্লিনিং ডে' পালন করা হচ্ছে। দিনব্যাপী কর্মসূচির অংশ হিসেবে বিভি ন্ন এলাকায় পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার পাশাপাশি জনসচেতনতামূলক র্যা লি, লিফলেট বিতরণ এবং সঠিক বর্জ্য

ব্যবস্থাপনা বিষয়ে প্রচারণা চালানো হয়। সরকারি -বেসরকারি প্রতিষ্ঠান, শিক্ষাপ্রতিষ্ঠান, বাজার, শপিং কমপ্লেক্স এবং আবাসিক এলাকার বাসিন্দাদের নিজ নিজ আঙিনা ও আশপাশ পরিষ্কার রাখার আহ্বান জানানো হয়। একই সঙ্গে যত্রতত্র বর্জ্য না ফেলে নির্ধারিত স্থানে ফেলা এবং ডেঙ্গু প্রতিরোধে এডিস মশার প্রজননস্থল ধ্বংসে সচেতন হওয়ার পরামর্শ দেওয়া হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ রিহাব)

## ৫ আগস্টের মধ্যে জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর উদ্বোধন

আগামী ৫ আগস্টের মধ্যে জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর উদ্বোধন করা হবে। তবে প্রধানমন্ত্রী যেদিন সময় দেবেন, সেদিনই আনুষ্ঠানিকভাবে জাদুঘরটি র উদ্বোধনের তারিখ নির্ধারণ করা হবে। শনিবার (৪ জুলাই) সংস্কৃতিবিষয়ক প্রতিমন্ত্রী আলী নেওয়াজ মাহমুদ খৈয়ম জাগো নিউজকে এ তথ্য জানান। সংস্কৃতিবিষয়ক প্রতিমন্ত্রী বলেন, 'আজ আমরা জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর পরিদর্শন করেছি। এখনো কিছু কাজ বাকি রয়েছে। তবে আগামী ৫ আগস্টের আগেই জাদুঘরটির উদ্বোধন করা হবে। এটি মোটামুটি নিশ্চিত।' প্রতিমন্ত্রী বলেন, 'কবে উদ্বোধন হবে সেই বিষয়ে প্রধানমন্ত্রীর কাছে সময় চাওয়া হবে, তিনি যেদিন সময় দেবেন সেদিনই উদ্বোধন করা হবে।' উদ্বোধনের পর এটি সাধারণ দর্শনার্থীদের জন্য উন্মুক্ত করা হবে বলে সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয় থেকে জানানো হয়েছে। শনিবার জাদুঘর পরিদর্শন করেছেন সংস্কৃতিবিষয়ক মন্ত্রী নিতাই রায় চৌধুরী, প্রতিমন্ত্রী। পরিদর্শন শেষে জাদুঘরের গেটের সামনে সাংবাদিকদের ব্রিফিং করার কথা ছিল। কিন্তু পরে ব্রিফিং স্থগিত করা হয়। জুলাই গণঅভ্যুত্থা নের ইতিহাস, শহীদদের আত্মত্যাগ এবং আন্দোলনের বিভিন্ন পর্যায়ের তথ্য -উপাত্ত সংরক্ষণের লক্ষ্যে গণভবনে প্রতিষ্ঠা করা হয়েছে জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর। জাদুঘরটি উদ্বোধনের ঘোষণা এর আগেও একাধিকবার দেওয়া হয়েছিল। অন্তর্বর্তী সরকারের সময়ে তৎকালীন প্রধান উপদে ষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস জাদুঘর পরিদর্শন করে দ্রুত চালুর নির্দেশনা দিয়েছিলেন। পরে তৎকালীন সংস্কৃতি উপদেষ্টা মোস্তফা সরয়ার ফারুকী ২০২৫ সালের ৫ আগস্ট উদ্বোধনের ঘোষণা দিলেও তা বাস্তবায়ন হয়নি। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৪.০৭.২০২৬ রিহাব)

## জুলাই জাতীয় সম্মেলন: বিচার ও স্মৃতিচিহ্ন সংরক্ষণের দাবি শহীদ পরিবারের

জুলাই গণঅভ্যুত্থানে শহীদদের স্মরণ এবং তাদের আত্মত্যাগকে সম্মান জানা তে রাজধানীতে আয়োজিত হয়েছে জুলাই জাতীয় সম্মেলন। এতে শহীদ পরিবারের সদস্যরা দ্রুত বিচার, জুলাই স্মৃতিচিহ্ন সংরক্ষণ ও রাষ্ট্রীয় স্বীকৃতি নিশ্চিত করার দাবি জানান। আহত যোদ্ধারা তুলে ধরেন নিজেদের বঞ্চনার কথা। শনিবার (৪ জুলাই) আগারগাঁওয়ের বাংলাদেশ চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে এ সম্মেলন হয়। 'সবার আগে বাংলাদেশ' মূলমন্ত্রকে সামনে রেখে আয়োজিত সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী তারেক রহমান। প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন জানান, রক্তাক্ত জুলাই বিপ্লবের শহীদদের স্মরণে এই আয়োজন ক রা হয়। অনুষ্ঠানের মূল মঞ্চের ব্যানারে লেখা ছিল, 'গর্বিত ইতিহাস, অদম্য চেতনা ৪ জুলাইয়ের এই দিনে হোক সবার অনুপ্রেরণা, যে আত্মত্যাগ ইতিহাসকে বদলে দিয়ে ছে।' জাতীয় সংসদের চিফ হুইপ নূরুল ইসলাম মনির সভাপতিত্বে অনুষ্ঠানের শুরুতে শহীদদের স্মরণে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়। এতে মন্ত্রিসভার সদস্য, সংসদ সদস্য, দেশের শীর্ষস্থানীয় রাজনীতিবিদ, বিভিন্ন দেশের রাষ্ট্রদূত ও হাইকমিশনার, সামরিক ও বেসামরিক ঊর্ধ্বত ন কর্মকর্তা এবং পেশাজীবী নেতারা উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ রিহাব)

## জুলাই আন্দোলনে শহীদ পরিবার ও আহতদের স্মৃতি স্মারক দিলেন প্রধানমন্ত্রী

জুলাই আন্দোলনে শহীদ পরিবার ও আহতদের হাতে স্মৃতি স্মারক তুলে দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শনিবার (৪ জুলাই) রাজধানীর বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত 'জুলাই জাতীয় সম্মেলন ২০২৬'-এ তিনি স্মৃতি স্মারক তুলে দেন। অনুষ্ঠানে জুলাই -২৪ গণ-অভ্যুত্থানে শহীদ মিরাজের বাবা আব্দুর রব মিয়া প্রতিনিধি হিসেবে প্রধানমন্ত্রীর কাছ থেকে স্মৃতি স্মারক গ্রহণ করে ন। এরপর শহীদ সেলিমের ভাই উজ্জ্বল হোসেন, জুলাই আন্দোলনে আহত আল মিরাজ এবং জুলাইযোদ্ধা মোহাম্মদ আমিনুল ইসলাম ইমন প্রধানমন্ত্রীর হাত থেকে স্মৃতি স্মারক গ্রহণ করেন। এ সময় সঞ্চালক জানান, অনুষ্ঠানে উপস্থিত প্রতিনিধি হিসেবে কয়েকজন স্মৃতি স্মারক গ্রহণ করলেও জুলা ই স্মৃতি পরিবারের সব সদস্যের জন্য স্মৃতি স্মারক সংরক্ষিত রয়েছে। নির্ধারিত সময়ে সেগুলো প্রত্যেক শহীদ পরিবার ও জুলাই আন্দোলনে আহতদের কাছে পৌঁছে দেওয়া হবে। চিফ হুইপ নূরুল ইসলাম মনিরের সভাপতিত্বে অনুষ্ঠিত স্মরণ সভায় জুলাই বিপ্লবের শহীদ ও আহতদের পরিবারের সদস্যরা অংশ নেন। অনুষ্ঠানের শুরুতে শহীদদের স্মরণে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়। এতে মন্ত্রিসভার সদস্য, সংসদ সদস্য, দেশের শীর্ষস্থানীয় রাজনীতিবিদ, বিভিন্ন দেশের রাষ্ট্রদূত ও হাইকমিশনার, সামরিক ও বেসামরিক ঊর্ধ্বতন কর্মকর্তা এবং পেশাজীবী নেতারা উপস্থি ত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ রিহাব)

## একজন মানুষের ইগো যে দেশ-দলকে ধ্বংস করতে পারে তার প্রমাণ শেখ হাসিনা

জুলাই গণঅভ্যুত্থানের মাধ্যমে ক্ষমতাচ্যুত হয়ে ভারতে আশ্রয় নেওয়া সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ বছরই দেশে ফিরবেন বলে যে ঘোষণা দিয়েছেন, এর কঠোর সমালোচনা করেছেন তার সরকারের সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী তানজিম আহমেদ সোহেল তাজ। শনিবার (৪ জুলাই) সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে নিজের ভেরিফায়েড পেজে দেওয়া

এক পোস্টে তিনি এ সমালোচনা করেন। সোহেল তাজ বলেন , 'একজন মানুষের ইগো বা অহঙ্কার যে একটি দেশ এবং দলকে ধ্বংস করতে পারে তার প্রমাণ হচ্ছে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং তার পরিবার।' সাবেক প্রধানমন্ত্রীর দেশে ফেরার প্রসঙ্গে তিনি বলেন , 'গণহত্যা, গুম, খুন, দুর্নীতি করে, গণতন্ত্র কবর দিয়ে , মুক্তিযুদ্ধের চেতনাকে অপব্যবহার করে, দেশ এবং মানুষের সঙ্গে বিশ্বাসঘাতকতা করে, আওয়ামী লীগকে ধ্বংস করে, ছাত্র-জনতার ঝাঁটাপেটা খেয়ে পালিয়ে গিয়ে, দুর্নীতি ও লুটপাট করে লক্ষ লক্ষ কোটি টাকা বিদেশে পাচার করে, সেই টাকার পাহাড়ে বসে আবার এখন ফেরার কথা বলে আওয়ামী লীগের নিরীহ নেতাকর্মীদের বিপদে ফেলার আরেকটি ভণ্ডামি করছে।'
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ রিহাব)

## স্কুলে বসে মদপান করা সেই প্রধান শিক্ষক বরখাস্ত

সিরাজগঞ্জের শাহজাদপুরের নুকালি বহুপার্শিক উচ্চ বিদ্যালয়ে পরীক্ষা চলাকালে নিজ কক্ষে বসে মদপান করে বিরূপ আচরণ করা প্রধান শিক্ষক রুহুল আমিনকে বরখাস্ত করা হয়েছে। শনিবার (৪ জুলাই) মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) এক চিঠিতে এ তথ্য জানানো হয়। চিঠিতে তার এমপিও স্থগিতের সিদ্ধান্তের কথাও উল্লেখ করা হয়েছে। জানা যায় , গত বৃহস্পতিবার সকালে উপজেলার পোতাজিয়া ইউনিয়নের নুকালি বহুপার্শিক উচ্চ বিদ্যালয়ে পরীক্ষা চলাকালে নিজ কক্ষে মদপানের একটি ভিডিও ছড়িয়ে পড়ে। ভিডিওতে দেখা যায় , প্রধান শিক্ষক নিজ কক্ষে চেয়ারে বসে মাতলামি করছেন। বিদ্যালয়ে তখন এইচএসসি পরীক্ষা চলছিল। খবর পেয়ে স্থানীয় কয়েকজন সাংবাদিক সেখানে উপস্থিত হন। তাদের সঙ্গে তিনি দুর্ব্যবহার করেন বলে অভিযোগ ওঠে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ রিহাব)

## চকবাজারের আশিক টাওয়ারের আগুন নিয়ন্ত্রণে

রাজধানীর চকবাজারের খাজা মার্কেটের আশিক টাওয়ারে লাগা আগুন নিয়ন্ত্রণে এনেছে ফায়ার সার্ভিস। শনিবার (৪ জুলাই) দুপুর ১টা ৩৪ মিনিটে আগুন লাগার খবর পেয়ে ঘটনাস্থলে যায় ফায়ার সার্ভিস। ফায়ার সার্ভিসের মিডিয়া সেলের ইন্সপেক্টর আনোয়ারুল ইসলাম বলেন, চকবাজার খাজা মার্কেটের আশিক টাওয়ারের আটতলা ভবনটির তৃতীয় তলায় আগুনের সূত্রপাত। তিনি বলেন, আগুন লাগার খবর পেয়ে লালবাগ ও সিদ্দিকবাজার ফায়ার স্টেশন থেকে ছয়টি ইউনিট আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে। পরে বিকাল ৩টা ১৪ মিনিটে আগুন সম্পূর্ণ নিয়ন্ত্রণে আসে। তবে প্রাথমিকভাবে আগুন লাগার কারণ এবং হতাহতের তথ্য পাওয়া যায়নি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ রিহাব)

## কারিগরি শিক্ষায় অগ্রাধিকার দিচ্ছে সরকার পানিসম্পদ মন্ত্রী

পানিসম্পদ মন্ত্রী শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি বলেছেন, জেনারেল পড়ালেখার পাশাপাশি মাধ্যমিক বিদ্যালয়ে (হাই স্কুল) কারিগরি শিক্ষায় অগ্রাধিকার দিচ্ছে সরকার। শনিবার (৪ জুলাই) দুপুরে লক্ষ্মীপুরের চন্দ্রগঞ্জ উপজেলার প্রতাপগঞ্জ উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। এর আগে তিনি বিদ্যালয়টির একটি নবনির্মিত একাডেমিক ভবন উদ্বোধন করেন। এ্যানি চৌধুরী লক্ষ্মীপুর-৩ (সদর) আসনের সংসদ সদস্য ও বিএনপি যুগ্ম মহাসচিব। শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি বলেন , শিক্ষার্থীদের ফলাফল ভালো করার ক্ষেত্রে সরকারের পক্ষ থেকে সহায়তা দেওয়া প্রয়োজন। সে লক্ষ্যে সরকার পাই লট প্রোগ্রাম হিসেবে প্রাইমারীতে মিড ডে ফুড চালু করেছে। হাই স্কুলে সরকার কারিগরি শিক্ষার দিকে নজর দিয়েছে। জেনারেলি পড়ালেখার পাশাপাশি সরকারের কারিগরি শিক্ষায় অগ্রাধিকার থাকবে। এছাড়া উপবৃত্তির ব্যবস্থাও আছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ রিহাব)

## নেত্রকোনার ভবানীপুর সীমান্তে অবিস্ফোরিত মর্টার শেল উদ্ধার

নেত্রকোনার দুর্গাপুর উপজেলার ভবানীপুর সীমান্তের বাংলাদেশের অভ্যন্তরে একটি অবিস্ফোরিত মর্টার শেল উদ্ধার হয়েছে। শনিবার (৪ জুলাই) দুপুর পৌনে ১২টার দিকে সীমান্তবর্তী একটি নালায় মাছ ধরতে গিয়ে স্থানীয় কয়েকটি শিশু কাদার নিচে মর্টার শেলটি দেখতে পায়। এরপর স্থানীয়রা বিষয়টি বিজিবিকে জানায়। বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)-এর ৩১ বিজিবি ব্যাটালিয়নের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয় , জেলার দুর্গাপুর উপজেলার ভবানীপুর বিওপির দায়িত্বপূর্ণ এলাকায় সীমান্ত পিলার ১১৯৫/১০-এস থেকে প্রায় ৩০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে মর্টার শেলটি পাওয়া যায়। এটি প্রায় ৬০ মিলিমিটার আকারের একটি অবিস্ফোরিত মর্টার শেল। বিজ্ঞপ্তিতে বলা হয় , স্থানীয় বাসিন্দা মো. আমজাদ আলী (৩০) শিশুদের কাছ থেকে বিষয়টি জানতে পেরে নালা থেকে মর্টার শেলটি এনে নিজের বাড়ির পাশে নিরাপদ স্থানে রাখেন এবং তাৎক্ষণিকভাবে ভবানীপুর বিওপিকে খবর দেন। খবর পেয়ে বিজিবির একটি টহল দল ঘটনাস্থলে গিয়ে মর্টার শেলটি শনাক্ত করে। পরে নিরাপত্তার স্বার্থে সেটিকে বালুর বস্তা দিয়ে ঢেকে রাখা হয় এবং ঘটনাস্থলে প্রয়োজনীয় নিরাপত্তাব্যবস্থা জোরদার করা হয়। বিজিবি জানায়, সেনাবাহিনীর বোম্ব ডিসপোজাল দলের সঙ্গে সমন্বয় করে মর্টার শেলটি নিষ্ক্রিয় করার উদ্যোগ নেওয়া হয়েছে। বিশেষজ্ঞ দল ঘটনাস্থলে পৌঁছে শেলটি ধ্বংস করার পর এ বিষয়ে বিস্তারিত জানানো হবে। অবিস্ফোরিত মর্টার শেল উদ্ধারের বিষয়টি নেত্রকোনা ৩১ বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল তৌহিদুল বারী বিষয়টি নিশ্চিত করেছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ রিহাব)

## জুলাই হত্যার প্রতিটি ঘটনার বিচার করতে সরকার বদ্ধপরিকর আইনমন্ত্রী

আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান বলেছেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের দেখানো পথই জুলাই য়ের স্বপ্ন বাস্তবায়নের পথ। সেই পথ ধরেই এগিয়ে যাওয়া হবে। পাশাপাশি জুলাই হত্যাকাণ্ডের প্রতিটি ঘটনার বিচার করতে সরকা র বদ্ধপরিকর। শনিবার (৪ জুলাই) রাজধানীর বাংলাদেশ চীন মৈত্রী আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত জুলাই জাতীয় সম্মেলনে বক্তব্য দিতে গিয়ে তিনি এসব কথা বলেন। আইনমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী তার প্রতিটি বক্তব্যে বলেছেন, সরকার জুলাই সনদের প্রতিটি অনুচ্ছেদ অক্ষরে অক্ষরে পালন করতে বদ্ধপরিকর। 'একটি শ্রেণি জুলাই ও জুলাই সনদকে বিভ্রান্ত করার জন্য তথাকথিত গণভোটের মাধ্যমে একধরনের দাবি তুলেছে। সরকার সুনির্দিষ্টভা বে উপস্থাপন করেছে যে, এটি জুলাই সনদের অংশ নয়। এরপরও তারা অন্য পথ অবলম্বনের চেষ্টা করছে,' যোগ করেন তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ রিহাব)

## বাঁশখালীতে ৩০ হাজার ইয়াবাসহ আটক ১

চট্টগ্রামের বাঁশখালী উপজেলায় ৩০ হাজার ইয়াবাসহ এক ব্যক্তিকে আটক করেছে পুলিশ। এ সময় ইয়াবা পরিবহনে ব্যবহৃত একটি স্কুটিও জব্দ করা হয়। শনিবার (৪ জুলাই) এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায় পুলিশ। এর আগে শুক্রবার রাতে বাঁশখালী থানার সামনে দক্ষিণ জলদী এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটক ব্যক্তির নাম মো . জিয়া (৪০)। তিনি কক্সবাজারের কুতুবদিয়া উপজেলার আলী আকবর ডেইল এলাকার পুতুইন্না পাড়ার বাসিন্দা। পুলিশ জানায়, অভিযানের সময় একটি স্কুটি তল্লাশি করে সামনের অংশে রাখা একটি কাঁধের ব্যাগ থেকে ৩০ হাজার ইয়াবা জব্দ করা হয়। পরে জিয়াকে আটক করা হয়। আনোয়ারা সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মাহমুদুল হাসান বলেন , জব্দ করা ইয়াবা ও স্কুটি টি জব্দ করা হয়েছে। এ ঘটনায় বাঁশখালী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করা হয়েছে। আটক ব্যক্তিকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ রিহাব)

## স্বাস্থ্যসেবার গুণগত পরিবর্তন প্রয়োজন: অর্থমন্ত্রী

শুধু বাজেট বরাদ্দ বা বিনিয়ো গ বাড়ালেই স্বাস্থ্যসেবার কাঙ্ক্ষিত উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেছেন , স্বাস্থ্যসেবার পুরো ব্যবস্থাকে নতুনভাবে সাজাতে হবে এবং গুণগত পরিবর্তন আনতে হবে। এ জন্য চিকিৎসক , শিক্ষক ও সংশ্লিষ্ট পেশাজীবীদের নিজেদের দা য়িত্ব ও পেশাদারিত্বের জায়গা থেকে পরিবর্তনের উদ্যোগ নিতে হবে। শনিবার (৪ জুলাই) দুপুরে চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) হাসপাতালে আয়োজিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অর্থমন্ত্রী বলেন , সরকার প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয়তা, অগ্রাধিকার, কার্যকারিতা ও পরিবেশগত বিবেচনাকে গুরুত্ব দিচ্ছে। অতীতের মতো দুর্নীতি বা ব্যক্তিস্বার্থের ভিত্তিতে নয়, বরং যেসব প্রকল্প থেকে জনগণ সর্বোচ্চ উপকৃত হবে, সেসব প্রকল্পেই বিনিয়োগ করা হচ্ছে। স্বাস্থ্যখাতেও একই নীতি অনুসরণ করা হবে। তিনি বলেন , প্রাথমিক ও প্রতিরোধমূলক স্বাস্থ্যসেবা জোরদারে সরকার এক লাখ কর্মী নিয়োগ দিচ্ছে। প্রতিরোধমূলক স্বাস্থ্যসেবা কার্যকর হলে মেডিকেল কলেজ হাসপা তালসহ বড় হাসপাতালগুলোর ওপর রোগীর চাপ কমে আসবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ রিহাব)

## ডেঙ্গু রোগীর তথ্যে গরমিল, দিশাহারা ঢাকার দুই সিটি করপোরেশন

স্বাস্থ্য অধিদপ্তরের দেওয়া ডেঙ্গু রোগীর তালিকায় গরমিল থাকছে বলে অভিযোগ ঢাকার দুই সিটি করপোরেশনের। সংস্থা দুটি বলছে , অধিদপ্তর রোগীদের যে ঠিকানা দেয় তার অনেকগুলোই ভুল বা অসম্পূর্ণ। ফলে মশক নিধন কার্যক্রমে বড় ধরনের বাধার সম্মুখীন হতে হচ্ছে তাদের। বিষয়টি সমাধানে স্বাস্থ্য অধিদপ্তরকে বারবার চিঠি দেওয়া হলেও কোনো সমাধান হচ্ছে না বলে জানিয়েছে সিটি করপোরেশন কর্তৃপক্ষ। সা ধারণত যে বাড়িতে ডেঙ্গু রোগীর সন্ধান পাওয়া যায় , সে বাড়ির আশপাশে পরিষ্কার -পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করে ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি) ও ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি)। সংশ্লিষ্টরা জানান, প্রতিদিন স্বাস্থ্য বিভাগ থেকে ডেঙ্গু আক্রান্তের যে তালিকা দেওয়া হয়, বাস্তবে অধিকাংশ রোগীকে খুঁজে পাওয়া যায় না। বিশেষ করে ডেঙ্গু আক্রান্ত রোগীর মোবাইল নম্বর ও তাদের নাম -ঠিকানা ভুল থাকায় এ সম স্যা বেশি তৈরি হচ্ছে। এ ছাড়া ঢাকার বাইরের শত শত রোগীকে ঢাকার অস্থায়ী ঠিকানায় (আত্মীয়ের বাসা) হাসপাতালে ভর্তি করায় বিষয়টি আরও জটিল হয়ে পড়েছে। এ কারণে ডেঙ্গু পরিস্থিতি মোকাবিলা করতে পারছে না ডিএসসিসি ও ডিএনসিসি। তবে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমের সংশ্লিষ্টদের দাবি, প্রতিদিন রাজধানীর ২০টি সরকারি হাসপাতাল, ৪২টি বেসরকারি হাসপাতাল ও ঢাকা শহরের বাইরের ৭১টি হাসপাতালের ডেঙ্গু রোগীর তথ্য তারা প্রকাশ করে। প্রতিদিন ওই হাসপাতালগুলো নির্দিষ্ট ছকে কন্ট্রোল রুমে ডেঙ্গুর তথ্য পাঠায়। ওই ছকে অন্য তথ্যের সঙ্গে ২৪ ঘণ্টায় নতুন কত রোগী ভর্তি হলো, কতজনের মৃত্যু হলো, কত রোগী সুস্থ হয়ে বাড়ি গেলেন এবং কত রো গী হাসপাতালে ভর্তি ছিলেন সেই তথ্য থাকে। কন্ট্রোল রুম সব হাসপাতালের তথ্য একত্র করে তা সরকারের বিভিন্ন দপ্তর ও গণমাধ্যমে পাঠায়। এখানে স্বাস্থ্য অধিদপ্তরের কোনো কিছু করার থাকে না। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ রিহাব)

## রেডিও টুডে

### অলাভজনক রাষ্ট্রায়ত্ত কারখানা চালুর প্রক্রিয়া দ্রুত শেষ করার নির্দেশ প্রধানমন্ত্রীর

বন্ধ রাষ্ট্রায়ত্ত কারখানা চালুর প্রক্রিয়া দ্রুত শেষ করতে নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। আজ শনিবার বিকেলে তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অলাভজনক ও বন্ধ রাষ্ট্রায়ত্ত কলকারখানা পুনরায় চালুর প্রক্রিয়াগত অগ্রগতির এক সভায় প্রধানমন্ত্রী এমন নির্দেশনা দিয়েছেন বলে এ তথ্য দিয়েছেন তার উপ-প্রেস সচিব হাসান শিপলু। তিনি বলেন, আজকে বৈঠকে প্রধানমন্ত্রী তারেক রহমান এই নির্দেশনা দেন। এইসব কলকারখানা কীভাবে চালু করা যায়, পুরো প্রক্রিয়াটি স্বচ্ছভাবে সম্পন্ন করার ওপর গুরুত্বারোপ করেছেন প্রধানমন্ত্রী এবং অপ্রয়োজনীয় সময়ক্ষেপণ এড়িয়ে দ্রুত প্রক্রিয়া শেষ করতে সংশ্লিষ্টদের বলেছেন।বৈঠকে প্রধানমন্ত্রীকে জানানো হয়েছে যে, অলাভজনক কলকারখানায় বিনিয়োগে অনেক বেসরকারি কোম্পানি আগ্রহ প্রকাশ করেছে। কোম্পানিগুলো যে ধরনের শিল্পপ্রতিষ্ঠান গড়ে তোলার প্রস্তাব দিয়েছে, সেগুলোর সম্ভাব্যতা এখন যাচাই করা হবে। বৈঠকে বাণিজ্য, শিল্প এবং পাট ও বস্ত্রমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির, পাট ও বস্ত্র প্রতিমন্ত্রী শরীফুল আলম, প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান আশিক চৌধুরী, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এ বি এম আব্দুস সাত্তার এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোর সচিব ও শিল্প মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। (রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ আসাদ)

### প্রধানমন্ত্রীর নির্দেশে জাতীয় চিড়িয়াখানায় যাচ্ছে হাতি 'বাদশা বাহাদুর'

দীর্ঘদিন ধরে বগুড়ার মহাস্থান এলাকায় 'বাদশা বাহাদুর' নামে একটি হাতি দিয়ে সার্কাস পরিচালনার ঘটনায় গণমাধ্যমে প্রতিবেদন প্রকাশের পর বিষয়টি প্রধানমন্ত্রী তারেক রহমানের নজরে আসে। পরে হাতিটির কল্যাণ নিশ্চিত করতে তাকে বন বিভাগের জিম্মায় নিয়ে ঢাকা জাতীয় চিড়িয়াখানায় স্থানান্তরের নির্দেশ দেওয়া হয়। প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম এমপির উদ্যোগে হাতিটির মালিকের সঙ্গে আলোচনা করা হলে তিনি স্বেচ্ছায় হাতিটিকে বন বিভাগের কাছে হস্তান্তরে সম্মতি জানান। শনিবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে বগুড়ার মহাস্থান বন্দরে আনুষ্ঠানিকভাবে 'বাদশা বাহাদুর'কে বন বিভাগের কর্মকর্তাদের কাছে হস্তান্তর করা হয়। পরবর্তীতে হাতিটিকে ঢাকা জাতীয় চিড়িয়াখানায় নেওয়া হবে। জানা গেছে, পর্যাপ্ত খাবার ও যথাযথ পরিচর্যার অভাবে হাতিটি অসুস্থ হয়ে পড়েছিল। বিষয়টি বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত হলে হাতিটির সার্বিক কল্যাণ নিশ্চিত করতে সরকার উদ্যোগ নেয়। শিবগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা জিয়াউর রহমান বলেন, প্রধানমন্ত্রীর নির্দেশনার প্রতি সম্মান জানিয়ে হাতিটির মালিক স্বেচ্ছায় এটি বন বিভাগের জিম্মায় দিয়েছেন। সে অনুযায়ী বন বিভাগের কাছে হাতিটি হস্তান্তর করা হয়েছে। তিনি আরও বলেন, জাতীয় চিড়িয়াখানায় হাতিটির প্রয়োজনীয় চিকিৎসা, নিয়মিত পরিচর্যা এবং উপযুক্ত পরিবেশ নিশ্চিত করা হবে। সেখানে হাতিটি সুস্থ ও নিরাপদ জীবন ফিরে পাবে বলে আশা করা হচ্ছে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ আসাদ)

### পুলিশের দুই বিশেষায়িত ইউনিটের নাম পরিবর্তনের প্রস্তাব

উগ্রবাদ ও সন্ত্রাসবাদ দমনে কাজ করা পুলিশের বিশেষায়িত দুটি ইউনিট- অ্যান্টি টেররিজম ইউনিট (এটিইউ) এবং কাউন্টার টেররিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম (সিটিটিসি) এর নাম পরিবর্তনের উদ্যোগ নেওয়া হয়েছে। প্রস্তাব অনুযায়ী, এটিইউর নাম হবে স্পেশাল সিকিউরিটি ইউনিট (এসএসইউ) এবং ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) সিটিটিসির নাম হবে স্পেশাল সিকিউরিটি ইউনিট-ডিএমপি (এসএসইউ-ডিএমপি)। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, এ বিষয়ে পুলিশ সদর দপ্তর থেকে সরকারের নীতিনির্ধারণী পর্যায়ে প্রস্তাব পাঠানো হয়েছে এবং তা বর্তমানে বিবেচনাধীন রয়েছে। গত ৭ জুন পুলিশ সদর দপ্তর থেকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠানো এক প্রস্তাবে এটিইউর নাম পরিবর্তন করে 'স্পেশাল সিকিউরিটি ইউনিট (এসএসইউ)' করার অনুমোদন চাওয়া হয়। এর পরদিন ৮ জুন ঢাকা মহানগর পুলিশ কমিশনারের কাছে পাঠানো পৃথক চিঠিতে সিটিটিসির নাম পরিবর্তন করে 'স্পেশাল সিকিউরিটি ইউনিট-ডিএমপি (এসএসইউ-ডিএমপি)' করার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলা হয়। পুলিশ সদর দপ্তরের মিডিয়া শাখার এএইচএম শাহাদাত হোসেন বলেন, ইউনিটগুলোর কার্যকারিতা আরও জোরদার করতে সাংগঠনিক পুনর্গঠনের এই প্রস্তাব দেওয়া হয়েছে। একই সঙ্গে তাদের মূল নিরাপত্তা-সংক্রান্ত দায়িত্বও বহাল থাকবে। তিনি জানান, এটিইউ ও সিটিটিসির নতুন নামকরণের প্রস্তাব ইতোমধ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে এবং বিষয়টি এখনো চূড়ান্ত হয়নি।

(রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ আসাদ)

### যুক্তরাষ্ট্র বাংলাদেশের পরীক্ষিত বন্ধু রাষ্ট্রঃ জামায়াত আমির

বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের সম্পর্ক দীর্ঘদিনের এবং যুক্তরাষ্ট্র বাংলাদেশের একটি 'পরীক্ষিত বন্ধু রাষ্ট্র' বলে মন্তব্য করেছেন জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ডা. মো. শফিকুর রহমান। তিনি বলেন, পারস্পরিক স্বার্থ ও অভিন্ন লক্ষ্যকে ভিত্তি করে দুই দেশের সম্পর্ক ভবিষ্যতে আরও শক্তিশালী হবে। শনিবার জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় মার্কিন দূতাবাস আয়োজিত যুক্তরাষ্ট্রের ২৫০তম স্বাধীনতা দিবস উদযাপন অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে এসব কথা বলেন বিরোধীদলীয় নেতা ডা. মো. শফিকুর রহমান। তিনি বলেন, বাংলাদেশে আশ্রয় নেওয়া লাখ লাখ রোহিঙ্গা শরণার্থীর

মানবিক সংকটে যুক্তরাষ্ট্রের ধারাবাহিক সহায়তা দুই দেশের গভীর অংশীদারিত্বের একটি গুরুত্বপূর্ণ উদাহরণ। এ সহযোগিতার মাধ্যমে দুই দেশের পারস্পরিক আস্থা ও সম্পর্ক আরও সুসংহত হয়েছে। ডা. শফিকুর রহমান বলেন, পারস্পরিক স্বার্থ এবং অভিন্ন লক্ষ্য ও উদ্দেশ্যের ভিত্তিতে গড়ে ওঠা বাংলাদেশ-যুক্তরাষ্ট্রের দ্বিপক্ষীয় সম্পর্ক আগামী দিনে আরও সুদৃঢ় হবে বলে তারা বিশ্বাস করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ আসাদ)

## দুর্নীতি-অবহেলায় বদলি নয়, হবে চাকরিচ্যুতি: স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন এমপি বলেছেন, ‘যেখানে অবহেলা ও দুর্নীতি, সেখানেই চাকরিচ্যুতি। আমি শুধু ট্রান্সফার বা বদলিতে বিশ্বাস করি না। সততার সঙ্গে কাজ করতে হবে। দুর্নীতি ও ঘুষের বাণিজ্য বন্ধ করতে হবে। এসবের কোনো প্রশ্রয় দেওয়া হবে না।’ শনিবার দুপুরে নরসিংদী শিশু একাডেমি মিলনায়তনে আয়োজিত নরসিংদী ডায়াবেটিক সমিতির ৩১তম বার্ষিক সাধারণ সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। স্বাস্থ্যমন্ত্রী বলেন, দেশের প্রতিটি মেডিকেল কলেজ হাসপাতালে ৫০ শয্যার ডায়ালাইসিস সেন্টার স্থাপন করা হবে। ইউনিয়নের কমিউনিটি ক্লিনিকগুলো সংস্কার করে নতুনভাবে সাজানো হবে। পাশাপাশি আরও চিকিৎসক ও স্বাস্থ্যকর্মী নিয়োগ দেওয়া হবে। পরিবার পরিকল্পনা কেন্দ্রগুলোও আধুনিকায়ন করা হবে। মন্ত্রী বলেন, ‘স্বাস্থ্য খাতে চলতি বছরই আমরা একটি বিপ্লবের সূচনা করতে চাই। প্রতিটি ক্ষেত্রে নতুন নতুন কর্মসূচি হাতে নেওয়া হচ্ছে, যাতে জনগণের উন্নয়ন নিশ্চিত করা যায় এবং বাংলাদেশকে বিশ্ব মানচিত্রে মাথা উঁচু করে দাঁড় করানো যায়। আমাদের এবারের বাজেট শুধু টাকার বাজেট নয়, এটি আদর্শের বাজেট। প্রতিটি আদর্শ দুর্নীতিমুক্তভাবে বাস্তবায়ন করা হবে।’ (রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ আসাদ)

## পদ্মা রেললাইনে একের পর এক যন্ত্রাংশ চুরি, বড় দুর্ঘটনার শঙ্কা

দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের মানুষের বহুল প্রত্যাশিত ঢাকা-ভাঙ্গা-যশোর রেলপথ চালুর পর যোগাযোগের নতুন দিগন্ত উন্মোচিত হয়। প্রায় ৩৮ হাজার ৬২৯ কোটি টাকা ব্যয়ে নির্মিত ২৩৬ কিলোমিটার দীর্ঘ এই মেগাপ্রকল্প এখন নিরাপত্তাহীনতার কারণে ঝুঁকির মুখে পড়েছে। বিশেষ করে মাদারীপুরের শিবচর অংশে রেলওয়ের সিগন্যালিংব্যবস্থার গুরুত্বপূর্ণ যন্ত্রাংশ ও বৈদ্যুতিক সরঞ্জামসহ বিভিন্ন সরঞ্জাম চুরি হয়ে যাচ্ছে। এতে কম্পিউটারনির্ভর স্বয়ংক্রিয় সিগন্যাল ব্যবস্থা অকার্যকর হয়ে পড়েছে। দুর্ঘটনা এড়াতে বাধ্য হয়ে ম্যানুয়াল পদ্ধতিতে ট্রেন চালানো হচ্ছে। ফলে রাষ্ট্রের কোটি টাকার সম্পদের ক্ষতির পাশাপাশি বিঘ্নিত হচ্ছে ট্রেন চলাচল এবং বাড়ছে দুর্ঘটনার আশঙ্কা। জানা গেছে, বহুল প্রত্যাশিত পদ্মা সেতু হয়ে ঢাকা-ভাঙ্গা রেলপথটি ২০২৩ সালের ১০ অক্টোবর চালু হয়। চালুর পর থেকে প্রতিদিন হাজারো যাত্রী এই পথে যাতায়াত করছে। তবে পর্যাপ্ত নিরাপত্তার অভাবে ব্যয়বহুল এই রেলপথ এখন সংঘবদ্ধ চোরচক্রের লক্ষ্যবস্তুতে পরিণত হয়েছে। রাজধানীর সঙ্গে দক্ষিণাঞ্চলের যোগাযোগ সহজ হলেও একের পর এক সিগন্যালিংব্যবস্থার গুরুত্বপূর্ণ যন্ত্রাংশ ও কেবল চুরির ঘটনায় বিঘ্নিত হচ্ছে ট্রেন পরিচালনা এবং বাড়ছে নিরাপত্তা নিয়ে উদ্বেগ।শিবচর রেলওয়ে স্টেশনের তথ্য অনুযায়ী, এই স্টেশনের উত্তর প্রান্তে থাকা ১৩টি ট্র্যাক পটের মধ্যে ইতোমধ্যে ৯টি চুরি হয়ে গেছে। গত মধ্যরাতেও ট্র্যাক পট চুরি হয়। এর আগে গত ১৯ জুন রাতে পদ্মা রেলওয়ে স্টেশনের সিগন্যাল পয়েন্ট থেকে কয়েকটি ট্র্যাক পট খুলে নিয়ে যায় দুর্বৃত্তরা। এরও আগে ৯ জুন একই স্টেশনের শিবচর প্রান্তের সব ট্র্যাক পট চুরি হয় এবং ১৮ মার্চও একই ধরনের ঘটনায় স্টেশনটির সিগন্যালব্যবস্থা ক্ষতিগ্রস্ত হয়। এর ফলে ওই অংশের স্বয়ংক্রিয় সিগন্যালব্যবস্থা মারাত্মকভাবে ব্যাহত হয়েছে। এখন ট্রেনগুলোকে হোম সিগন্যালের কাছে এসে ম্যানুয়াল সিগন্যালের অপেক্ষায় থাকতে হচ্ছে। এতে ট্রেন চলাচলে বিলম্বের পাশাপাশি নিরাপত্তা ঝুঁকিও বাড়ছে। চুরি হওয়া সরঞ্জামের তালিকায় রয়েছে ট্র্যাক পট, ট্র্যাক ট্রান্সফরমার, সিগন্যাল কেবল, গার্ড রেলের স্ক্রু স্পাইক, অ্যাক্সেল কাউন্টার, পয়েন্ট মেশিন, স্টিল গ্রেটিং, হ্যান্ডরেল, বৈদ্যুতিক কেবল, ডিস্ট্রিবিউশন বোর্ড, ফিশ বোল্ট, ফিশ প্লেট, ইলাস্টিক রেল ক্লিপ, গেজ প্লেটসহ মূল্যবান বহু যন্ত্রাংশ। রেলওয়ের কয়েকজন কর্মী জানান, ২০২৪ সালেও স্টেশন এলাকায় নিরাপত্তা ব্যবস্থা তুলনামূলক ভালো ছিল। স্থানীয় জনপ্রতিনিধি ও পুলিশ প্রশাসনের তৎপরতায় গভীর রাতে আড্ডা বা সন্দেহজনক চলাচল কম ছিল। কিন্তু বর্তমানে স্টেশনের আশপাশে গভীর রাত পর্যন্ত বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আড্ডা, সন্দেহজনক ব্যক্তিদের আনাগোনা এবং মাদকসেবীদের উপস্থিতি উদ্বেগজনকভাবে বেড়েছে। রেলকর্মীরা তাদের সরিয়ে দিতে বা সতর্ক করতে গেলে অনেকেই কথা শোনেন না, বরং উল্টো অসদাচরণ করেন। এখন স্থানীয় জনপ্রতিনিধি, প্রশাসন ও এলাকাবাসী সমন্বিতভাবে উদ্যোগ নিলে রেলওয়ের গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় সম্পদ চুরি ও নাশকতা অনেকটাই প্রতিরোধ করা সম্ভব হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ আসাদ)

## ট্রাম্পকে অভিনন্দন জানিয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের চিঠি

যুক্তরাষ্ট্রের স্বাধীনতার ২৫০ বছরপূর্তি উপলক্ষে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পসহ দেশটির জনগণকে বাংলাদেশ সরকার ও জনগণের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন জানিয়ে চিঠি দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শনিবার ট্রাম্পকে পাঠানো ওই চিঠিতে বাংলাদেশের গণতান্ত্রিক ও উন্নয়ন যাত্রায় যুক্তরাষ্ট্রকে বিশ্বস্ত বন্ধু ও গুরুত্বপূর্ণ অংশীদার বলেও উল্লেখ করেন প্রধানমন্ত্রী। চিঠিতে তারেক রহমান বলেন, স্বাধীনতার পর থেকে মার্কিন যুক্তরাষ্ট্র বাংলাদেশের গণতান্ত্রিক ও উন্নয়নমূলক যাত্রায় এক মূল্যবান বন্ধু ও গুরুত্বপূর্ণ অংশীদার হিসেবে পাশে রয়েছে। বিগত ৫ দশকে বাংলাদেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের দ্বিপাক্ষিক সম্পর্ক, বাণিজ্য ও বিনিয়োগ, শিক্ষা, প্রতিরক্ষা এবং ব্যাপক জনগণের সম্পর্ক

অন্তর্ভুক্ত হয়ে একটি শক্তিশালী ও বহুমুখী অংশীদারিত্ব বিকশিত হয়েছে। সরকারপ্রধান বলেন, বর্তমানে আমরা দ্বিপাক্ষিক সম্পর্কের নতুন একটি অধ্যায়ে প্রবেশ করেছি, যেখানে চলতি বছরের শুরু থেকে বাণিজ্য, জ্বালানি সহযোগিতা এবং বিনিয়োগের ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। এছাড়াও রোহিঙ্গা সংকট মোকাবিলায় মার্কিন যুক্তরাষ্ট্রের অব্যাহত সমর্থন ও উদারতার জন্য আমরা গভীরভাবে কৃতজ্ঞ। চিঠিতে আগামী দশকগুলোয় যুক্তরাষ্ট্র মহত্ত্বের পথে আরও এগিয়ে যাবে এমনটা প্রত্যাশা করে তারেক রহমান বলেন, বাংলাদেশ সরকার ও আমি দু'দেশের অভিন্ন স্বার্থসংশ্লিষ্ট ক্ষেত্রগুলোয় অংশীদারিত্বকে আরও শক্তিশালী ও গভীর করতে আপনার ও মার্কিন প্রশাসনের সঙ্গে কাজ করে যাব। এই আনন্দময় উপলক্ষে আমি আপনার সুস্বাস্থ্য, দীর্ঘ জীবন ও অব্যাহত সাফল্য এবং মার্কিন যুক্তরাষ্ট্রের বন্ধুসুলভ জনগণের জন্য স্থায়ী শান্তি, সমৃদ্ধি ও সুখ কামনা করছি। (রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ আসাদ)

## ট্রিলিয়ন ডলারের অর্থনীতির দিকে এগোচ্ছে বাংলাদেশ: অর্থমন্ত্রী

দেশি-বিদেশি বিনিয়োগ যেভাবে আকৃষ্ট করা হচ্ছে, তাতে ১ ট্রিলিয়ন ডলার অর্থনীতির দিকে দেশ এগিয়ে যাচ্ছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেন, বিদেশি বিনিয়োগ, সরাসরি বিনিয়োগ, ক্যাপিটাল মার্কেটে বিনিয়োগ এবং ফান্ড ম্যানেজারদের বিনিয়োগ- সবই বাংলাদেশে আসছে। বাজেট প্রথমত বাংলাদেশের জন্য। বাংলাদেশের প্রত্যেকটি অঞ্চলের যে সম্ভাবনা আছে, সেটিকে মাথায় রেখে বাজেট করা হয়েছে এবং সেই সম্ভাবনাগুলো কীভাবে কাজে লাগানো যায়, সেটিকে গুরুত্ব দেওয়া হয়েছে। আজ শনিবার সকালে চট্টগ্রাম সফরে এসে শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে মন্ত্রী এসব কথা বলেন।চট্টগ্রামকে লজিস্টিক্যাল হাব গড়তে বড় পরিকল্পনা রয়েছে, এজন্য বিদেশি বিনিয়োগও আসছে জানিয়ে অর্থ ও পরিকল্পনা মন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেন, চট্টগ্রামে সম্ভাবনার খাত অনেক বেশি। কারণ, এখানে বন্দর আছে। শুধু সমুদ্রবন্দর নয়, চট্টগ্রামের একটি গুরুত্বপূর্ণ ভৌগোলিক ও কৌশলগত অবস্থানও রয়েছে। সবকিছু মিলিয়ে চট্টগ্রামের সম্ভাবনাকে মাথায় রেখে সরকারের পরিকল্পনায় অনেক কিছু আনা হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ আসাদ)

## জুলাই শহীদের মায়ের আবেগঘন বক্তব্যে চোখ ভিজল প্রধানমন্ত্রীর

চব্বিশের জুলাই গণঅভ্যুত্থানে শহীদদের স্মরণে আয়োজিত জাতীয় সম্মেলনে এক শহীদের মায়ের আবেগঘন বক্তব্যে আবেগাপ্লুত হয়ে পড়েন প্রধানমন্ত্রী তারেক রহমান। রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত এই স্মরণসভায় শহীদদের পরিবারের সদস্যদের স্মৃতিচারণ ও আকুতি শুনে চোখে জল আসে তার। শনিবার সকাল ১০টায় রাজধানীর শেরেবাংলা নগরের এই সম্মেলন কেন্দ্রে 'জুলাই জাতীয় সম্মেলন' ও স্মরণসভার আয়োজন করা হয়। '৩৬ জুলাই' অর্থাৎ ঐতিহাসিক জুলাই গণঅভ্যুত্থানের দ্বিতীয় বর্ষপূর্তি উপলক্ষে যৌথভাবে এই অনুষ্ঠানের আয়োজন করে 'জুলাই ২৪ শহীদ পরিবার সোসাইটি' ও 'আমরা জুলাই যোদ্ধা'। অনুষ্ঠানে গণঅভ্যুত্থানে প্রাণ হারানো কয়েকজন শহীদের পরিবারের সদস্য মঞ্চে এসে তাঁদের সন্তান ও স্বজনদের হারানোর লড়াকু দিনগুলোর স্মৃতি তুলে ধরেন। এ সময় এক শহীদ জননী তাঁর সন্তানের আত্মত্যাগের কথা বলতে গিয়ে কান্নায় ভেঙে পড়লে উপস্থিত সবার মধ্যে এক আবেগঘন পরিস্থিতির সৃষ্টি হয়। মিলনায়তনে উপস্থিত দর্শক-শ্রোতাদের পাশাপাশি সামনের সারিতে বসা প্রধানমন্ত্রী তারেক রহমানও তাঁর অশ্রু ধরে রাখতে পারেননি। অকপটেই তার চোখে পানি চলে আসে। এসময় প্রধানমন্ত্রীর দুচোখে পানি টলমল করতে দেখা যায়। (রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ আসাদ)

## আওয়ামী লীগের দাফন হয়েছে দিল্লিতে: স্বরাষ্ট্রমন্ত্রী

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, আওয়ামী লীগের রাজনৈতিক মৃত্যু হয়েছে, তাদের দাফন হয়েছে দিল্লিতে। তারা আর বাংলাদেশে রাজনীতি করতে পারবে না। শিগগিরই দল হিসেবে আওয়ামী লীগের বিচার হবে। শনিবার দুপুরে রাজধানীর চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে জুলাই আন্দোলনে নিহতদের স্মরণসভায় বিশেষ অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। 'জুলাই ২৪ শহীদ পরিবার' ও 'আমরা জুলাইযোদ্ধা' কেন্দ্রীয় কমিটির আয়োজিত এ অনুষ্ঠানে আহত জুলাইযোদ্ধা ও শহীদ পরিবারের সদস্যরা অংশ নেন। এতে মুক্তিযুদ্ধ বিষয়ক প্রতিমন্ত্রী ইঞ্জিনিয়ার ইশরাক হোসেন সভাপতিত্ব করেন। প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রী তারেক রহমান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরও বক্তব্য দেন গণপূর্তমন্ত্রী জাকারিয়া তাহের সুমন, আইনমন্ত্রী আসাদুজ্জামান এবং জাতীয় সংসদের চিফ হুইপ নুরুল ইসলাম মনি।স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, জুলাইয়ে গণহত্যা ও লাশ পুড়িয়ে ফেলার পরও শেখ হাসিনার কোনও অনুশোচনা নেই। তিনি বরং আন্দোলনকারীদের জঙ্গি হিসেবে আখ্যা দিচ্ছেন এবং তাদের বিরুদ্ধে বিষদগার করছেন। বিদেশে বসে আওয়ামী লীগের নেতারা এখনও উসকানি দিচ্ছেন বলেও অভিযোগ করেন তিনি। সালাহউদ্দিন আহমদ বলেন, জুলাইয়ের প্রশ্নে সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে। জুলাইয়ের চেতনা বাস্তবায়ন এবং আর্থিক সক্ষমতা অর্জনের জন্য সরকারকে সময় দেওয়ার আহ্বান জানান তিনি। তিনি আরও বলেন, আন্দোলনের সময় প্রধানমন্ত্রী তারেক রহমান ও তিনি বিদেশে নির্বাসিত ছিলেন। তবে তারা নির্বাসনে না থাকলে হয়তো আন্দোলন সফল হতো না। কারণ, তারা শিক্ষার্থীদের অরাজনৈতিক আন্দোলনের নেপথ্যে সহযোগিতা করেছেন এবং রাজনৈতিক ও অরাজনৈতিক সব মানুষকে ঐক্যবদ্ধ করেছেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, জুলাইয়ের চেতনা নিয়ে কোনও ধরনের ব্যবসা বা রাজনৈতিক ফায়দা তোলার সুযোগ নেই। এ নিয়ে ব্যবসা কাম্য নয়। কারণ, অতীতে কোনও চেতনার ব্যবসাই ভালো কিছু বয়ে আনেনি। তাই এই চেতনাকে রাজনীতির ঊর্ধ্বে রেখে দেশের কল্যাণে কাজে লাগাতে হবে। তিনি বলেন, জুলাইয়ের স্বপ্ন ও চেতনাকে

ধারণ করে সামনের দিকে এগিয়ে যেতে হবে। এই চেতনার বাস্তবায়নের মাধ্যমেই দেশ কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাবে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ আসাদ)

## বাংলাদেশ কী পাবে, তার ওপর ঠিক হবে প্রত্যেক দেশের সঙ্গে সম্পর্ক : পররাষ্ট্র প্রতিমন্ত্রী

চীন, ভারত, রাশিয়াসহ বিশ্বের প্রভাবশালী দেশগুলোর সঙ্গে বাংলাদেশের কৌশলগত সম্পর্ক জাতীয় স্বার্থ ও পারস্পরিক লাভের ভিত্তিতেই নির্ধারিত হবে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। তিনি বলেন, কোনো দেশের পক্ষে বা বিপক্ষে অবস্থান নয়, বরং 'কৌশলগত ভারসাম্য' বজায় রেখেই বর্তমান সরকার পররাষ্ট্রনীতি পরিচালনা করছে। শনিবার সকালে গবেষণাপ্রতিষ্ঠান বাংলাদেশ রিসার্চ অ্যানালাইসিস অ্যান্ড ইনফরমেশন নেটওয়ার্ক আয়োজিত 'পরিবর্তিত বিশ্বব্যবস্থায় বাংলাদেশের পররাষ্ট্রনীতি' শীর্ষক গোলটেবিল আলোচনায় এসব কথা বলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী। রাজধানীর কারওয়ান বাজারে প্রথম আলো কার্যালয়ে এ আলোচনা অনুষ্ঠিত হয়। শামা ওবায়েদ বলেন, 'প্রত্যেকটা দেশের সঙ্গে আমাদের কৌশলগত সম্পর্ক নির্ধারণ করবে পারস্পরিকভাবে আমরা কী পাচ্ছি, বাংলাদেশের মানুষ কী পাচ্ছে—সম্পূর্ণ ওই সিদ্ধান্তের ভিত্তিতে।' তিনি বলেন, প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার পররাষ্ট্রনীতির ধারাবাহিকতায় বর্তমান প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে 'বাংলাদেশ ফার্স্ট' নীতি বাস্তবায়ন করা হচ্ছে। অন্ধভাবে কোনো দেশের পক্ষে বা বিপক্ষে না গিয়ে সম্পূর্ণ কৌশলগত ভারসাম্য বজায় রেখেই পররাষ্ট্রনীতি পরিচালিত হচ্ছে।(রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ আসাদ)

## বিনিয়োগ বাড়াতে মার্কিন উদ্যোক্তাদের প্রতি আহ্বান মাহদী আমিনের

বাংলাদেশে আরো বেশি বিনিয়োগ করতে মার্কিন উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন। শনিবার (৪ জুলাই) ঢাকায় আমেরিকান চেম্বার অব কমার্স ইন বাংলাদেশ (অ্যামচেম) এবং ঢাকায় যুক্তরাষ্ট্র দূতাবাস আয়োজিত যুক্তরাষ্ট্রের স্বাধীনতার ২৫০ বছর পূর্তি উপলক্ষে এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, বিদেশি বিনিয়োগ আকর্ষণে সরকার সমান সুযোগ নিশ্চিত, নীতিগত স্থিতিশীলতা বজায় রাখা এবং ব্যবসা-বান্ধব পরিবেশ গড়ে তুলতে কাজ করছে। মাহদী আমিন বলেন, অর্থনৈতিক প্রবৃদ্ধির প্রধান চালিকাশক্তি হিসেবে সরকার বেসরকারি খাতকে গুরুৎব দেয়। বিনিয়োগ সহজ করতে প্রয়োজনীয় সব ধরনের নীতিগত সহায়তা দেওয়া হবে। তিনি বলেন, স্বচ্ছতা, জবাবদিহি, সুশাসন ও আইনের শাসন নিশ্চিতের মাধ্যমে বিদেশি বিনিয়োগকারীদের আস্থা ফিরিয়ে আনতে সরকার কাজ করছে।বৃহৎ অভ্যন্তরীণ বাজার, তরুণ কর্মশক্তি ও ক্রমবর্ধমান মধ্যবিত্ত শ্রেণির কারণে বাংলাদেশে বিনিয়োগের উল্লেখযোগ্য সম্ভাবনা রয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৭.২০২৬ আসাদ)

## জুলাই হত্যাকাণ্ডে দায়ী তাদের বিচার করা হবেঃ প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, তার ও তার পরিবার এবং দেশের মানুষের ওপর বিগত ১৭ বছরে যে অবিচার করা হয়েছে—আল্লাহ তাকে এখন সেই সবের প্রতিশোধ নেওয়ার ক্ষমতা দিয়েছেন। কিন্তু তিনি প্রতিশোধ নিতে চান না। তিনি জানান, তার দায়িত্ব দেশ কে ঐক্যবদ্ধ করা। প্রধানমন্ত্রী বলেছেন , আমি ১৭ বছর আগে দেশ ছেড়ে চলে যেতে বাধ্য হয়েছিলাম। দেশে ফিরে এসে আমার অনেক সহকর্মীকে পাইনি। আমার ছাত্রদলের অনেককে আমি রেখে গিয়েছিলাম। তাদের অনেককে পাইনি। অনেকে পৃথিবী ছেড়ে চলে গেছেন। তিনি বলেন, যারা জুলাই হত্যাকাণ্ডে দায়ী তাদের বিচার করা হবে। বিচারের নামে যেন অবিচার না হয় —সেটিও লক্ষ রাখতে হবে। সময় নিয়ে হলেও যে হত্যাকারী তার সঠিক বিচার নিশ্চিত করা হবে। (রেডিও টুডে ওয়েব পেজ: ০৪.০৭.২০২৬ এলিনা)

## 'তারেক রহমানকে ১০ বছর সময় দিতে হবে, কোনো কথা চলবে না'

২০২৪ সালের জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানে আহত ও নিজেকে 'জুলাই যোদ্ধা' হিসেবে পরিচয় দেওয়া মোহাম্মদ শাহিন মালু বলেছেন, দেশের মানুষ যদি দেশকে ভালোবাসে, তাহলে প্রধানমন্ত্রী তারেক রহমানকে ১০ বছর সময় দিতে হবে, এ নিয়ে কোনো কথা চলবে না। শনিবার রাজধানীর আগারগাঁওয়ের বাংলাদেশ -চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে জুলাই - আগস্ট গণঅভ্যুত্থান , শোক ও বিজয়ের বর্ষপূর্তি উপলক্ষে আয়োজিত 'জুলাই জাতীয় সম্মেলন -২০২৬'-এ আহত পরিবারের প্রতিনিধি হিসে বে বক্তব্য দিতে গিয়ে তিনি এসব কথা বলেন। শাহিন মালু বলেন , 'আমরা আজ বিদেশের মাটিতে কাজ করতে যাই। তারেক রহমানকে ১০ বছর সময় দেন , বিদেশ থেকে মানুষ আমাদের দেশে এসে কাজ করবে।' এ সময় তিনি অভিযোগ করেন , অন্তর্বর্তীকালীন সরকার জুলাই -আগস্টের আন্দোলনে বিএনপিপন্থী আহত ও নিহতদের প্রতি ভিন্ন দৃষ্টিভঙ্গি পোষণ করত। তিনি দাবি করেন , বিএনপিকে ভালোবাসতে গিয়ে তিনি সব হারিয়েছেন। '১৭ বছর কষ্ট করেছি , তারপরও দলের দিকেই তাকিয়ে আছি। আমাদের ভালো কিছু দেওয়া হয় না। কিন্তু হাসনাত আব্দুল্লাহ ও সার্জিস আলম কোটি কোটি টাকার মালিক হয়েছেন ,' বলেন তিনি। নিজের হাঁটার ক্রাচ দেখিয়ে শাহিন মালু বলেন, 'আমরা এখনো এই ক্রাচের ওপর ভর করেই চলছি। ' জিয়া পরিবার দেশের জন্য সবচেয়ে বেশি ত্যা গ স্বীকার করেছে বলেও মন্তব্য করেন তিনি। শাহিন মালু বলেন , 'দেশকে ভালোবাসতে গিয়ে জিয়া পরিবার সবচেয়ে ক্ষতিগ্রস্ত হয়েছে। দেশের মা নুষকে ভালো রাখতে গিয়ে তারেক রহমান ১৭ বছর দেশে ফিরতে পারেননি। আমি শুধু একটি কথাই বলব, দেশ যদি ভালো চান, তাহলে তারেক রহমানের দিকে তাকাতে হবে।'

(রেডিও টুডে ওয়েব পেজ: ০৪.০৭.২০২৬ এলিনা)

## রাজনৈতিক দল হিসেবে আওয়ামী লীগের বিচার হবে: স্বরাষ্ট্রমন্ত্রী

সন্ত্রাসী কর্মকাণ্ডের অভিযোগে নিষিদ্ধ আওয়ামী লীগকে রাজনৈতিক দল হিসেবে আইনের আওতায় এনে বিচার করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। শনিবার রাজধানীর বাংলাদেশ -চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে আয়োজিত জুলাই জাতীয় সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বিদেশে অবস্থান করে পতিত স্বৈরাচার ও তাদের সহযোগীরা দেশের স্থিতিশীলতা বিনষ্ট এবং গণতান্ত্রিক সরকারের বিরুদ্ধে নানা ধরনের ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। এসব অপতৎপরতার বিরুদ্ধে সরকার সতর্ক রয়েছে। তিনি বলেন, আইন অনুযায়ী আওয়ামী লীগের বিচার নিশ্চিত করা হবে এবং এ বিষয়ে প্রয়োজনীয় প্রক্রিয়া চলমান রয়েছে। জুলাই আন্দোলনের প্রসঙ্গ তুলে সালাহউদ্দিন আহমদ বলেন, জুলাইয়ের স্বপ্ন ও চেতনাকে ধারণ করে দেশকে এগিয়ে নিতে হবে। সেই চেতনার বাস্তবায়নের মধ্য দিয়েই বাংলাদেশ কাঙ্ক্ষিত উন্নয়ন ও অগ্রগতির পথে এগিয়ে যাবে।

(রেডিও টুডে ওয়েব পেজ: ০৪.০৭.২০২৬ এলিনা)

## জুলাই অভ্যুত্থানের অর্জন একক ব্যক্তি-গোষ্ঠীর নয় : প্রধানমন্ত্রী

জুলাই অভ্যুত্থানের অর্জন একক কোনো ব্যক্তি বা গোষ্ঠীর নয়, এই অর্জন দেশের প্রতিটি গণতন্ত্রকামী মানুষের— এমন মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেছেন, স্বৈরাচারবিরোধী আন্দোলনে হতাহত সবাইকে রাষ্ট্র অবশ্যই মূল্যায়ন করবে। স্বৈরাচারের যথার্থ বিচার করা হবে উল্লেখ করে প্রধানমন্ত্রী আরও বলেন, 'কোনো বিভক্তি নয়, সবাইকে ঐকবদ্ধ থেকে দেশকে এগিয়ে নিতে হবে।' ২০২৪ সালের রক্তস্নাত জুলাই; টানা ৩৬ দিনের আন্দোলন এবং স্বৈরাচারের পতন। নিজেদের অধিকার আদায়ে প্রাণ দেয় শিশু -তরুণ, বৃদ্ধসহ সহস্রাধিক। আর এতেই তৈরি হয় নতুন বাংলাদেশ বিনির্মাণের এক ঐতিহাসিক মুহূর্ত। সেই গণঅভ্যুত্থানের দ্বিতীয় বর্ষপূর্তি উপলক্ষ্যে আজ (শনিবার, ৪ জুলাই) রাজধানীর চীন -মৈত্রী সম্মেলন কেন্দ্রে জুলাই জাতীয় সম্মেলনে অংশ নিয়ে এসব কথা বলেন প্রধানমন্ত্রী। সম্মেলনে প্রধানমন্ত্রী বলেন, 'গেলো ১৭ বছরে স্বৈরাচারবিরোধী আন্দোলনে হতাহতসহ, জুলাই গণঅভ্যুত্থানে হতাহত সবাই অবশ্যই রাষ্ট্রীয় মূল্যায়ন পাবে।' তিনি বলেন, '৫ আগস্টের অর্জন কোনো একক ব্যক্তি বা কোনো একক রাজনৈতিক দলের নয়। স্বৈরাচারের অবশ্যই বিচার হবে। তবে বিচারের নামে কোনো অবিচার করবে না বর্তমান সরকার।' কোনো বিভক্তি নয়, সবাই ঐকবদ্ধ থেকে নতুন বাংলাদেশ বিনির্মাণে কাজ করতে হবে—এমন আহ্বানও জানান প্রধানমন্ত্রী। এর আগে, সম্মেলনের শুরুতে বক্তব্য রাখেন চব্বিশের গণঅভ্যুত্থানের নিহতদের, স্বজনরা। প্রিয়জন হারানোর আর্তনাদে আশপাশ ভারী হয়ে উঠে। বজ্র কণ্ঠে দাবি উঠে নারকীয় সেই গণহত্যার দৃষ্টান্তমূলক শাস্তির। গণঅভ্যুত্থানে অংশ নেয়া আহতরা অভিযোগ করেন, জুলাইকে ব্যবহার করে একটি মহল নানা সুবিধা নিয়েছে। জুলাইকে পণ্য না ভেবে, ধারণ করার আহ্বান জানান তারা। এছাড়া এ সম্মেলনে স্বরাষ্ট্রমন্ত্রী আশুলিয়া, চাঙ্খারপুল, রামপুরা, উত্তরা, যাত্রাবাড়ীসহ ২৪ এর নারকীয় হত্যাকাণ্ডে সাজার বিষয়ে সরকারের অগ্রগতি তুলে ধরেন। তিনি বলেন, 'শিগগিরই সন্ত্রাসবিরোধী আইনে রাজনৈতিক দল হিসেবে আওয়ামী লীগের বিচার করা হবে।'

(রেডিও টুডে ওয়েব পেজ: ০৪.০৭.২০২৬ এলিনা)

## জুলাই চেতনা নিয়ে কোনো রাজনৈতিক ফায়দা না তোলার আহ্বান স্বরাষ্ট্রমন্ত্রীর

জুলাই বিপ্লবের স্বপ্নকে বাস্তবে রূপ দিতে দেশের জনগণকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। একই সঙ্গে, জুলাই চেতনা নিয়ে ব্যবসা না করার আহবান জানান তিনি। শনিবার (৪ জুলাই) রাজধানীর চীন মৈত্রী আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত জুলাই জাতীয় সম্মেলনে দেয়া বক্তব্যে তিনি এ আহ্বান জানান। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, জুলাইয়ের স্বপ্ন ও চেতনাকে ধারণ করে আমাদের সামনের দিকে এগিয়ে যেতে হবে। এই চেতনা বাস্তবায়নের মাধ্যমেই দেশ কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাবে। জুলাই চেতনা নিয়ে কোনো ধরনের ব্যবসায়িক বা রাজনৈতিক ফায়দা না তোলার আহ্বান জানিয়ে তিনি বলেন, জুলাই চেতনা নিয়ে ব্যবসা কাম্য নয়। কোনো চেতনারই ব্যবসা ভালো কিছু বয়ে আনে না। তাই এই চেতনাকে রাজনীতির ঊর্ধ্বে রেখে দেশের কল্যাণে কাজে লাগাতে হবে। পতিত স্বৈরাচারের ষড়যন্ত্রের বিষয়ে সতর্ক করে সালাহউদ্দিন আহমদ বলেন, "বিদেশে বসে গণতান্ত্রিক সরকারের বিরুদ্ধে নানামুখী ষড়যন্ত্র করছে পতিত স্বৈরাচার। তারা দেশের স্থিতিশীলতা নষ্ট করতে মরিয়া। শিগগিরই রাজনৈতিক দল হিসেবে আওয়ামী লীগকে বিচারের কাঠগড়ায় দাঁড় করানো হবে। আইন অনুযায়ী বিচার নিশ্চিত করা হবে। সম্মেলনে জুলাই আন্দোলনের গুরুত্ব এবং বর্তমান সরকারের লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে আলোচনা করা হয়। এ সময় বক্তারা দেশের গণতান্ত্রিক ধারাকে সমুন্নত রাখতে সবাইকে সজাগ থাকার আহ্বান জানান।

(রেডিও টুডে ওয়েব পেজ: ০৪.০৭.২০২৬ এলিনা)

## আ. লীগ বাংলাদেশে আর কোনোদিন রাজনীতি করতে পারবে না: স্বরাষ্ট্রমন্ত্রী

আওয়ামী লীগ রাজনৈতিকভাবে নির্মূল হয়েছে এবং দিল্লিতে দলটির দাফন হয়েছে বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। আজ (শনিবার, ৪ জুলাই) গণঅভ্যুত্থানের দ্বিতীয় বর্ষপূর্তি উপলক্ষে শনিবার রাজধানীর চীন - মৈত্রী সম্মেলন কেন্দ্রে জুলাই জাতীয় সম্মেলনে অংশ নিয়ে তিনি এ কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, 'শহিদের খতিয়ান

হাসপাতালগুলো রক্ষা করতে পারেনি। ডকুমেন্টস গায়েব করা হয়েছে। বেওয়ারিশ মরদেহ হিসেবে শহিদদের দাফন করা হয়েছে। তাই জাতিসংঘের রিপোর্ট ও বাংলাদেশের গেজেটে শহিদদের সংখ্যায় অমিল।' তিনি বলেন, 'মানবতাবিরোধী অপরাধে বিচারাধীন মামলা ২৭টি, ৭২টি মামলার তদন্ত প্রায় শেষ পর্যায়ে। গণহত্যার পরও শেখ হাসিনার অনুশোচনা নাই। জুলাই যোদ্ধাদের জঙ্গি তকমা দিচ্ছে, এর চেয়ে লজ্জার কিছু নাই। বিদেশে বসে গণতান্ত্রিক সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্র করছে।' সালাহউদ্দিন আহমদ বলেন, 'আওয়ামী লীগ রাজনৈতিকভাবে নির্মূল হয়েছে, দাফন হয়ে গেছে দিল্লিতে। আওয়ামী লীগ বাংলাদেশে আর কোনোদিন রাজনীতি করতে পারবে না। খুব শিগগিরই রাজনৈতিক দল হিসেবে আওয়ামী লীগকে বিচারের কাঠগড়ায় নিয়ে যাওয়া হবে।' তিনি বলেন, 'বিদেশে বসে গণতান্ত্রিক সরকারের বিরুদ্ধে নানা ষড়যন্ত্র করছে।' সালাহউদ্দিন আহমদ বলেন, 'তারেক রহমানের সঙ্গে আলাপ আলোচনা করে, নির্ঘুম রাত কাটিয়ে দলকে সংগঠিত করে। অরাজনৈতিক পরিচয়ে জুলাই আন্দোলনের পরিসমাপ্তি ঘটাতে সক্ষম হই। এটা পর্দার অন্তরালের কথা।' জুলাই গণঅভ্যুত্থানের সময় নিজের নির্বাসিত থাকার বিষয়ে তিনি বলেন, 'তারেক রহমান ও আমি নির্বাসিত না থাকলে হয়তো জুলাই গণঅভ্যুত্থান সফল হতো না। এটাই পর্দার অন্তরালের কথা।' তিনি আরও বলেন, 'আগামীর বাংলাদেশ বিনির্মাণে জাতির প্রত্যাশা অনেক, অর্থনৈতিক অবস্থা বিবেচনায় সবাইকে ধৈর্য ধারণ করতে হবে, সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে। সরকার তার পরিকল্পনা অনুযায়ী কাজ করছে।'(রেডিও টুডে ওয়েব পেজ: ০৪.০৭.২০২৬ এলিনা)

# BBC

**KEIKO FUJIMORI DECLARED WINNER OF PERU'S PRESIDENTIAL ELECTION WEEKS**

Right-wing candidate Keiko Fujimori has been declared the winner of Peru's tight presidential election, nearly a month after the vote took place. The 51-year-old won 50.135% of voters support in the runoff, held on 7 June, to 49.865% for left-wing candidate Roberto Sanchez - a margin of less than 50,000 votes, figures certified by Peru's electoral court show. It is the fourth time the daughter of disgraced former President Alberto Fujimori has sought the South American nation's presidency, promising this time to oversee a crackdown on organized crime. Her election, coinciding with the election of Abelardo de la Espriella in Colombia, marks a shift towards the right in Latin American politics. Fujimori said she would assume the role of president "with responsibility, humility and a deep sense of duty". (BBC News Web Page: 04/07/26, FARUK)

**LARGE CROWDS GATHER IN TEHRAN ON AYATOLLAH KHAMENEI'S FUNERAL**

Large crowds of black-clad mourners have gathered outside Tehran's main mosque to pay their respects to Iran's former supreme leader on the first day of his funeral comemorations. Ayatollah Ali Khamenei's body is currently lying in state at the Grand Mosalla, ahead of his eventual burial in his hometown of Mashhad next Thursday. Authorities expect 15-20 million people to attend the ceremonies across Iran and Iraq over the coming days, which take place more than four months after Khamenei was killed in US and israeli strikes. Masses of supporters of the Islamic regime turned out on Saturday morning, reportedly chanting slogans against the US and in support of revenge for the Ayatollah's killing.
(BBC News Web Page: 04/07/26, FARUK)

**THOUSANDS DEMAND ALBANIAN PM'S RESIGNATION**

First they protested about flamingos, now the crowd on the streets below Albanian Prime Minister Edi Rama's office has begun to chant about schools, jobs and living standards as well - and wants him to resign. The pink migratory birds became the symbol of Albania's nightly rallies because they flock to Narta Lagoon, a protected area near the coastal city of Vlora. A group of international investors - including US President Donald Trump's son-in-law, Jared Kushner - want to develop a luxury resort nearby, and the government has granted them "special investor" status. There's no planning permission yet and Rama's government says an environmental impact assessment has not even begun, but fencing and bulldozers have been seen on the site. (BBC News Web Page: 04/07/26, FARUK)

**POPE URGES EUROPE TO DO MORE WHILE VISITING GATEWAY ISLAND**

Pope Leo XIV has called on European leaders to rise to the "momentous challenge" of handling migration as he visited the Italian island of Lampedusa. The pontiff urged Europe to help new arrivals integrate better and improve conditions in their home countries, during a mass on the island, which receives tens of thousands of migrants a year. "Those who have lost their lives in this sea are victims both of decisions that were made and of decisions that were not made," the Pope said. Since becoming the head of the Catholic Church in May

2025, the Pope has repeatedly called for greater support for migrants and criticized anti-migrant policies. His trip comes two weeks after the EU approved tougher migrants rules that allow stricter border controls and broader detention powers.
(BBC News Web Page: 04/07/26, FARUK)

**POLISH PM WARNS CRITICAL MONTHS AHEAD IN FACE OF RUSSIAN THREAT**

Poland's prime minister has said the country was preparing for "various" scenarios and that the coming months could be "critical" concerning the threat from Russia. Donald Tusk was responding to reports, citing US intelligence, that Moscow was planning an armed "provocation" in Poland to test Nato's resolve. "I don't mean to scare anyone but the coming months may truly be critical, also due to the changing nature of the war. These concerns are particularly palpable in the Baltic states," Tusk told reporters on Friday. Polish news outlet Onet reported that sources close to President Karol Nawrocki had said the US had issued several warnings to Warsaw about a plot to attack the country. The White House and US State Department did not respond to the BBC's requests for comment. Under the purported plans, also published by the Telegraph in the UK on Friday, Polish infrastructure could be targeted by missiles or drones, or soldiers could be sent into the Nato state.
(BBC News Web Page: 04/07/26, FARUK)

**STAND-UP COMIC HELD FOR JOKES ABOUT ERDOGAN AND ISLAM IN TURKEY**

Stand-up comedian Deniz Goktas has been placed under arrest by a court in Istanbul after he was held at the city's main airport over a performance that has attracted 9.4m views on YouTube. Goktas is accused of"inciting hatred and hostility" in his stage routine, as well as insulting President Recep Tayyip Erdogan. He is the latest performer to be hot by a crackdown on dissent in Turkey that has also targeted campaigners, journalists and other public figures. In recent weeks, access to the social media accounts of numerous LGBT+ organizations and activists has been blocked, while more than 200 people have been detained ahead of next week's Nato leaders summit in the capital Ankara. Tens of thousands of security personnel are being deployed for the 7-8 July summit hosted by Erdogan where US President Donald Trump will meet his European counterparts and Ukraine's Volodymyr Zelensky. (BBC News Web Page: 04/07/26, FARUK)

**RUSSIA LOOKS TO STUDENTS TO MAKE UP FOR MOUNTING LOSSES IN UKRAINE**

The campaign to encourage students at universities, technical colleges and vocational schools to sign army contracts began early this year, as Russia sought to sustain its war effort into a fifth year. It has focused particularly on those struggling academically or considering taking a break from their studies. Drone units have been presented as a more elite and technically advanced path through the war. Averin grew up in an orphanage in eastern Siberia until he was taken into foster care aged 11. By the time he was recruited into the army he was in his final year at the Buryat Republican Technical School of Construction. Early in April, he called his foster mother to say he was being sent somewhere "with no phone signal", and that she should not worry. A week later, on 8 April, she learned he had been killed in a mortar strike near Russian-occupied Luhansk in eastern Ukraine.
(BBC News Web Page: 04/07/26, FARUK)

**UKRAINE HITS MAJOR OIL TERMINAL IN RUSSIA'S ST PETERSBURG**

A major oil terminal in Russia's second city of St Petersburg in the north-west was struck overnight by Ukraine, President Volodymyr Zelensky has said. He described it as key "infrastructure that generates revenue for Russia's war". Ukraine also said a major Russian naval base in the region was hit. St Petersburg Governor Aleksandr Beglov said the city was under a "massive" drone attack, admitting the oil terminal was hit. He reported no casualties. Ukraine has recently intensified its long-range drone attacks on Russia's critical energy infrastructure, causing widespread fuel shortages. Kyiv says nearly 43% of Russia's oil refining capacity has been "disabled" as a result. The claim has not been independently verified. Ukraine says Russian oil and gas facilities are legitimate targets as Moscow relies heavily on fossil fuel exports to continue its war effort. Russian President Vladimir Putin launched a full-scale invasion of Ukraine in February 2022.
(BBC News Web Page: 04/07/26, FARUK)

**ROW AFTER INDIAN STATE DROPS EGGS FROM SCHOOL LUNCH MENU**

Eggs or no eggs? This question has dominated Indian social media and headlines after the eastern state of West Bengal announced last week that eggs would be replaced with vegetarian alternatives in some government school lunches as part of a pilot project. The scheme, better known as the midday meal programme, provides free cooked lunches to children in government and government-aided schools. For millions of underprivileged children, it is the most nutritions - and sometimes only - meal they eat all day. The scheme has long been credited with improving nutrition, reducing hunger and encouraging children to stay in school. The row erupted after West Bengal's recently elected Bharatiya Janata Party (BJP) government said meal preparation for schools run by the Kolkata Municipal Corporation would be handed to International Society for Krishna Consciousness (Iskcon), the Hindu group best known as the Hare Krishna movement. Meals will be prepared by Iskcon's Annamitra Foundation, which serves only vegetarian food, replacing eggs with other sources of protein, an Iskcon official said last week.
(BBC News Web Page: 04/07/26, FARUK)

**SAUDI-LED COALITION PLEDGES 'UNPRECEDENTED' FORCE AGAINST HOUTHI**

The Saudi-led coalition supporting Yemen's internationally recognized government says it will respond with "unprecedented determination and force" to any attempt to target the kingdom or violate Yemeni sovereignty. This followed earlier threats from the Houthi movement and the arrival of an Iranian civilian flight in Yemen's Houthi-controlled capital, Sanaa. In a statement released on Saturday, coalition spokesperson Major-General Turki al-Maliki dismissed recent Houthi threats against Saudi Arabia as an attempt to divert attention from the group's actions against the Yemeni people. He accused the Iran-aligned movement of seeking to export economic hardships it has caused and to deflect from domestic political and social challenges. (BBC News Web Page: 04/07/26, FARUK)

# ::THE END::